আ'তিয়্যা আস সাদী (রা) থেকে বর্ণিত । তিনি বলেন, রাসূল (স) বলেছেন: কোন ব্যক্তি পাপ কাজে জড়িয়ে পড়ার ভয়ে (বাহ্যত) যেসব কাজে গুনাহ নেই (অথচ যাতে পাপ কাজে জড়িয়ে পড়ার আশঙ্কা রয়েছে) তা পরিত্যাগ না করা পর্যন্ত আল্লাহভীরু লোকদের শ্রেনীভুক্ত হতে পারবে না ।

(তিরমিযী ও ইবনে মাজাহ)

$$\text{Safety factor} = \frac{\text{Breaking Tension}}{\text{Working Tension}}$$

$$= \frac{2540 \times 3.225}{2740.45} = 3 \text{ (Ans.)}$$

৩। নদীর দুই তীরে অবস্থিত দুটি টাওয়ার এর উচ্চতা যথাক্রমে 30m এবং 90m মাধ্যমে একটি Transmission লাইন টানা হয়েছে। টাওয়ার দ্বয়ের মধ্যে আনুভূমিক দুরত্ব 500m । যদি টান 1600kg প্রতি মিটার পরিবাহীর ওজন 1.5kg হয় তবে নদীর মধ্যবর্তী স্থানে পানির তল হতে পরিবাহী কত উপরে থাকবে।



সমাধান

দেওয়া আছে,

$P_1 = 30m$

$P_2 = 90m$

$l = 500m$

$W = 1.5kg$

$T = 1600kg$

$H = ?$

এখানে, $X_1 + X_2 = 500$.....(i)

আমরা জানি, $S_1 = \frac{wx^2_1}{2T}$ .....(ii)

$S_2 = \frac{wx^2_2}{2T}$ .....(iii)

(ii) এবং (iii) বিয়োগ করে পাই,

$$S_2 - S_1 = \frac{w}{2T}(X^2_2 - X^2_1)$$

$$90 - 30 = \frac{w}{2T}(X_2 + X_1)(X_2 - X_1)$$

$$60 = \frac{1.5}{2 \times 1600}(500)(X_2 - X_1)$$

$$(X_2 - X_1) = 256m \text{.....(iv)}$$

(iii) নং এবং (ii) নং হতে পাই,

$X_1 + X_2 = 500$

$X_2 - X_1 = 256m$

$X_2 = 378m$

$\therefore X_1 = 122m.$

$$X = \frac{l}{2} - X_1 = \frac{500}{2} - 122 = 128m$$

$$S_{mid} = \frac{wx^2}{2T} = \frac{1.5 \times 128^2}{2 \times 1600} = 7.68m$$

$$S_2 = \frac{wx_2{}^2}{2T} = \frac{1.5 \times 378^2}{2 \times 1600} = 66.98m$$

মধ্যবিন্দু P পানির তল হতে পরিবাহীর উচ্চতা

$H = P_2 - S_2 + S_{mid}$

$= 90 - 66.97 + 7.68$

$= 30.7m$ (Ans.)

অতিরিক্ত প্রশ্ন ঃ

১) জেনারেটিং স্টেশন কি?

২) Overhead system ও Underground system এর মধ্যে পার্থক্য লিখ।

৩) Solid conductor এর চেয়ে Stranded conductor এর করোনা বেশি কেন?

৪) Transmission line earth করা হয় কেন?

৫) দীর্ঘ cross arm ব্যবহার করা হয় না কেন?


৬) High voltage Transmission এ conductor হিসেবে aluminium ব্যবহার করা হয় কেন?

৭) Underground system এর সুবিধা ও অসুবিধা লিখ। **[DUET: 06-07]**

নিজে কর

১। 132kv Transmission লাইনের নিম্নলিখিত তথ্যাবলী দেয়া হল। প্রতি কিলোমিটার পরিবাহীর ওজন 680kg, Span Length 260m, পরিবাহীর সর্বোচ্চ পীড়ন 3100kg, Safety factor 2 এবং ভূমি হতে পরিবাহীর সর্বনিম্ন দুরত্ব 10m হলে ভূমি হতে কতটুকু উপরে টাওয়ার এ পরিবাহী লাগাতে হবে? উত্তরঃ 13.7m

২। একটি ট্রান্সমিশন লাইনের Span দৈর্ঘ্য 225 মিটার এবং 100m তারের ওজন 75kg। লাইন পরিবাহীর প্রস্থচ্ছেদ 3.1 বর্গসেন্টিমিটার এবং সর্বোচ্চ Breaking Stress 1250kg/cm. লাইনটি বরফ দ্বারা আবৃত। প্রতি মিটারের উপর



W_i = প্রতি একক মিটার conductor এর উপর বরফের ওজন।

W = প্রতি একক মিটার conductor এর ওজন।

W_w = প্রজেকটেড এরিয়ার উপর বাতাসের চাপ।

$$\therefore W_t = \sqrt{(W+W_i)^2+W_w^2}$$

$$S = \frac{Wl^2}{2T}$$


$$\theta = \tan^{-1}\left(\frac{W_w}{W+W_i}\right)$$

উলম্ব স্যাগ (Vertical Sag) $= S\cos\theta$

সমস্যাবলী

১। একই সমতলে অবস্থিত দুটি বৈদ্যুতিক টাওয়ারের মধ্যে দূরত্ব 250m। পরিবাহীর ব্যাস 1.42cm ও পরিবাহীর চারদিকে সমভাবে 1.25cm পুরু বরফ জমা আছে। পরিবাহীর প্রতি মিটারের ওজন 1.09kg. প্রতি বর্গমিটার তারে 37.8 kg বাতাসের চাপ কার্যকরী এবং প্রতি বর্গ সেন্টিমিটারে সর্বোচ্চ কার্যকারী পিড়ন 1050kg. প্রতি ঘন মিটার বরফের ওজন 913.50kg .তবে স্যাগ নির্ণয় কর।

সমাধানঃ



দেওয়া আছে,

$l = 250m$

$d = 1.42cm = 0.0142m$

$W = 1.09kg/m$

$P = 37.8kg/m^2$

$T = 1.25cm = 0.0125m$

$W_w = P\times(d+2t)\times l$

$= 37.8\times(.0142+2\times0.0125)\times 1$

$= 1.48\ kg/m$

$$W_i = \rho\times\frac{\pi}{4}\{(d+2t)^2-d^2\}\times l$$

$$= 913.50\times\frac{\pi}{4}\{(0.0142+2\times0.0125)^2-0.0142^2\}\times1$$

$= 0.957kg/m$

$$W_t = \sqrt{W_w^2+(W_i+W)^2}$$

$$= \sqrt{1.48^2+(0.957+1.09)^2}$$

$= 2.52kg.$

কার্যকারী টান = কার্যকারী পীড়ন × ক্ষেত্রফল

$$= 1050\times\frac{\pi}{4}(1.42)^2$$

$= 1662kg.$

$$\therefore \text{নির্ণেয় সেগ} = \frac{wl^2}{8T}$$

$$= \frac{2.52\times(250)^2}{8\times1662}$$

$= 11.84m$ **(Ans.)**

২। একটি ট্রান্সমিশন লাইনের Span দৈর্ঘ্য 214m Conductor এর প্রস্থচ্ছেদ ক্ষেত্রফল $3.225cm^2$. সেফটি ফ্যাক্টর নির্ণয় কর। যাহার নিম্নলিখিত তথ্যগুলো দেওয়া আছে

Vertical Sag = 2.35m

Wind pressure =1.5kg/m.

Breaking stress = $2540kg/cm^2$

এবং Conductor এর ওজন = 1.125kg/m.

সমাধানঃ

এখানে,

$l = 214m$, $W = 1.125kg$, $W_w = 1.5kg$

$$\therefore W_t = \sqrt{W^2+W_w^2}$$

$$= \sqrt{(1.125)^2+(1.5)^2}$$

$= 1.875kg.$

Breaking tension = Breaking stress × Conductor area.

$$= 2540\times3.225$$

$$S_{vertical} = \frac{wl^2}{8T}\cos\theta \qquad \cos\theta = \frac{W}{W_t}$$

$$2.35 = \frac{1.875\times214^2}{8T}\times0.6 \qquad = \frac{1.125}{\sqrt{1.5^2+1.125^2}}$$

$T = 2740.45kg.$ $= 0.6$

We know,

বেশি হবে। Conductor এর ওজন যত কম হবে sag তত কম হবে।


$$\therefore \text{ Sag, } S = \frac{Wl^2}{8T}$$

৮। Transmission line এ খুব কম অথবা বেশি ঝুল হওয়া বাঞ্ছনীয় নয় কেন?

উত্তরঃ Transmission line এ sag থাকা উচিত তবে খুব কম বা বেশি থাকা বাঞ্ছনীয় নয়। কারন খুব কম হলে conductor এর উপর টান বেশি থাকে এবং শীতকালে conductor এর সংকোচনের কারনে ছিঁড়ে যেতে পারে। আবার ঝুল বেশি হলে line এর ওজন বেশি হলে এর জন্য শক্তিশালী support লাগে। sag বেশি হলে বাতাসের চাপ ও ঝড়ো হাওয়ার জন্যে দোল খেয়ে conductor ছিঁড়ে যেতে পারে বা short circuit হতে পারে। এজন্য উভয় দিক বিবেচনা করে conductor এর sag সুনির্দিষ্টমানে রাখা হয়।

৯। সমান উচ্চতার সাপোর্টের ক্ষেত্রে ঝুল নির্ণয় কর।

উত্তরঃ



মনে করি,

l = সাপোর্ট দ্বয়ের মধ্যবর্তী দূরত্ব।

O = Conductor এর সর্বনিম্ন বিন্দু।

W = প্রতি একক ইউনিট Conductor এর ওজন

T = Conductor এর টান।

O সর্বনিম্ন বিন্দু, ধরাযাক একটি বিন্দু P(x,y)। কার্ভটি খুবই ক্ষুদ্র বলে আনুভূমিক প্রজেকশনে op =x যেখানে op একটি Straight লাইন।

O বিন্দুতে টেনশন T কার্যকর। O বিন্দুতে উলম্ব বল ও আনুভূমিক বল সমান।

∴ আমরা পাই,

$$T.y = WX \cdot \frac{X}{2}$$

$$y = \frac{WX^2}{2T}$$


যখন, $X = l/2$ তখন, $y = S$

$$S = \frac{w(l/2)^2}{2T} = \frac{wl^2}{8T}$$

$$\therefore S = \frac{wl^2}{8T}$$

১০। অসম উচ্চতার ক্ষেত্রে স্যাগ এর সূত্র নির্ণয় কর।

সমাধান ঃ



মনে করি, A ও B দুটি টাওয়ার অসমতলে অবস্থিত। পরিবাহীর সর্বনিম্ন বিন্দু O.

ধরি,

l = সাপোর্ট দ্বয়ের মধ্যেবর্তী দূরত্ব।

h = দুটো সাপোর্টের উচ্চতার পার্থক্য।

X_1 = ছোট সাপোর্ট হতে O বিন্দু পর্যন্ত দূরত্ব।

X_2 = বড় সাপোর্ট হতে O বিন্দু পর্যন্ত দূরত্ব।

T = পরিবাহীর টান।

W = একক দৈর্ঘ্যের পরিবাহীর ওজন।

$$S_1 = \frac{WX_1^2}{2T} \quad \text{.....(i)}$$

$$S_2 = \frac{WX_2^2}{2T} \quad \text{.....(ii)}$$

(ii) –(i) করে পাই,

$$S_2 - S_1 = \frac{WX_2^2}{2T} - \frac{WX_1^2}{2T}$$

$$h = \frac{W}{2T}(X_2^2 - X_1^2)$$

$$X_2 - X_1 = \frac{2Th}{wl} \quad \text{.....(iii)}$$

$X_2 + X_1 = l$ .....(iv)

(iii) ও (iv) সমাধান করে পাই,


$$2x_2 = l + \frac{2Th}{wl}$$

$$X_2 = l/2 + \frac{Th}{wl}$$

$$X_1 = l/2 - \frac{Th}{wl}$$

১১। পরিবাহীর উপর বরফ এবং ঝড়ের প্রভাব কি?

উত্তরঃ



৪। চার ইউনিটের একটি Insulator String এর প্রতি ইউনিটের নিজস্ব Capacitance, Shunt capacitance এর 10 গুন। (i) প্রত্যেক ইউনিটে মোট Voltge এর শতকরা কত ভাগ Voltage বণ্টন হবে (ii) String efficiency নির্ণয় কর।

উত্তর ঃ 19.76%, 21.74%, 25.88%, 32.61%, efficiency = 76.68%.

৫। 5 ইউনিটের একটি Insulator এর String 100kv লাইনে যুক্ত আছে। Shunt Capacitance এবং Self Capacitance এর অনুপাত 0.1 হলে নির্ণয় কর ঃ

(i) ইনস্যুলেটর এর Voltage বণ্টন।

(ii) String efficiency.

উত্তরঃ 13.85%, 15.37%,18.24%, 22.85%, 29.91%, efficiency = 66.85%

৬। একটি তিন ইউনিট বিশিষ্ট সাসপেনশন Insulator এবং প্রতি ইউনিটের Self Capacitance C এবং Shunt Capacitance 0.15F. এ ছাড়া গার্ড রিং থেকে প্রতি ইউনিটের ধাতব ফিটিংসের মধ্যে Capacitance 0.1F হয় তবে শতকরা হিসাবে প্রতি ইউনিটের আড়াআড়ি Voltage এবং String efficiency নির্ণয় কর।

উত্তর ঃ 32.6%, 30.7%, 36.5%
efficiency = 91.32%

"তারা এমন লোক, যাদেরকে আমি যমীনে ক্ষমতা দান করলে নামায কায়েম করবে, যাকাত দেবে, সৎকাজের আদেশ এবং অসৎ কাজের নিষেধ করবে। আর সব বিষয়ের চূড়ান্ত পরিণতি আল্লাহর হাতে"

(সূরা হজ্জ-৪১)

স্যাগ (Sag)

১। সেগ বলতে কি বুঝ?

উত্তরঃ দুইটি Tower বা পোলের যে বিন্দুতে তার টানা বা সংযোগ করা হয় সেই বিন্দু দু'টির সংযোজনকারী আনুভূমিক কাল্পনিক রেখা হতে তারের সর্বোচ্চ ঝুলে পড়া বিন্দু পর্যন্ত দূরত্বকে স্যাগ বলা হয়।

২। স্প্যান কি?

উত্তরঃ দুটি Tower বা পোলের মধ্যবর্তী আনুভূমিক দূরুত্বকে Span বলা হয়।

৩। সেফটি Factor কাকে বলে?

উত্তরঃ আলটিমেট বা Breaking Stress এবং working stress এর অনুপাতকে সেফটি factor বলা হয়।

$$\text{Safety factor} = \frac{\text{Breaking Stress}}{\text{Working Stress}}$$

৪। কি কি factor এর উপর sag নির্ভর করে?

উত্তরঃ নিম্নলিখিত factor এর উপর Sag নির্ভর করে ঃ

১। কন্ডাকটরের ওজন।
২। স্প্যানের দৈর্ঘ্য।
৩। কার্যকারী টান।
৪। তাপমাত্রা।
৫। Conductor ঝুলনে ঝড় ও বরফের প্রভাব।

৫। Sag মাপার পদ্ধতিগুলো লিখ।

উত্তরঃ Sag মাপার পদ্ধতিগুলো হল

ক) Dynamometer এর সাহায্যে
খ) wave/ তরঙ্গের সময় মেপে
গ) Sag বোর্ডের সাহায্যে

৬। সংজ্ঞা লিখঃ

ক) Working Tension

খ) Breaking Tension

উত্তরঃ Working Tension: সর্বোচ্চ যে পরিমান বল প্রয়োগে conductor স্বাভাবিক অবস্থায় কাজ করতে পারে তাকে Working Tension বলে।

Breaking Tension: সর্বনিম্ন যে পরিমাণ বল প্রয়োগে conductor স্বাভাবিকভাবে কাজ করে না অর্থাৎ ছিড়ে যায় তাকে Breaking Tension বলে।

৭। Transmision line এ sag এর প্রয়োজন কেন?

উত্তরঃ Conductor এর ওজনের সাথে Sag এর সম্পর্ক সমানুপাতিক, সুতরাং Conductor এর ওজন যত বেশি sag তত

k এর মান (ii) নং সমীকরন এ বসাই,

$$V_2 = (1+k)V_1$$

$$V_1 = \frac{V_2}{(1+k)} = \frac{11}{(1+0.1)} = 10kv$$

আমরা জানি, $V = V_1 + V_2 + V_3$

$= 10+11+13.1$


$= 34.1$ kv

$\therefore$ লাইন Voltage $= \sqrt{3} \times 34.1 = 59.06$ kv (Ans)

৩। চার ইউনিট বিশিষ্ট String এর মিউচুয়াল capacitance এর মান Shunt capacitance এর 5 গুন। নির্ণয় কর ঃ

(i) মোট Voltage এর শতকরা হারে String এ Voltage বিভাজন।

(ii) String efficiency.



সমাধান ঃ

আমরা জানি,

$$K = \frac{C_1}{C} = \frac{1 \times C_1}{5 \times C_1} = 0.2$$

$V_2 = V_1(1+k) = V_1(1+0.2) = 1.2V_1$

$V_3 = V_1(1+3k+k^2)$

$= V_1(1+3\times0.2+0.2^2)$

$= 1.64V_1$

$V_4 = V_1(1+6k+5k^2+k^3)$

$= V_1(1+6\times0.2+5\times0.2^2+0.2^3)$

$= 2.408\ V_1$

$V = V_1 + 1.2V_1 + 1.64V_1 + 2.408V_1$

$= 6.248V_1$

(i) V কে একক ধরে শতকরা হারে

$$V_1 = \frac{1}{6.248} \times 100 = 16\%$$

$V_2 = 1.2V_1 = 1.2\times16 = 19.2\%$

$V_3 = 1.64V_1 = 1.64\times16 = 26.24\%$

$V_4 = 2.408V_1\times16$

$= 2.408 \times 16 = 38.53\%$

(ii) String efficiency

$$= \frac{100}{4\times38.53} \times 100$$

$= 64.88\%$

[NB: ৫ টি String এর জন্য, $V_5 = (1+10K+15K^2+7K^3+K^4)V_1$]

নিজে কর

১। একটি 33kv over head লাইনে তিন ইউনিটের String আছে। প্রতিটি Insutator পিন ও আর্থের মধ্যবর্তী Capacitance ইনস্যুলেটর এর নিজস্ব ক্যাপাসিটেন্স এর 11% নির্ণয় কর ঃ-

(i) ইনস্যুলেটর তিনটির Voltage Distribution.

(ii) String efficiency.

উত্তর ঃ 5.52 kv,6.13 kv,7.4 kv, 85.8%

২। তিন ইউনিটের একটি ইনস্যুলেটর String এর প্রতি ইউনিটের নিরাপদ কার্যকারী Voltage 15kv। প্রতি ইউনিটের Self Capacitance এবং Shunt Capacitance এর অনুপাত 8:1। String এর সর্বোচ্চ নিরাপদ কার্যকরী voltage ও string efficiency নির্ণয় কর।

উত্তর ঃ 37.92kv, 84.25%

৩। একটি 3-φ ব্যবস্থায় লাইনে তিন ইউনিটের স্ট্রিং আছে। যদি লাইন ইউনিটের বিপরীত Voltage 17.5kv হয় তবে লাইন টু নিউট্রাল Voltage এবং String efficiency নির্ণয় কর। প্রতি Insulator ও আর্থর মধ্যবর্তী Shuat Capucitance ইনস্যুলেটর এর নিজস্ব Capacitance এর $\frac{1}{8}$ ভাগ।

উত্তর ঃ 44.25kv, 84.25%

$V_3 \omega C = V_2 \omega C + (V_1 + V_2) \omega C_1$

$V_3 \omega C = V_2 \omega C + (V_1 + V_2) K \omega C$

$V_3 = V_1 (1 + k) + V_1 K + (1 + k) k V_1$

$V_3 = (1 + 3k + k^2) V_1$.....(ii)

$\therefore V = V_1 + V_2 + V_3$

$= V_1 + V_1 (1 + k) + (1 + 3k + k^2) V_1$

$= (3 + 4k + k^2) V_1$

∴ String efficiency

$$\eta = \frac{V}{3 \times V_3} \times 100$$

$$= \frac{(3+4k+k^2)V_1}{3 \times (1+3k+k^2)} \times 100$$

$$= \frac{(3+4k+k^2)V_1}{3(1+3k+k^2)} \times 100$$

সমস্যাবলী

১। একটি 3-ϕ ওভার হেড লাইন তিন disc Insulator string এর সাহায্যে ঝুলানো আছে। স্ট্রিংয়ের সর্ব উপরে ও মাঝের ইউনিটের বিপরীত ভোল্টেজ যথাক্রমে 8kv এবং 11kv (i) প্রতি ইউনিটের Shunt capacitance এবং Self capacitance এর অনুপাত (ii) লাইন Voltage (iii) String efficiency নির্ণয় কর।

সমাধান ঃ

দেওয়া আছে,

$V_1 = 8kv$, $V_2 = 11kv$

আমরা জানি,

$$K = \frac{C_1}{C}$$

$V_2 = V_1 (1+k)$.....(i)

$V_2 = V_1 (1+k)$

$11 = 8(1+k)$

$k = 0.375$. (Ans.)


$V_3 = V_1 (1+3k+k^2)$

$= 8(1+3\times0.375+0.375^2)$

$= 18.125kv$

$V = V_1 + V_2 + V_3$

$= 8 + 11 + 18.125$



$= 37.125kv$

∴লাইন Voltage $= \sqrt{3} \times 37.125 = 64.3kv$

∴String efficiency $= \frac{V}{3 \times V_3} \times 100$

$$= \frac{37.125}{3 \times 18.125} \times 100$$

$= 68.28\%$

২। তিনটি Insulator দ্বারা ধারনকৃত একটি পরিবাহী লাইনের সবচেয়ে নিকটবর্তী Insulator এর বিপরীত Voltage 13.1kv এবং তার পরেরটির বিপরীত Voltage 11kv হলে লাইন ভোল্টেজ নির্ণয় কর।

সমাধান ঃ

দেওয়া আছে,

$V_3 = 13.1kv$

$V_2 = 11kv$

We know,

$V_3 = (1+3k+k^2) V_1$.....(i)

$V_2 = (1+k) V_1$.....(ii)

সমীকরন (i) নং (ii) নং ভাগ করে পাই,

$$\frac{V_3}{V_2} = \frac{(1+3k+k^2)V_1}{(1+k)V_1}$$

$$\frac{13.1}{11} = \frac{(1+3k+k^2)}{(1+k)}$$

$k = 0.1, -1.90$

k এর মান বিয়োগ বোধক হতে পারে না

$\therefore k = 0.1$

ইনসুলেটর

১। ওভার হেড লাইনে ব্যবহৃত ইনসুলেটর গুলো কি কি?

[DUET: 12-13]

উত্তর ঃ ইনসুলেটর গুলো হল ঃ

১) পিন টাইপ ইনসুলেটর

২) সাসপেনশন টাইপ ইনসুলেটর।

৩) স্ট্রেইন টাইপ ইনসুলেটর।

৪) শ্যাকল টাইপ ইনসুলেটর।

৫) পোস্ট টাইপ ইনসুলেটর।

৬) স্টে বা গাই টাইপ ইনসুলেটর।

২। ওভারহেড লাইনে ইনসুলেটর কেন ব্যবহৃত হয়? ইনসুলেটরের গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য গুলো লিখ।

[DUET: 09-10]

উত্তরঃ ইনসুলেটর ব্যাবহার করার জন্যই কোন লিকেজ কারেন্ট সাপোর্ট হতে আর্থে যেতে পারে না। এজন্য ইনসুলেটরগুলি ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশন লাইনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।

৩। ইনসুলেটরের কি কি গুনাগুন থাকা উচিৎ ?

[DUET: 09-10]

উত্তরঃ ইনসুলেটরের নিম্নলিখিত গুনাগুন থাকা উচিৎ

১। যান্ত্রিক ভাবে শক্ত ও মজবুত হওয়া উচিৎ।

২। উচ্চমানের বৈদ্যুতিক Resistance সম্পন্ন হওয়া উচিৎ।

৩। রিলেটিভ পারমিটিভিটি উচ্চমানের হওয়া উচিৎ।

৪। পাংচার Strength ও স্পার্ক ওভার Voltage এর অনুপাত উচ্চ মানের হওয়া উচিৎ।

৪। ইনসুলেটরের উপাদান কি কি?

উত্তর: i) চীনামাটি

ii) গ্লাস

iii) স্টিয়েটাইট

iv) পাইরেক্স

৫। ইনসুলেটরে কয় ধরনের টেষ্ট করা হয়।

উত্তর: তিন ধরনের i) Flash Over Test

ii) Sample Test or Performance Test

iii) Routine Test

৬। সেফটি ফ্যাক্টর কি?

উত্তরঃ Puncture Strength এবং Flash over voltage এর অনুপাতকে সেফটি ফ্যাক্টর বলা হয়।

$$\text{Safety factor} = \frac{Puncture\ strength}{Flashover\ voltage}$$

সেফটি ফ্যাক্টর এর মান 3 to 5 এর মধ্যে হয়ে থাকে।

৭। স্ট্রিং দক্ষতা কি?


উত্তরঃ স্ট্রিং এর মোট ভোল্টেজ এবং ডিস্কের সংখ্যা গুনীতক পরিবাহীর সমচেয়ে নিকটবর্তী ডিস্কের আড়াআড়িতে ভোল্টেজ এর অনুপাতকে স্ট্রিং দক্ষতা বলা হয়।

$$\text{স্ট্রিং দক্ষতা} = \frac{\text{voltage across the string}}{n \times \text{voltage across disc nearest to conductor}}$$

n = Number of disc's in the string

৮। স্ট্রিং দক্ষতা নির্ণয়ের সমীকরণ বাহির কর।

উত্তরঃ চিত্রে 3 ইউনিটের একটি স্ট্রিং এর সমতুল্য চিত্র দেখানো হয়েছে ঃ সেখানে C মিউচুয়াল ক্যাপাসিট্যান্স এবং C_1 শান্ট ক্যাপাসিটেন্স k হল উহাদের অনুপাত।



$$k = \frac{C_1}{C}$$

এখানে, $C > C_1$

এখানে, লাইন এবং আর্থের ভোল্টেজ V এবং ইনসুলেটর তিনটির বিপরীত ভোল্টেজ যথাক্রমে V_1, V_2, V_3.

$$\therefore V = V_1 + V_2 + V_3.$$

নোড A তে কারশফের current সূত্র প্রয়োগ করে পাই,

$$I_2 = I_1 + i_1$$

$$V_2 \omega C = V_1 \omega C + V_1 \omega C_1$$

$$V_2 \omega C = V_1 \omega C + V_1 \omega KC$$

$$V_2 = (1+k)V_1 \ldots\ldots\ldots\ldots (i)$$

নোড B তে কারশফের কারেন্ট সূত্র প্রয়োগ করে পাই,

$$I_3 = I_2 + i_2$$

৫) ভঙ্গুর (Brittle) হওয়া চলবে না।

৬) তারকে অবশ্যই আর্দ্রতা ও মরিচারোধী হতে হবে।

১৪। ওভার হেড লাইনে ব্যবহৃত Conductor গুলো কি কি?

উত্তর : Conductor গুলো হল :

1. Copper conductor.
2. Aluminium Conductor.
3. Steel cored Aluminium.
4. Galvanised steel.
5. Cadmium copper.

১৫। কপার পরিবাহীর বৈশিষ্ট্য গুলো কি কি?

উত্তর : কপার পরিবাহীর বৈশিষ্ট্য গুলো হল :

১। উচ্চ বিদ্যুৎ পরিবাহীতা সম্পন্ন।

২। উচ্চ টান সহন ক্ষমতা সম্পন্ন।

৩। আপেক্ষিক গুরুত্ব বেশী।

৪। দাম বেশী।

৫। এর আয়ুষ্কাল অনেক বেশী।

১৬। অ্যালুমিনিয়াম পরিবাহীর বৈশিষ্ট্য গুলো কিকি?

উত্তর : অ্যালুমিনিয়াম পরিবাহীর বৈশিষ্ট্য গুলো হল :

১। বিদ্যুৎ পরিবাহীতা তামার তুলনায় কম।

২। নিম্ন টান সহন ক্ষমতা সম্পন্ন।

৩। Low Specific gravity.

৪। দাম কম।

৫। একই আয়তনের তামার তারের তুলনায় অ্যালুমিনিয়ামের ওজন শতকরা ৩৩ ভাগ।

১৭। কপার ও অ্যালুমিনিয়াম পরিবাহীর মধ্যে তুলনা কর?

উত্তর: কপার ও অ্যালুমিনিয়াম পরিবাহীর পার্থক্য গুলো নিম্নে দেওয়া হল :

কপার পরিবাহী	অ্যালুমিনিয়াম পরিবাহী
১। বিদ্যুৎ পরিবহন ক্ষমতা বেশী।	১। বিদ্যুৎ পরিবহন ক্ষমতা তামার তুলনায় কম।
২। টান সহন ক্ষমতা বেশী।	২। টান সহন ক্ষমতা কম।
৩। আপেক্ষিক গুরুত্ব 8.9gm/cc.	৩। আপেক্ষিক গুরুত্ব 2.71gm/cc.
৪। সমান Resistance এর ক্ষেত্রে তামার তারের ব্যাস অ্যালুমিনিয়ামের চেয়ে কম।	৪। সমান Resistance সম্পন্ন তামার তারের তুলনায় অ্যালুমিনিয়ামের ব্যাস 1.27 গুন বেশী।
৫। তামার মূল্য অ্যালুমিনিয়াম এর তুলনায় অনেক বেশী।	৫। অ্যালুমিনিয়ামের মূল্য তামার তুলনায় অনেক কম।

লাইন সাপোর্ট

১। ওভার হেড লাইনে সাধারনত কি কি লাইন সাপোর্ট ব্যবহৃত হয়। উত্তর :

১। কাঠের পোল।

২। স্টিলের পোল।

৩। কংক্রিটের পোল।

৪। স্টিল টাওয়ার।

২। লাইন সাপোর্টের গুনাবলী গুলো কি কি?

উত্তর : লাইন সাপোর্টের নিম্ন লিখিত গুনাবলী থাকা উচিৎ :

১। যান্ত্রিক ভাবে শক্ত ও মজবুত হওয়া উচিৎ।

২। ওজনে হালকা হওয়া উচিৎ।

৩। দামে সস্তা হওয়া উচিৎ।

৪। দীর্ঘস্থায়ী হওয়া উচিৎ।

৫। রক্ষনাবেক্ষন খরচ কম হওয়া বাঞ্চনীয়।

"তিনি আল্লাহ! তিনি ছাড়া আর কোনো ইলাহ নাই। তিনি চিরঞ্জিব ও চিরস্থায়ী"

(সূরা বাকারা-২৫৫)

৪। Flash-over voltage কি?

উত্তরঃ যদি voltage বাড়ানো হয় তবে বাতাসের ডাই ইলেকট্রিক স্ট্রেংথ নষ্ট হয়ে যায় এবং প্রচন্ড বিদ্যুৎ স্ফলকের সৃষ্টি করে। এই ভোল্টেজকে Flash-over voltage বলা হয়।

৫। DC তে Skin effect হয় না কেন?

উত্তরঃ যখন কোন Conductor এ DC current প্রবাহিত হয় তখন সমগ্র প্রস্থচ্ছেদ ব্যাপিয়া একই পরিমান current সমভাবে প্রবাহিত হতে থাকে। কিন্তু যদি উক্ত conductor এ ac current প্রবাহিত করানো হয় তবে current সমভাবে প্রবাহিত হবে না বরং conductor surface এ ঘনীভূত হতে থাকে এবং এই কারণে DC তে skin effect সৃষ্টি হয় না।

৬। কি কি বিষয়ের উপর স্কিন ইফেক্ট নির্ভর করে।
[DUET: 05-06]

উত্তরঃ সাধারনত যে সকল বিষয়ের উপর স্কিন ইফেক্ট নির্ভর করে তা হল ঃ

1. Conductor পদার্থের গুনগত মানের উপরঃ

যে সমস্ত পদার্থের Conductivity বেশী তাদের ক্ষেত্রে Skin effect বেশী হয়ে থাকে।

2. Conductor এর ব্যাসের উপরঃ

ব্যাস বৃদ্ধির সাথে সাথে Skin effet ও বৃদ্ধি পায়।

3. Frequency এর উপর ঃ

Frequency বৃদ্ধির সাথে সাথে Skin effet ও বৃদ্ধি পায়।

4. তাপমাত্রার উপরঃ

Solid conductor এর তুলনায় strandard conductor এ Skin effet কম হয়।

বিদ্রঃ সাপ্লাই ফ্রিকোয়েন্সি 50Hz এর কম হলে conductor এর ব্যাস (<1cm) ছোট তখন skin effect বিবেচনা করা হয় না।

৭। কি কি উপায়ে স্কিন ইফেক্ট কমানো যায়?

উত্তর ঃ

1. Conductor এর ব্যাসার্ধ কমিয়ে।
2. Non Magnetic পদার্থ ব্যবহার করে।
3. Stranded Conductor ব্যবহার করে।
4. Aluminium Conductor ব্যবহার করে।
5. ফাঁপা সিলিন্ডার আকৃতির Conductor ব্যবহার করে।

৮। প্রকসিমিটি ইফেক্ট কি?

উত্তরঃ যখন Current একটি পরিবাহী Conductor এর পাশে আর একটি কারেন্ট পরিবাহী Conductor থাকে। তখন এর Flux উক্ত পূর্বের Current পরিবাহী conductor এ সংশ্লিষ্ট হয়। এই Flux এর ফলাফল উভয় কন্ডাকটরের দূরবর্তী অর্ধাংশের চেয়ে নিকটবর্তী অর্ধাংশে বেশী দেখা দেয়। যার ফলে Conductor এর সমগ্র প্রস্থচ্ছেদ ব্যাপিয়া অসম কারেন্ট বন্টন হতে থাকে ও Skin effect এর ন্যায় Resistance ও বৃদ্ধি পায়। এই ঘটনাকেই প্রকসিমিটি effect বলে।

৯। Proximity effect এর কারনে কি হয়।

উত্তরঃ 1. Conductor এ অসম current বন্টনের সৃষ্টি হয়।
2. Resistance বৃদ্ধি পায়।

১০। Proximity effect কি কি বিষয়ের উপর নির্ভর করে।

উত্তরঃ Proximity effect নিম্ন লিখিত বিষয়ের উপর নির্ভর করে ঃ

1. Conductor পদার্থের উপর।
2. Conductor এর ব্যাসের উপর।
2. Frequency এর উপর।
4. permeability বা ভেদ্যতার উপর।
5. Conductor এর গঠন বা আকার প্রকারের উপর।

১১। কি কি উপায়ে Proximity effect কমানো যায়।

উত্তর ঃ 1. Conductor এর স্পেসিং বৃদ্ধি করে।
2. Strandard Conductor ব্যবহার করে।
3. Frequency Range কম রেখে।
4. Mechanical design of over head line's.

১২। ওভারহেড লাইনে প্রধান অংশ সমূহ কি কি?

উত্তর ঃ ওভার হেড লাইনে প্রধান অংশ সমূহ হলঃ

1. Conductor
2. Support
3. Cross arm
4. Insulator.
5. Guy and stay
6. lighting Arrestor
7. Fuse and isolating switching
8. Guard wire
9. Bird Guard
10. Danger plate
11. Anti-climbing wire etc.

১৩। Conductor পদার্থের গুনাবলী গুলো কি কি?

উত্তর ঃ গুনাবলী গুলো হল ঃ

১) উচ্চ বিদ্যুৎ পরিবাহীতা সম্পন্ন।
২) উচ্চ টান সহন ক্ষমতা সম্পন্ন।
৩) দাম কম।
৪) কম আপেক্ষিক গুরুত্ব সম্পন্ন।

উত্তরঃ করোনার সুবিধা সমূহ :

1. কন্ডাক্টরের ভার্চুয়াল (Virtual) বা ফলত ব্যাস বৃদ্ধি করে।
2. ট্রানজিয়েন্ট (Transient) ইফেক্টকে সীমিত রাখে।

অসুবিধা সমূহ :

1. Power অপচয় করে।
2. নিকটবর্তী Communication সার্কিটে Interference এর সৃষ্টি করে।
3. ওজন (O_3) গ্যাসের সৃষ্টি করে।

৭। ডিসরাপটিভ ক্রিটিক্যাল ভোল্টেজ কি?
[DUET: 11-12]

উত্তরঃ সর্বনিম্ন যে, ফেজ টু নিউট্রাল Voltage এ করোনা সংঘটিত হয় তাকে ডিসরাপটিভ ক্রিটিক্যাল Voltage বলা হয়। ইহাকে V_c দ্বারা প্রকাশ করা হয়।

$$g = \frac{v}{r\log_e d/r} \text{ V/cm}$$

৮। ভিজ্যুয়াল ক্রিটিক্যাল Voltage কি?
[DUET: 11-12]

উত্তরঃ সর্বনিম্ন যে ফেজ টু নিউট্রাল voltage এ করোনার আলো Conductor এর চারপার্শ্বে দৃশ্যমান হয় তাকে ভিজ্যুয়াল ক্রিটিক্যাল voltage বলা হয়। ইহাকে V_v দ্বারা প্রকাশ করা হয়।

$$V_v = m_v g_o \delta r \log_e \frac{d}{r}\left(1+\frac{0.3}{\sqrt{\delta r}}\right)$$

m_v = New/Another Irregularity factor.
= 1 for Polished Conductor.
= 0.72 to 0.82 for rough Conductor.

৯। করোনা পাওয়ার লস কি?

উত্তরঃ করোনা সংগঠিত হওয়ার কারণে যে এনার্জি লসের সৃষ্টি হয় তাকে করোনা পাওয়ার লস বলা হয়। ইহাকে P দ্বারা প্রকাশ করা হয়।

$$P = 242.2\left(\frac{f+25}{\delta}\right)\times\sqrt{\frac{r}{d}}\times(V-V_c)^2\times10^{-5}$$

kw/km/phase

এখানে,

f = সাপ্লাই ফ্রিকোয়েন্সি (Hz)
V = ফেজ টু নিউট্রাল voltage (r.m.s)
V_c = Critical Disruptive Voltage. (r.m.s) per phase

"তোমাদের মধ্যে যারা ঈমানদার আল্লাহ তা'আলা তাদের মর্যাদা বৃদ্ধি করে দেবেন এবং তাদেরকেও (বাড়িয়ে দিবেন) যাদেরকে ইলম দেওয়া হয়েছে। আর আল্লাহ তোমাদের কার্যকলাপ সম্পর্কে পূর্ণ অবগত আছেন"
(সূরা আল-মুজদালাহ -১১)

স্কিন ইফেক্ট

১। স্কিন ইফেক্ট কি? [DUET: 05-06]

উত্তরঃ স্কিন ইফেক্টঃ এসি বিদ্যুৎ প্রবাহ কোন পরিবাহীর মধ্যে দিয়ে প্রবাহিত হওয়ার সময় পরিবাহীর ভিতরে প্রবেশ না করে যে ধর্মের জন্য উপরিতল দিয়ে প্রবাহিত হতে চেষ্টা করে তাকেই স্কিন ইফেক্ট বলা হয়।

২। ট্রান্সমিশন লাইনে স্কিন ইফেক্ট এর প্রভাব গুলো কি কি?

উত্তরঃ স্কিন ইফেক্ট এর প্রভাব সমূহ হল :

1. লাইনে power loss হয়।
2. লাইনের ব্যাস বৃদ্ধি পেলে স্কিন ইফেক্ট ও বৃদ্ধি পায়।
3. Transmission লাইনে Conductor এর আকারের উপর স্কিন ইফেক্ট নির্ভর করে।
4. Conductor পদার্থের উপর নির্ভর করে।

৩। Puncture voltage কি?

উত্তরঃ যে voltage এ insulator এর insulation কে সম্পূর্ণ ভেঙ্গে ফেলতে পারে তাকে Puncture voltage বলা হয়।

খ) গ্রাউন্ড ক্লিয়ারেন্স এবং কন্ডাক্টর স্পেসিং বেশি রাখতে হবে। ফলে ক্রস আর্ম ও টাওয়ারের সাইজ আনুপাতিক হারে বৃদ্ধি পাবে।
গ) ট্রান্সমিশন ভোল্টেজ যত বেশি হবে, ট্রান্সফরমার ও অন্যান্য কন্ট্রোল ইকুইপমেন্টের সাইজও তত বাড়বে।

১৯। সর্বাপেক্ষা মিতব্যয়ী কার্যকরী ট্রান্সমিশন ভোল্টেজের সমীকরণ লিখ।

উত্তর: সমীকরণ,

$$V = 5.5\left\{\sqrt{\frac{km}{1.61} + \frac{Load\ in\ KVA}{150}}\right\}\ KV$$

ধরা যাক 50 km দীর্ঘ একটি ট্রান্সমিশন লাইন লোডে 500 KVA পাওয়ার সরবরাহ করছে। উক্ত লাইনে ইকোনোমিক্যাল ট্রান্সমিশন ভোল্টেজ হবে।

$$V = 5.5\left\{\sqrt{\frac{50}{1.61} + \frac{500}{150}}\right\}\ KV$$

$$\therefore V = 32.25\ KV$$

২০। কেলভিনের সর্বাপেক্ষা মিতব্যয়ী কন্ডাক্টর সাইজ নিরুপনে কেলভিনের সাইজ বিবৃতি কর।

উত্তর: লর্ড কেলভিন ১৮৮১ সালে সূত্রটি বিবৃতি করেন: "একটি ট্রান্সমিশন লাইনের বার্ষিক খরচ নূন্যতম রাখতে যে প্রস্থচ্ছেদের তার প্রয়োজন সে প্রস্থচ্ছেদই হবে সর্বাপেক্ষা মিতব্যয়ী।"

২১। একই কার্যকরী ভোল্টেজে ডিসিতে এসির তুলনায় কম ইনসুলেশনের দরকার হয় কেন?

উত্তর: যেহেতু একই কার্যকরী ভোল্টেজে ডিসি সিস্টেমে ইনসুলেশনের উপর বৈদ্যুতিক চাপ এসি অপেক্ষা $\frac{1}{\sqrt{2}}$ গুন কম, কাজেই ডিসিতে এসির তুলনায় কম ইনসুলেশন প্রয়োজন।

"প্রকৃত কথা এই যে, যারা পরকালকে মানে না তাদের জন্য আমি তাদের কাজকর্মকে চাকচিক্যময় বানিয়ে দিয়েছি। এই কারণে তারা বিভ্রান্ত হয়ে ফিরছে"

(সূরা নামল-৪)

করোনা

১। করোনা কি? [DUET: 05-06]

উত্তরঃ যখন দুটি কন্ডাকটরের স্পেসিং ব্যাসের তুলনায় বেশী অবস্থায় রেখে তাদের আড়া আড়িতে এসি Voltage প্রয়োগ করে ধীরে ধীরে বৃদ্ধি করা হয় তখন এক বিশেষ পর্যায়ে কন্ডাক্টরের চার পার্শের বাতাস আয়নিত হয় এবং বাতাসের ইনসুলেশন স্ট্রেস ভেঙ্গে যায়। এই অবস্থায় conductor এর চারদিকে হালকা অনুজ্জ্বল বেগুনী রশ্মি দেখা দেয়, হিস হিস শব্দ হয় এবং ওজন গ্যাসের সৃষ্টি হয় এই ঘটনাকেই করোনা বলা হয়।

২। করোনা কিভাবে সংগঠিত হয়।

উত্তরঃ দুটি conductor এর আড়াআড়িতে যখন ac supply প্রয়োগ করা হয় অর্থাৎ ধীরে ধীরে ac supply বাড়ানো হয় তখন এমন একটি পর্যায় আসে যখন conductor এর চারপাশের বাতাস আয়োনাইজড হয়ে যায় এবং বাতাসের insulation strength break হয়ে যায়। ফলে conductor এর চারপাশের হিস্ হিস্ শব্দ হয় এবং অনুজ্জল বেগুনী আভা discharge হতে দেখা যায়। এর ফলে ওজন গ্যাসের সৃষ্টি হয়।

৩। করোনা effect কমানোর উপায়।

উত্তরঃ নিম্নলিখিত উপায়ে করোনা effect কমানো যায়ঃ

ক) Conductor এর size বৃদ্ধি করে।
খ) Conductor Spacing বৃদ্ধি করে।

৪। করোনাকে প্রভাবান্বিত করার ফ্যাক্টর সমূহ কি কি? [DUET: 05-06]

উত্তরঃ করোনা কে প্রভাবান্বিত করার ফ্যাক্টর সমূহ হলঃ

১। আবহাওয়া মন্ডল
২। Conductor সাইজ
৩। Conductor এর মধ্যবর্তী দুরত্ব
৪। লাইন Voltage.

৫। করোনার ফলে কি কি Effect এর সৃষ্টি হয়?

উত্তরঃ করোনার Effect সমূহঃ

1. কন্ডাকটরের চার পার্শ্বে বেগুনী রশ্মি দেখা দেয়।
2. করোনা হিসিং আওয়াজ এর সৃষ্টি করে।
3. ওজোন গ্যাসের সৃষ্টি করে।
4. করোনা পাওয়ার লসের সৃষ্টি করে।
5. করোনা হারমোনিকস কারেন্টের সৃষ্টি করে।

৬। করোনার সুবিধা ও অসুবিধা সমূহ কি কি?

১৪। গ্রীড সিস্টেম কি ?

উত্তরঃ একাধিক পাওয়ার প্লান্টের উৎপাদিত বিদ্যুৎ শক্তিকে একটি নেটওয়ার্কের আওতায় নির্দিষ্ট উচ্চমানের ভোল্টেজ ট্রান্সমিশন লাইনের মাধ্যমে সম্মিলিতভাবে সরবরাহ করার ব্যবস্থাকে গ্রীড বলে।

১৫। ফিডার, ডিস্ট্রিবিউটর ও সার্ভিস মেইনের সংক্ষিপ্ত বর্ণনা দাও?

উত্তরঃ ফিডারঃ জনবহুল এলাকার সহিত জেনারেটিং স্টেশনের সংযোগ সাধনকারী মোটা পরিবাহী বা ক্যাবলকে ফিডার বলা হয়। ফিডারের প্রধান বৈশিষ্ট্য হচ্ছে - গ্রাহকদের কাছে বিদ্যুৎ সরবরাহের জন্য ফিডার থেকে কোন ট্যাপিং বের করা হয় না। ফলে এর সমস্ত দৈর্ঘ্য বরাবর কারেন্টের মান স্থির থাকে। মূলতঃ কারেন্ট পরিবহন ক্ষমতার উপর ভিত্তি করেই ফিডার ডিজাইন করা হয়।

ডিস্ট্রিবিউটরঃ ডিস্ট্রিবিউটর থেকে বিভিন্ন ট্যাপিং বের করে গ্রাহকদের বিদ্যুৎ সরবরাহ করা হয়। ট্যাপিং থাকার কারনে ডিস্ট্রিবিউটরের দৈর্ঘ্য বরাবর কারেন্টের মান বিভিন্ন হয়। ডিস্ট্রিবিউটরের ভোল্টেজ ড্রপ 6 V এর বেশি হওয়া উচিত নয়।

সার্ভিস মেইনঃ সার্ভিস মেইন অপেক্ষাকৃত চিকন পরিবাহী বা ক্যাবল বিশেষ , যার মাধ্যমে গ্রাহকদের কাছে পাওয়ার সরবরাহ করা হয়। এটি ফিডার নয়, এটি ডিস্ট্রিবিউটরের সহিত সরাসরি যুক্ত থাকে।

১৬। A.C and D.C ট্রান্সমিশনের তুলনা কর?

উত্তরঃ

A.C ট্রান্সমিশন	D.C ট্রান্সমিশন
i) তিন তার প্রয়োজন, ফলে তামার খরচ বেশি হয়।	i) দুই তার প্রয়োজন। আর্থকে neutral হিসেবে ব্যবহার করে এক তারে পাওয়ার ট্রান্সমিট করা যায়।এতে তামার সাশ্রয় হয়।
ii) ট্রান্সফরমারের মাধ্যমে প্রয়োজনমত ভোল্টেজকে স্টেপ আপ ও স্টেপ ডাউন করা যায়।	ii) ট্রান্সফরমার ব্যবহার করা যায় না বিধায় ভোল্টেজকে স্টেপ-আপ বা স্টেপ ডাউন করা যায় না।
iii) ইন্ডাকট্যান্স , ক্যাপাসিট্যান্স, পাওয়ার ফ্যাক্টর ,সার্জ ও স্কিন ইফেক্ট বিদ্যমান।	iii) এগুলোর প্রভাব নেই।
iv) ইনসুলেশনের উপর বৈদ্যুতিক চাপ বেশি হওয়ায় অপেক্ষাকৃত বেশি ইনসুলেশন প্রয়োজন হয়।	iv) ইনসুলেশনের উপর বৈদ্যুতিক চাপ এসির তুলনায় $\frac{1}{\sqrt{2}}$ গুন।কাজেই ইনসুলেশন অপেক্ষাকৃত কম লাগে।
v) ভোল্টেজ রেগুলেশন নিম্নমানের।	v) ভোল্টেজ রেগুলেশন উন্নত ।
vi) করোনা জনিত পাওয়ার অপচয় হয় ফলে পার্শ্ববর্তী কমিউনিকেশন লাইনে বিঘ্ন ঘটে।	vi) করোনা জনিত অপচয় খুব কম এবং পার্শ্ববর্তী কমিউনিকেশন লাইনে বিঘ্নের পরিমান খুব কম।

১৭। HVDC এর সুবিধা এবং অসুবিধা গুলো কি কি ? [DUET: 09-10]

উত্তরঃ

সুবিধা সমূহ:

i) ডিসিতে চার্জিং কারেন্ট না থাকায় এ লাইন খুব বেশি দীর্ঘ হলেও সরবরাহ ব্যবস্থায় সুস্থিতি নষ্ট হয় না।

ii) পজেটিভ বা নেগেটিভ পোলের যে কোন একটি খারাপ হলেও অপর পোলের সাহায্যে 50% বিদ্যুৎ সরবরাহ চালু রাখা যায়।

iii) উচ্চ ভোল্টেজ পরিবহনে এসির তুলনায় ডিসিতে করোনা লস ও রেডিও ইন্টারফিয়ারেন্স কম হয়।

iv) ডিসির ক্ষেত্রে পরিবাহীর ইনস্যুলেশন সামান্য পরিমান সিকেজ কারেন্ট প্রবাহিত হতে পারে, যাকে অগ্রাহ্য করা যায়।

অসুবিধা সমূহ :

i) এ ব্যবস্থায় ট্রান্সফরমার ব্যবহার করা যায় না। এ কারনে HVDC ট্রান্সমিশনের উভয় প্রান্তকে এসি সিস্টেমের সাথে সংশ্লিষ্ট থাকতে হয়। অর্থাৎ এককভাবে ডিসি সিস্টেম সাব ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশন করতে সক্ষম।

ii) লাইনের উভয় প্রান্তে ব্যবহৃত থাইরিস্টর অত্যন্ত ব্যয়বহুল।

iii) ডি.সি Voltage স্টেপ আপ করা যায় না।

iv) এই ব্যবস্থায় ভাল কোন HVDC সার্কিট ব্রেকার নেই।

১৮। অতি উচ্চ ট্রান্সমিশন ভোল্টেজের সীমাবদ্ধতা লিখ।

উত্তরঃ অতি উচ্চ ভোল্টেজে বৈদ্যুতিক শক্তি সরবরাহ করলে ব্যবহারিক ক্ষেত্রে বেশ কিছু অসুবিধার সৃষ্টি হয়:


ক) ট্রান্সমিশন ভোল্টেজ যত বেশি হবে লাইনের ইনসুলেশন এর মান তত বেশি হবে। ফলে লাইন সাপোর্টের খরচ বেশি হবে।

৫। পাওয়ার সিস্টেমে লো পাওয়ার ফ্যাক্টরের অসুবিধা লিখ।
[DUET: 11-12]

উত্তর: লো পাওয়ার ফ্যাক্টরের অসুবিধাগুলো হলঃ


১. বেশী কারেন্ট প্রবাহিত হয়।
২. কপার লস বৃদ্ধি পায়।
৩. তাপ বেড়ে যায়।
৪. আউটপুট কমে যায়।
৫. ভোল্টেজ ড্রপ বেড়ে যায়।

৬। বৈদ্যুতিক লাইনে CT, PT ও Wattmeter connection দেখাও?



৭। পরিবহন লাইনের ফুল ট্রান্সপজিশন সাইকেলের চিত্র দেখাও।

উত্তর: চিত্র নিম্নে দেওয়া হল:



Full Transposition Cycle

৮। বিদ্যুৎ শক্তির উৎসগুলোর নাম লিখ।
[DUET: 07-08]

উত্তর ঃ বিদ্যুৎ শক্তির উৎসগুলোর নাম নিচে দেয়া হল ঃ

ক) পানি
খ) সৌরশক্তি
গ) কয়লা
ঘ) ডিজেল
ঙ) পারমানবিক শক্তি

৯। পরিবহন লাইনের প্রকারভেদ বর্ণনা কর।
[DUET: 12-13]

উত্তরঃ পরিবহন লাইনকে দৈর্ঘ্য ও কার্যকরী ভোল্টেজের ভিত্তিতে তিন শ্রেণীতে বিভক্ত করা হয়েছে-

i) স্বল্প দৈর্ঘ্য পরিবহন লাইনঃ- যখন কোন পরিবহন লাইনের দৈর্ঘ্য 80 km এর নিচে এবং পরিবহন ভোল্টেজ 20 kv এর নিচে থাকে, তখন তাকে স্বল্প দৈর্ঘ্য পরিবহন লাইন বলে।

ii) মধ্যম পরিবহন লাইনঃ যখন পরিবহন লাইনের দৈর্ঘ্য 80 – 200 km এবং পরিবহন ভোল্টেজ 20 – 100 kv পর্যন্ত হয় তখন তাকে মধ্যম পরিবহন লাইন বলে।

iii) দীর্ঘ পরিবহন লাইনঃ যখন পরিবহন লাইনের দৈর্ঘ্য 200 km এর উপরে এবং পরিবহন ভোল্টেজ 100 kv এর উপর হয় তবে তাকে দীর্ঘ পরিবহন লাইন বলে।

১০। পরিবহন লাইনের ধ্রুবকগুলো কি কি ?

উত্তরঃ পরিবহন লাইনের প্রধান ধ্রুবকগুলো হচ্ছে-

i) রেজিট্যান্স,
ii) ইন্ডাকট্যান্স,
iii) ক্যাপাসিট্যান্স,
iv) কন্ডাকট্যান্স।

এই সকল ধ্রুবকের উপর নির্ভর করে পরিবহন দক্ষতা ও ভোল্টেজ রেগুলেশন এর মান নিরূপিত হয় বিধায় ট্রান্সমিশন লাইন ক্যালকুলেশনে ধ্রুবকগুলো গুরুত্বের সহিত বিবেচিত হয়।

১১। পরিবহন লাইন ট্রান্সপজিশন করা হয় কেন?

উত্তরঃ ট্রান্সপজিশনের দরুন প্রত্যেক লাইনের গড় ইন্ডাকট্যান্স ও ক্যাপাসিট্যান্স সমান হয়। ফলে ভোল্টেজ রেগুলেশন ও পরিবহন দক্ষতা অপেক্ষাকৃত উন্নত হয়।

১২। ফেরান্টি ইফেক্ট কি ?

উত্তরঃ মাঝারি ও লম্বা ট্রান্সমিশন লাইন লোডবিহীন অথবা খুব অল্প লোড সংযুক্ত থাকলে একটি লিডিং চার্জিং কারেন্ট প্রবাহের কারনে প্রেরন প্রান্ত অপেক্ষা গ্রহন প্রান্তে ভোল্টেজের মান বেশি হতে দেখা যায়। এই ফেনোমেনন বা ঘটনাকে ফেরান্টি ইফেক্ট বলে।


১৩। ওভারহেড লাইনের তুলনায় আন্ডারগ্রাউন্ড ক্যাপাসিট্যান্স উচ্চ মান সম্পন্ন হয় কেন?

উত্তরঃ আন্ডারগ্রাউন্ড ক্যাবল সিস্টেম কন্ডাকটর এবং কন্ডাকটর টু-আর্থ শীথের পারস্পরিক ব্যবধান খুব কম থাকে। তাছাড়া ক্যাবল ডাই ইলেকট্রিকের পারমিটিভিটি বায়ু অপেক্ষা সর্বদা বেশি হয়। এ কারনে একই দৈর্ঘ্যের ওভারহেড লাইনের তুলনায় আন্ডারগ্রাউন্ড ক্যাবলের ক্যাপাসিট্যান্স সর্বদা উচ্চ মান সম্পন্ন হয়ে থাকে।

Power system

১। **Power system** এর সিঙ্গেল লাইন ডায়াগ্রাম অংকন কর।

উত্তরঃ নিম্নে সিঙ্গেল লাইন diagram অংকন করা হল



ট্রান্সমিশন লাইন ঃ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র হতে উচ্চ power পরিবহনের জন্য উচ্চ Voltage এর যে বিশাল সার্কিট বা Network গড়ে তোলা হয় তাকেই Transmission Line বলা হয়।

২। বাংলাদেশের ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশন ভোল্টেজ গুলো কি কি? **[DUET: 09-10]**

উত্তরঃ

প্রাইমারী Transmission: 230 KV, 132 KV.

Secondary Transmission : 66KV, 33 KV

ডিস্ট্রিবিউশন লাইন ঃ গ্রাহক পর্যায়ে electric power পৌছে দেওয়ার জন্য যে সার্কিট বা Network গড়ে তোলা হয় তাকে Distribution Line বলা হয়।

Primary Distribution : 11KV, 6.6KV, 3.3KV.

Secondary Distribution : 400V, 230V.

৩। **Transmission এবং Distribution System** এর প্রকারভেদ লিখ।

[Same as DUET: 06-07]

উত্তর ঃ Transmission এবং Distribution System মূলত হাই এবং লো এই দুই শ্রেণীর অন্তর্গত ঃ

Transmission এর ক্ষেত্রে ঃ

(a) High Voltage ডিসি পদ্ধতি।

(b) High Voltage এসি পদ্ধতি।

Distribution এর ক্ষেত্রে ঃ

(a) Low (লো) Voltage ডিসি পদ্ধতি।

(b) Low (লো) Voltage এসি পদ্ধতি।

এছাড়া নিম্নলিখিত পদ্ধতি রয়েছে ঃ

1. D.C System :

(i) ডি সি দুই তার

(ii) ডি সি দুই তার মধ্য বিন্দু আর্থ

(iii) ডি সি তিন তার পদ্ধতি।

2. Single phase এসি পদ্ধতি ঃ

(i) Single ফেজ দুই তার।

(ii) Single ফেজ দুই তার মধ্য বিন্দু আর্থ

(iii) Single phase তিন তার।

3. দুই ফেজ এসি system :

(i) দুই ফেজ তিন তার।

(ii) দুই ফেজ চার তার।

4. তিন ফেজ এসি পদ্ধতি ঃ

(i) তিন ফেজ তিন তার।

(ii) তিন ফেজ চার তার।

৪। **গ্রাহক প্রান্তে voltage** পরিবর্তনের কারন গুলো কি ?

(i) Alternator এর synchronous impedance.

(ii) Transformer Impedance

(iii) Transformer Line

(iv) Feeder and

(v) Distributor বৃদ্ধি পায়। ফলশ্রুতিতে গ্রাহক প্রান্তে Voltage ঘাটতি দেখা দেয়।

$X_s = 0.05\ \Omega$

- ফুল লোড কারেন্ট, $Ia = \frac{KVA \times 1000}{V_{FL}}$

$= \frac{50 \times 1000}{230}$

$= 217.4$ Amp. Ans.

$\therefore$ IaRa = 217.4 ×0.012 = 2.61 Volt

IaXs = 217.4 × 0.05 = 10.87 Volt

(ক) When, P.f = 0.866 (Lagging)

$\therefore \theta = 30°, \sin\theta = 0.5$

$V_{NL} = \sqrt{(V_{FL}\cos\theta + IaRa)^2 + (V_{FL}\sin\theta + IaXs)^2}$

$= \sqrt{(230\times0.866 + 2.61)^2 + (230\times0.5 + 10.87)^2}$

= 237.8 Volt.

$\%\ V_{Reg} = \frac{V_{NL} - V_{FL}}{V_{FL}} \times 100$

$= \frac{237.8 - 230}{230} \times 100$

= 3.39 % (Ans.)

(খ) P.f যখন 0.866 লীডিং

$V_{NL} = \sqrt{(V_{FL}\cos\theta + IaRa)^2 + (V_{FL}\sin\theta + IaXs)^2}$

$= \sqrt{(230 \times 0.866 + 2.61)^2 + (230 \times 0.5 - 10.82)^2}$

= 227.1 Volt

$\%\ V_{Reg} = \frac{V_{NL} - V_{FL}}{V_{FL}} \times 100$

$= \frac{227.1 - 230}{230} \times 100$

= 1.26 % (Ans.)

"আজ তোমাদের জন্য সমস্ত পাক-পবিত্র বস্তু হালাল দেয়া হয়েছে। আহ্‌লি কিতাবদের খাদ্য তোমাদের জন্য হালাল এবং তোমাদের খাদ্য তাদের জন্য হালাল। আর সংরক্ষিত মেয়েরা তোমাদের জন্য হালাল, তারা ঈমানদারদের দল থেকে হোক বা এমন জাতিদের মধ্য থেকে হোক, যাদেরকে তোমাদের আগে কিতাব দেয়া হয়েছিল। তবে শর্ত হচ্ছে এই যে তোমরা তাদের মোহরানা আদয় করে দিয়ে বিবাহ বন্ধনের মাধ্যমে তাদের রক্ষক হবে। তোমরা অবাধ যৌনচারে লিপ্ত হতে পারবে না অথবা লুকিয়ে লুকিয়ে প্রেম করতেও পারবে না। আর যে ব্যক্তি ঈমানের পথে চলতে অস্বীকার করবে, তার জীবনের সকল সৎ কার্যক্রম নষ্ট হয়ে যাবে এবং আখিরাতে সে হবে নিঃস্ব ও দেউলিয়া" (সুরা মায়িদা: ০৫)

অনেক কম হয়। টার্মিনাল ভোল্টেজের এ পরিবর্তনই ভোল্টেজ রেগুলেশন নির্ধারণ করে।

♦ ভোল্টেজ রেগুলেশন (Voltage Regulation) :

অল্টারনেটরের লোডবিহীন অবস্থায় ভোল্টেজ ও ফুল লোড অবস্থায় ভোল্টেজের পার্থক্যের সাথে ফুল লোড অবস্থায় ভোল্টেজের অনুপাতকে ভোল্টেজ রেগুলেশন বলা হয়। একে শতকরা হারে প্রকাশ করা হয়।

$$\therefore \text{ভোল্টেজ রেগুলেশন} = \frac{V_{NL} - V_{FL}}{V_{FL}}$$

$$\therefore \%\ V.R = \frac{V_{NL} - V_{FL}}{V_{FL}} \times 100$$

ভোল্টেজ রেগুলেশনের মান যত কম হয় ততই ভাল। ভোল্টেজ রেগুলেশনের মান রেজিস্টিভ ও ইন্ডাকটিভ লোডের সময় (+Vc) এবং ক্যাপাসিটিভ লোডের সময় (–Vc) হয়ে থাকে। কারণ ক্যাপাসিটিভ লোডের সময় উৎপাদিত ভোল্টেজের চেয়ে টার্মিনাল ভোল্টেজ বেড়ে যায়।

♦ বিভিন্ন লোডিং অবস্থায় নো লোড ভোল্টেজ সমীকরণ :

অল্টারনেটরে যখন লোড দেয়া হয় তখন আর্মেচার ওয়াইন্ডিং এ কারেন্ট প্রবাহিত হয়। এ কারেন্ট প্রবাহিত হওয়ার কারণে অল্টারনেটরে তিন ধরনের ড্রপ হয়ে থাকে।


১। আর্মেচার রেজিস্ট্যান্স ড্রপ (I_aR_a)

২। আর্মেচার রিয়্যাকশন ড্রপ ($I_a X_{AR}$)

৩। আর্মেচার লিকেজ রিয়্যাকট্যান্স ড্রপ (I_aX_L)

টার্মিনাল ভোল্টেজের সাথে ঐ সকল ভোল্টেজ ড্রপ ভেকটরিক্যালি যোগ করলে জেনারেটেড ভোল্টেজ V_g অথবা নো-লোড ভোল্টেজ (V_{NL}) পাওয়া যায়।

♦ পাওয়ার ফ্যাক্টর ইউনিটি (Resistive load):




$$AD^2 = AC^2 + CD^2$$

$$= (AB + BC)^2 + (CD)^2$$

$$V_{NL} = \sqrt{(V_{FL} + I_aR_a)^2 + (I_aX_s)^2}$$

♦ পাওয়ার ফ্যাক্টর যখন ল্যাগিং (Inductive load) :




$$AE^2 = AC^2 + EC^2$$

$$AE^2 = (AB + BC)^2 + (DC + DE)^2$$

$$V_{NL} = \sqrt{(V_{FL}\cos\theta + I_aR_a)^2 + (V_{FL}\sin\theta + I_aX_s)^2}$$

♦ পাওয়ার ফ্যাক্টর যখন লিডিং (Capacitive load) :



$$AC = \sqrt{AB^2 + BC^2}$$

$$= \sqrt{(AF + FB)^2 + (BD - DC)^2}$$

$$V_{NL} = \sqrt{(V_{FL}\cos\theta + I_aR_a)^2 + (V_{FL}\sin\theta + I_aX_s)}$$

Solved Problems

১। একটি 3-φ ওয়াই (Y) সংযোগ অল্টানেটর 230 v, ইউনিটি পাওয়ার ফ্যাক্টরে লোডে সরবরাহ করে। যদি সিনক্রোনাস রিয়্যাক্ট্যান্স ভোল্টেজ ড্রপ 60 v প্রতি ফেজে হয় তবে শতকরা রেগুলেশন বের কর। রেজিস্ট্যান্স ভোল্টেজ ড্রপ নগন্য ধরতে হবে।

Solution:

$$\text{Full load voltage per phase} = \frac{230}{\sqrt{3}} = 133\text{v}$$

$$\therefore V_{NL} = E_g = \sqrt{(V_{FL})^2 + (I_aX_a)^2}$$

$$= \sqrt{(133)^2 + (60)^2} = 146\text{ v}$$

$$\%\ \text{Regulation} = \frac{146 - 133}{133} \times 100$$

$$= 9.77\ \%\quad \text{(Ans.)}$$

২। একটি 50 KVA, 230 V, 50 সাইকেল অল্টানেটরের কার্যকর আর্মেচার রেজিস্ট্যান্স 0.012 Ω এবং আর্মেচার রিয়্যাকট্যান্স 0.05 Ω। যদি ফুল লোডে এবং (ক) 0.866 ল্যাগিং পাওয়ার ফ্যাক্টরে ও (খ) 0.866 লীডিং পাওয়ার ফ্যাক্টরে মেশিন বিদ্যুৎ সরবরাহ করে তবে সে মেশিনের আর্মেচারে উৎপন্ন ভোল্টেজ এবং ভোল্টেজ রেগুলেশন কত হবে?

Solution:

দেওয়া আছে-

$$V_{FL} = 230\text{ Volt}$$

$$R_a = 0.012\ \Omega$$

$\therefore E_p = 4.44 \times 72 \times 10^{-3} \times 50 \times 192 \times 0.966 \times 0.958$

$= 2840$ volt (Ans.)

$\therefore$ Star connected. $\therefore E_L = \sqrt{3} \times E_p$

$= \sqrt{3} \times 2840$

$= 4919$ Volt (Ans.)

8। একটি 3 ফেজ, 12 পোল, স্টার কানেকটেড অল্টারনেটরের 180 টি স্লট আছে এবং প্রতি স্লটে 10টি করে কন্ডাক্টর আছে এবং প্রতি ফেজের কন্ডাক্টর সিরিজে সংযুক্ত আছে। কয়েল স্প্যান (Coilspan) 144° ডিগ্রী। মেশিনের গতিবেগ যদি 600 r.p.m এবং প্রতি পোলের ফ্লাক্স 0.06 ωb হয় তবে মেশিনের উৎপন্ন ফেজ ও লাইন ভোল্টেজ কত?

Solution:

$\therefore N = \frac{120f}{P}$

$f = \frac{NP}{120}$

$= \frac{600 \times 12}{120}$

$= 60$ Hz

দেওয়া আছে,
পোল $P = 12$
ফেজ, $\varphi = 3$
স্লট, $S = 180$ টি
প্রতি স্লটে কন্ডাক্টর $= 10$ টি
$N = 600$ r.p.m
$\varphi = 0.06$ ωb
$E_P = ?$ $E_L = ?$

কয়েলের পিচ $= 180° - 144° = 36°$

$\therefore$ পিচ ফ্যাক্টর, $Kp = \cos {}^{\alpha}/_{2} = \cos {}^{36°}/_{2} = 0.95$

প্রতি ফেজে কন্ডাক্টর সংখ্যা, $Z = \frac{180 \times 10}{3} = 600$

Turn / phase, $(N) = \frac{600}{2} = 300$

m = slot / phase / pole $= \frac{180}{12 \times 3} = 5$

$\delta° = \frac{180°}{\text{slots/pole}} = \frac{180°}{180/12} = 12°$

$\therefore K_d = \frac{\sin m\frac{\delta°}{2}}{m\sin\frac{\delta°}{2}} = \frac{\sin 5 \times \frac{120}{2}}{5\sin\frac{12°}{2}} = 0.957$

$\therefore E_{ph} = 4.44 f T \varphi_m K_p K_d$

$= 4.44 \times 0.95 \times 0.957 \times 60 \times 0.06 \times 300$

$= 4360$ Volt.

$\therefore E_L = \sqrt{3} E_{ph}$

$= 7550$v

♦ **হারমোনিকসের উপর পিচ ফ্যাক্টর এবং ডিস্ট্রিবিউশন ফ্যাক্টরের প্রভাব ঃ**

(ক) যদি ফান্ডামেন্টাল ফ্লাক্স ওয়েভের জন্য শর্ট পিচ এ্যাঙ্গেল (Short Pitch angle) α (আলফা) ডিগ্রী (ইলেকট্রিক্যাল) হয় তাহলে বিভিন্ন হামোনিকস্ এর মান হবে-

তৃতীয় হারমোনিক্সের জন্য $= 3\alpha$

পঞ্চম হারমোনিক্সের জন্য $= 5\alpha$ ইত্যাদি

$\therefore$ পিচ ফ্যাক্টর, $Kp = \cos {}^{\alpha}/_{2}$ ফান্ডামেন্টালের জন্য

$= \cos {}^{3\alpha}/_{2}$ তৃতীয় হারমোনিক্সের জন্য

$= \cos {}^{5\alpha}/_{2}$ পঞ্চম হারমোনিক্সের জন্য

(খ) অনুরূপে, বিভিন্ন হারমোনিক্সের বেলায় ডিস্ট্রিবিউশন ফ্যাক্টরের মানও বিভিন্ন হবে।

যদি m = খাঁজ/ফেজ/পোল or slot/phase/pole

N = হারমোনিক্সের সংখ্যা হয় তবে

ফান্ডামেন্টাল ওয়েভের জন্য $(n = 1)$, $K_{d1} = \frac{\sin\frac{mn\delta}{2}}{m\sin\frac{n\delta}{2}} = \frac{\sin {}^{m\delta}/_{2}}{m\sin {}^{\delta}/_{2}}$

তৃতীয় হারমোনিক্সের জন্য $(n = 3)$, $K_{d3} = \frac{\sin {}^{3m\delta}/_{2}}{m\sin {}^{\delta}/_{2}}$

পঞ্চম হারমোনিক্সের জন্য $(n = 5)$, $K_d = \frac{\sin\frac{5mn\delta}{2}}{m\sin\frac{5\delta}{2}}$

(গ) ফ্রিকোয়েন্সী সর্বদা পরিবর্তনশীল। যদি ফান্ডামেন্টাল ফ্রিকোয়েন্সী, $f_1 = 50\ {}^{C}/_{S}$ হয় তবে

তৃতীয় হারমোনিক্স, $f_3 = 3 \times 50 = 150\ {}^{C}/_{S}$

এবং পঞ্চম হারমোনিক্স, $f_5 = 5 \times 50 = 250\ {}^{C}/_{S}$ হবে।

♦ **ভোল্টেজ রেগুলেশন নীতি (Principle of voltage Regulation) :**

ভূমিকা ঃ D.C Generator এর ক্ষেত্রে আর্মেচার ওয়াইন্ডিং এর শুধু রেজিষ্ট্যান্স কার্যকরী হয় কিন্তু অল্টানেটরের আর্মেচার ওয়াইন্ডিং এ রেজিষ্ট্যান্স ছাড়াও ইন্ডাক্ট্যান্স (Inductance) কার্যকারী হয়। ফলে Impedance অনেকবেশী হয়। এ ইম্পিড্যান্স এবং আর্মেচার রিয়্যাকশনের জন্য লোড বিহীন (No loade) অবস্থায় অল্টারনেটরের টার্মিনাল ভোল্টেজ থেকে লোডযুক্ত অবস্থায় মেশিনের টার্মিনাল ভোল্টেজ

Let, β = কৌনিক সরণ

$= \frac{180}{\frac{slot}{pole}} = \frac{180}{n}$

m = No of slot / pole / phase

$m\beta$ = Phase spread angle

n = No of slot / pole

তখন E_s = কয়েলের প্রয়োগকৃত ভোল্টেজ

mE_s = Resultant Voltage

চিত্র হতে পাই, $AE = BF = \frac{E_s}{2}$

$\sin \angle AOF = \sin\frac{\beta}{2} = \frac{AF}{OA}$

$AF = \gamma \sin\frac{\beta}{2}$

$\therefore E_s = 2r \sin\frac{\beta}{2}$

Again ΔAOG,

$\sin \angle AOG = \frac{AG}{OA}$

$\sin\frac{m\beta}{2} = \frac{AF}{2r}$

$\therefore AE = 2r \sin\frac{m\beta}{2}$

$\therefore K_d = \frac{Vector\ sum\ of\ coil\ of\ Distributed\ winding}{Arithmetical\ sum\ of\ concentrated\ winding}$

$= \frac{2r \sin\frac{m\beta}{2}}{2rm \sin\frac{\beta}{2}}$

$= \frac{\sin\frac{m\beta}{2}}{m \sin\frac{\beta}{2}}$

$E_r = mE_s$

$= 2r\, m \sin\frac{\beta}{2}$

Solved Problems

১। একটি 3-φ, 8 pole পোল বিশিষ্ট অল্টারনেটর এর 48 টি খাজ আছে উহার ডিস্ট্রিবিউশন ফ্যাক্টর কত ?

Solution:

দেওয়া আছে,
slot= 48
pole= 8

$m = \frac{slot}{pole \times phase} = \frac{48}{8\times3} = 2$

$slot/pole = \frac{48}{8} = 6$

$\beta = \frac{180}{6} = 30°$

$\therefore K_d = \frac{\sin\frac{m\beta}{2}}{m \sin\frac{\beta}{2}}$

$= \frac{\sin\frac{2\times30}{2}}{2\sin\frac{30}{2}}$

$= 0.966$ *Ans*

২। একটি 3-φ অল্টানেটর এর পোল সংখ্যা 4 টি, কয়েল span 1-8 হলে k_p *and* k_d নির্নয় কর, যখন স্লট 36টি

Solution:

Given
p= 4
span= 7
slot= 36

full pitch slot $= \frac{Total\ slot}{pole} = \frac{36}{4} = 9$

9 slot = 180

7 slot $= \frac{180\times7}{9} = 140° = \alpha$

$m = \frac{slot}{pole \times phase} = \frac{36}{4\times3} = 3$

$\beta = \frac{180}{full\ pitch\ slot} = \frac{180}{9} = 20°$

$\therefore k_p = \cos\frac{\alpha}{2} = \cos\frac{140}{2} = 0.9397$ Ans

$\therefore k_d = \frac{\sin\frac{m\beta}{2}}{m \sin\frac{\beta}{2}}$

$= \frac{\sin 30}{3\times\sin 10}$

$= 0.9598$ *Ans*

৩। একটি 3-φ, 12 pole, star connected Alternator এ 144 টি খাঁজ আছে। প্রতি খাঁজে 8 টি করে পরিবাহী আছে। উহা প্রতি মিনিটে 500 বার ঘুরলে এবং প্রতি Pole এ 72mωb বলরেখা থাকলে Phase এবং Line voltage কত হইবে? (ধরে নাও kp = 0.966, kd = 0.958)।

Solution: :

দেওয়া আছে,

p = 12, slot = 144, conductor/slot = 8

N_s = 500 r.p.m, $\varphi = 72 \times 10^{-3}$ ωb

$k_p = 0.966$, $k_d = 0.958$, $E_p = ?$ $E_L = ?$

আমরা জানি, $E_p = 4.44\varphi f\, T\, k_p k_d$ volt.

এখানে, $N_S = \frac{120f}{p}$

$\therefore \quad f = \frac{N_s P}{120} = \frac{500\times12}{120} = 50$ Hz

সর্বমোট পরিবাহী $= \frac{144\times8}{3} = 384$ টি

সুতরাং প্রতি ফেজে টার্ন (প্যাঁচ) সংখ্যা $= \frac{384}{2} = 192$টি

◆ **Alternator এর Synchronous speed equation দেখাও ?**

মনে করে,

P = No. of poles

N_s = Synchronous speed (in r.p.m)

f = Frequency (in Hz)

আমরা জানি, যখন একজোড়া Pole একটি Conductor কে অতিক্রম করে তখন 1 Cycle e.m.f উৎপন্ন হয়।

$\therefore$ No of cycles / rev $= \frac{p}{2}$.....(i)

and No. of rev / sec $= \frac{N_s}{60}$.....(ii)

Multiplying eq^n (i) & (ii) We get.

$^{Cycle}/_{rev} \times {}^{rev}/_{sec} = \frac{p}{2} \times \frac{N_s}{60}$

$\therefore {}^{Cycle}/_{sec} = \frac{PN_s}{120}$

$f = \frac{PN_s}{120}$

$\therefore N_S = \frac{120f}{p}$

◆ **Alternator এ ব্যবহৃত প্রাইমুভার সমূহের নাম লিখ।**

উত্তর:

১) ডিজেল ইঞ্জিন

২) স্টিম ইঞ্জিন

৩) গ্যাস ইঞ্জিন

৪) হাইড্রোলিক টারবাইন

◆ **সংজ্ঞা লিখ : পিচ ফ্যাক্টর, ডিস্ট্রিবিউশান ফ্যাক্টর।**

উত্তর:

পিচ ফ্যাক্টর: ফ্রাকশনাল পিচ ওয়াইন্ডিং ভোল্টেজ ও ফুলপিচ ওয়াইন্ডিং ভোল্টেজ এর অনুপাতকে পিচ ফ্যাক্টর বলে।

$\therefore K_p = \cos {}^{\alpha}/_{2}$

α = ফ্রাকশনাল অবস্থায় কয়েলের দুপ্রান্তের ইলেকট্রিক্যাল কৌনিক ব্যবধান।

ডিস্ট্রিবিউশান ফ্যাক্টর: ডিস্ট্রিবিউশান ওয়াইন্ডিং Voltage ও কনসেনট্রেট ওয়াইন্ডিং Voltage এর অনুপাতকে ডিস্ট্রিবিউশান ফ্যাক্টর বলে।


$K_d = \frac{\sin \frac{m\beta}{2}}{m \sin \frac{\beta}{2}}$

β = প্রতি এর ইলেকট্রিক্যাল ডিগ্রি

$m = \frac{Slot}{Pole \times p}$ অর্থাৎ প্রতি পোলে প্রতি ফেজে $Slot$ সংখ্যা।

◆ **প্রমান কর যে, পিচ ফ্যাক্টর $K_p = \cos {}^{\alpha}/_{2}$ । যেখানে চিহ্নসমূহ প্রচলিত অর্থ বহন করে।**

উত্তর:



উক্ত প্রমানের জন্য পাশাপাশি যে কোন দুটি coil এর উৎপন্ন Voltage বিবেচনা করি, Fractional Voltage দ্বয় E_1 & E_2

লব্ধি Voltage, AD $= E_r = \overrightarrow{E_1} + \overrightarrow{E_2}$

or, $E_r = \sqrt{E_1^2 + E_2^2 + 2E_1E_2\cos\alpha}$

or, $E_r = \sqrt{E^2 + E^2 + 2E^2\cos\alpha}$ $(E_1 = E_2 = E)$

or, $E_r = \sqrt{2E^2 + 2E^2\cos\alpha}$

or, $E_r = \sqrt{2}E\sqrt{1 + \cos\alpha}$

or, $E_r = \sqrt{2}E \times \sqrt{2}\cos\frac{\alpha}{2}$

or, $E_r = 2E\sqrt{2}\cos\frac{\alpha}{2}$ .....(i)

কিন্তু ফুল পিচ ওয়াইন্ডিং এ

$E_r = E_1 + E_2$

$= 2E$ .....(ii) $(E_1 = E_2 = E)$


$\therefore K_p = \frac{Fractional\ pitch\ winding\ Voltage}{Full\ pitch\ winding\ Voltage}$

$= \frac{2E\cos {}^{\alpha}/_{2}}{2E}$

$= \cos {}^{\alpha}/_{2}$ (Proved)

◆ **প্রমান কর যে, Distribution Factor $K_d = \frac{\sin\frac{m\beta}{2}}{m\sin\frac{\beta}{2}}$**

প্রমানঃ



$= 4\phi f T$ volt

$[\because Z = 2T]$

R. M. S. value of this e.m.f

$= 1.11 \times 4\phi f T$

$= 4.44\phi f T$ volt.

[Sine wave এর জন্য Form factor এর মান 1.11 ধরে।]

উহাই Alternator এর Voltage eq^n

কিন্তু প্রকৃত Voltage পেতে হলে Pitch factor ও Distribution factor দিয়ে এই মানকে গুণ করতে হয়।

$\therefore$ প্রকৃত e.m.f / phase $= 4.44\phi f T K_p K_d$ volt.

♦ Alternator এ Voltage regulation বের করার পদ্ধতি ঃ

বিভিন্ন পদ্ধতিতে Voltage regulation বের করা যায়, উহারা নিম্নরূপ ঃ


(ক) সিনক্রোনাস ইম্পিডেন্স অথবা E.M.F পদ্ধতি।

(খ) ম্যাগনেটোমোটিভ ফোর্স অথবা এ্যাম্পিয়ার টার্ণ পদ্ধতি।

(গ) শূন্য পাওয়ার ফ্যাক্টর অথবা পটিয়ার পদ্ধতি।

(ঘ) পুরাতন AIEE পদ্ধতি।

(ক) সিনক্রোনাস ইম্পিডেন্স পদ্ধতির বর্ণনা ঃ



এই পদ্ধতিতে সিনক্রোনাস ইম্পিডেন্সের জন্য কতটা তড়িৎচাপের পতন ঘটে তাহা নির্ণয় করা হয়। সিনক্রোনাস ইম্পিডেন্সের মধ্যে আর্মেচারে কার্যকরী রেজিষ্ট্যান্স, লীকেজ রিয়্যাকট্যান্স, আর্মেচার চুম্বকের প্রতিক্রিয়া প্রভৃতি সব কিছুই ধরা হয়। কার্যকরী রেজিষ্ট্যান্সের জন্য যে তড়িৎ চাপের পতন ঘটে তাহা কারেন্টের সাথে একই অভিমুখে থাকে। সিনক্রোনাস রিয়্যাকটেন্সের জন্য যে তড়িৎ চাপের পতন ঘটে তাহা কারেন্টের চাইতে 90^o Leading এ থাকে। চিত্রে p.f lagging ধরে Vector diagram অংকিত হয়েছে ফলে। এবং উহা হইতে No load voltage সহজেই বের করা যায়।

$$V_{NL} = \sqrt{\{(V\cos\theta + IR_a)^2 + (V\sin\theta + IX_s)^2\}}$$

এবং % $V.R = \dfrac{V_{NL} - V_{FL}}{V_{FL}} \times 100$

♦ Alternator এ Armature কে স্থির রেখে Field কে ঘুরানোর সুবিধা লিখ।

উত্তরঃ সুবিধা সমূহ নিম্নে দেওয়া হলঃ

১। Field winding এর তুলনায় Armature winding অনেক জটিল সে জন্য এ জটিল winding কে ঘূরন্ত বডিতে ব্যবহারের চেয়ে স্থির বডিতে ব্যবহার করা অনেক সহজ এবং নিরাপদ।

২। Armature winding এর জন্য যথেষ্ট পরমাণ পরিবাহীর প্রয়োজন পড়ে ফলে বেশ ভারী হয়ে যায় এবং Prime mover দ্বারা ঘুরানোর খরচ বেশী পড়ে। উপরন্ত ভারী ওজনের winding কে স্থির বডিতে ব্যবহার অধিক সুবিধাজনক।

৩। Alternator এর Voltage সাধারণতঃ অতি উচ্চ মানের হয়। এই উচ্চ মানের ভোল্টেজকে ঘূরন্ত বডিতে রেখে Insulate করা অধিক জটিল কাজ।

৪। স্থির ফ্রেমে Winding কে বেশ বড় করে তৈরী করে সহজে Cooling (ঠান্ডা) করা যায় এবং বাতাস চলাচলের সুবিধা হয়।

৫। Rotor গঠনে স্পাইডার (Spider) ব্যবহার করিয়া ওজনে হালকা করা যায় ফলে Prime mover এর খরচ কম পড়ে।

♦ Alternator এর গায়ে (Name Plate এ) k.w Rating না লিখে KVA Rating লিখা থাকে কেন?

উত্তর ঃ প্রধানত দু'টি কারণে উহা করা হয়।

প্রথমত ঃ কিলোওয়াট রেটিং এর সাথে Power factor জড়িত থাকে কিন্তু প্রস্তুতকারী প্রতিষ্ঠানের জানা থাকেনা উহা কোন ধরনের লোডে ব্যবহৃত হবে অর্থাৎ লোডের p.f কেমন হবে। একই পরিমাণ আপাত পাওয়ার (VA) হলেও বিভিন্ন p.f এর জন্য watt rating পার্থক্য হয়ে যাবে।

দ্বিতীয়ত ঃ Alternator এর Cupper loss নির্ভর করে উহার Current এর উপর এবং Core loss নির্ভর করে Voltage এর উপর অর্থাৎ মোট লস নির্ভর করে VA এর উপর। তাই Rating KVA তে প্রকাশ করা হয়।

♦ Alternator এর Parallel operation এর শর্তাবলী লিখ। [DUET: 12-13]

উত্তরঃ Alternator এর Parallel operation এর শর্তাবলী নিচে দেওয়া হলঃ

১। সব কয়টি Alternator এর terminal voltage সমান হতে হবে।

২। সকল Alternator এর phase sequence সমান হতে হবে।

৩। উহাদের দ্বারা উৎপাদিত frequency সমান হতে হবে।

♦ **পাওয়ার ফ্যাক্টর উন্নতি করনে এখন কেন সিনক্রোনাস মোটর ব্যবহার না করে Capacitor bank Use করা হয়।**

উত্তর : নিম্নলিখিত অসুবিধার কারনে সিনক্রোনাস মোটর ব্যবহার করা হয় না।

১। উহাতে লস বেশী হয়।

২। রক্ষনাবেক্ষণ খরচ বেশী।

৩। সংস্থাপন খরচ বেশী।

৪। ইহা নয়েজ সৃষ্টি করে।

এবং নিম্নলিখিত কারনে Capacitor bank use করা হয় :

১। ব্যবহারে শব্দ কম হয়।

২। রক্ষনাবেক্ষণ খুব কম প্রয়োজন।

৩। কোন ঘূর্ণায়মান অংশ নাই।

৪। স্বাভাবিক বায়ুমন্ডলের আবহাওয়ায় কাজ করতে পারে।

Self Study

১। একটি সিনক্রোনাস মোটর কেন সিনক্রোনাস স্পীডে ঘুরে?

২। একটি সিনক্রোনাস মটরের কার্যপ্রণালী ব্যাখ্যা কর।

অল্টারনেটর (Alternator)

♦ **সজ্ঞা ও পরিচয় :**

Alternator এমন একটি মেশিন বা ইলেকট্রিক্যাল ডিভাইস যাহা পরিবর্তিত মানের ভোল্টেজ উৎপন্ন করে। D.C generator এবং Alternator উভয়েই উহাদের ভিতরে পরিবর্তিত (Alternation) মানের ভোল্টেজ উৎপন্ন করে। ডি, সি Generator এ commutator এবং Brush এর সাহায্যে একমুখী মানের (Unidirectional) ভোল্টেজ বাহিরে আনা হয় কিন্তু Alternator এ Slipring এর সাহায্যে পরিবর্তি ভোল্টেজকেই বাহিরে আনা হয়। ডি, সি Generator-এ যেমন সাধারণত Field কে স্থির রেখে Armature কে ঘোরানো হয় Alternator এ ঠিক এর বিপরীত ভাবে Field কে ঘুরিয়ে Armature কে স্থির রাখা হয়। বেশ কিছু সুবিধা পাওয়ার জন্য প্রায় সকল Alternator এ এই পদ্ধতি ব্যবহৃত হয়। এই ঘূর্ণনের দিক এবং গতিবেগ একটি পূর্ব নির্ধারিত সিদ্ধান্তের উপর রাখিতে হয় যাতে উৎপাদিত Frequency সবখানেই সমান হয়। এই Frequency ঘূর্ণনের উপর সরাসরি নির্ভরশীল এবং ঘূর্ণনের দিকের উপর Phase Sequence নির্ভর করে। সর্বদা উহাকে একটি নির্দিষ্ট গতিবেগে রাখতে হয় বলে একে Synchronouse generator ও বলা হয়।

কার্যপ্রণালী : Alternator এর কার্যপ্রণালী ডি, সি Generator এ মতই। কারণ উভয়ের ভিতরেই Alternating Voltage তৈরী হয়। Alternator এর ক্ষেত্রে এই পরিবর্তি মানের Voltage কে Slip ring এর সাহায্যে সরাসরি বাহিরে নিয়ে আসা হয়।

♦ **অল্টারনেটরের E.M.F equation :**

এখানে মনে রাখতে হবে যে অল্টারনেটরের ক্ষেত্রে উৎপাদিত Voltage ফেজ ভোল্টেজ হিসাবে পরিচিত হবে।

মনে করি

Z = No of Conductors / Phase = $2T$

P = No of Poles.

f = Frequency (Hz)

φ = Flux / Pole (ωb)

N= No of rotation or speed (in r.p.m)

k_p = Pitch factor

k_d = Distribution factor

E_p = Generated e.m.f / phase.

প্রতি পরিবাহিতে গড় উৎপাদিত তড়িৎ চাপ :

$$= \frac{d\varphi}{dt} \ \omega b/_{sec}$$

এখানে, প্রতি ঘূর্ণনে flux এর কর্তন সংখ্যা

$$d\varphi = \varphi \, p \, \omega b$$

এবং একটি ঘূর্ণন সম্পন্ন করতে সময়, $dt = \frac{60}{N}$ sec.

$$\therefore \frac{d\varphi}{dt} = \frac{\varphi PN}{60}$$

অল্টানেটরের জন্য Primemover এর গতিবেগ উহার Synchronous speed,

$$\therefore N = N_S = \frac{120f}{p}$$

উহার মান বসিয়ে পাই, $\frac{d\varphi}{dt} = \frac{\varphi p}{60} \times \frac{12f}{P}$

$$= 2\varphi f \text{ volt.}$$

প্রতিফেজে Z সংখ্যক পরিবাহীর জন্য,


$$e.m.f = 2\varphi fz$$

$$= 2\varphi f \times 2T$$

৫। এ পর্যায়ে সিনক্রোনাস মোটরকে ইচ্ছামত ডি. সি এক্সাইটেশন পরিবর্তন করে যে কোন পাওয়ার ফ্যাক্টরে পরিচালনা করা যায়।

♦ সিনক্রোনাস মোটরের V-Curve অংকন কর?

উত্তর : নিম্নে সিনক্রোনাস মোটরের V-Curve দেওয়া হলো :



♦ Prove that $f_r = S \times f$

Let

f_r = Rotor frequency

f_s = Synchronous frequency

N_S = Synchronous speed

N_r = Rotor speed

We Know, $N_S = \frac{120f}{p}$ (i)

$N_S - N_r = \frac{120f_r}{p}$ (ii)

From (I) & (ii) We have

$$\frac{N_S - Nr}{N_S} = \frac{120f_r}{p} \times \frac{P}{120f}$$

$$S = \frac{f_r}{f} \quad \left[\frac{N_S - Nr}{N_S} = S\right]$$

$$f_r = S \times f$$

♦ ড্যাম্পার ওয়াইন্ডিং বলতে কি বুঝ? উহার প্রধান কাজ দুটি লিখ।

উত্তর : সিনক্রোনাস মোটরে স্যালিয়েন্ট পোলের উপরি ভাগে মোটা মোটা তামার বার আড়াআড়ি ভাবে খাঁজে বসানো থাকে। এদের দু-প্রান্ত কপার রিং বা তামার আংটা দ্বারা শর্ট করা থাকে। উহাকে ড্যাম্পার ওয়াইন্ডিং বলে।

উহার প্রধান কাজ দুটি হলো :

১। প্রথমত সিনক্রোনাস মোটরকে ইন্ডাকশন মোটর হিসাবে চালু হতে সাহায্যে করে।

২। দ্বিতীয়ত সিনক্রোনাস মোটরের কম্পন বা হান্টিং এর মত ত্রুটিকে প্রতিরোধ করে।


♦ এক্সসাইটেশন বলতে কি বুঝ? এর কাজ কি?

উত্তর : এক্সসাইটেশন অর্থ উত্তেজনা। সিনক্রোনাস মোটরে এক্সাইটেশন হিসাবে ডি.সি ভোল্টেজ ফিল্ডে দেয়া হয়। এ ভোল্টেজ ব্যাটারি ভোল্টেজ, ডি.সি শান্ট জেনারেটর, রেকটিফায়ার ইত্যাদি উৎস হতে দেয়া হয়। ফিল্ডে এক্সাইটেশন ব্যতিত সিনক্রোনাস মোটরের কার্যকারিতা থাকে না। ফিল্ড রিয়োস্টাটের সাহায্যে ডি.সি এক্সাইটেশনের পরিমান কম বেশি করে মোটরের লব্ধি voltage এর মান কম-বেশী করা যায়, যার ফলশ্রুতিতে মোটর ল্যাগিং, লিডিং ও ইউনিটি পাওয়ার ফ্যাক্টরে পরিচালিত হয়।

♦ সিনক্রোনাস মোটর দ্বারা কিভাবে পাওয়ার ফ্যাক্টর কারেকশন করা যায় তাহা লিখ।

(DUET-2001)

উত্তর : একটি সিনক্রোনাস মোটরকে লোডের পাওয়ার ফ্যাক্টর উন্নতির জন্য ব্যবহার করা যায়। এক্ষেত্রে সিনক্রোনাস মোটরের



চিত্র : লোড অবস্থায় সিনক্রোনাস মোটরের পাওয়ার ফ্যাক্টর ল্যাগিং থেকে ইউনিটি মানে নেয়ার জন্য কারেকশন।

পাওয়ার ফ্যাক্টর $\cos\varphi_2$ লিডিং হবে এবং φ_2 কোন 90° এর চেয়ে ছোট হবে। ভেক্টর চিত্রে Inductive Load এর পাওয়ার ফ্যাক্টর $\cos\varphi_1$ থেকে ইউনিটি মানে উন্নতি করার জন্য সিনক্রোনাস মোটরের কারেকশন পদ্ধতি দেখান হয়েছে।

চিত্রে $\cos\varphi_1$ ল্যাগিং এ কারেন্ট I আছে। এ কারেন্টনকে ইউনিটি মানে আনার জন্য সিনক্রোনাস মোটর কাজ করে। এখানে রিয়্যাকটিভ কম্পোনেন্ট OA = OB কে ল্যাগিং রিয়্যাকটিভ লোড কম্পোনেন্ট কারেন্ট DC সমান করা হয়। যাতে লব্ধি কারেন্টে কোন রিয়্যাকটিভ কম্পোনেন্ট না থাকে। সিনক্রোনাস মোটর লোড বহন করে OE কারেন্ট। সুতরাং লোড কম্পোনেন্ট এবং সিনক্রোনাস মোটরের মোট লব্ধি কারেন্ট OF = OD + OE এ অবস্থায় সিনক্রোনাস মোটরের পাওয়ার ফ্যাক্টর $\cos\varphi_2$ লিডিং এ আসে।

◆ **সিনক্রোনাস মোটরকে কিভাবে ইউনিটি পাওয়ার ফ্যাক্টরে পরিচালনা করা যায়?**

উত্তর ঃ প্রদত্ত কোন লোডে মোটরের ফিল্ড এক্সাইটেশন কম-বেশী করে এমন এক পর্যায়ে আনা হয় যাতে মোটরের আর্মেচার বাসবার থেকে সবচেয়ে কম কারেন্ট গ্রহণ করে। এ অবস্থায় আর্মেচার কারেন্ট ও সরবরাহ ভোল্টেজের মধ্যে কৌণিক দূরত্ব কিছুই থাকে না। এ অবস্থায় মোটর যে পাওয়ার ফ্যাক্টরে পরিচালিত হয় তাই ইউনিটি পাওয়ার ফ্যাক্টর।

◆ **সিনক্রোনাস মোটর এর হান্টিং বা ফেজ সুয়িঞ্জিং বলিতে কি বুঝ? উহার কারণ, অসুবিধা ও প্রতিকার লিখ?**

উত্তর ঃ হান্টিং বা ফেজ সুয়িঞ্জিং ঃ যখন সিনক্রোনাস মোটর অনবরত পরিবর্তনশীল লোডে পরিচালিত হয় বা সরবরাহ লাইনের পালসেটিং পরিবর্তিত হতে থাকে তখন মোটরের গতিবেগও ক্রমাগত তার সঙ্গে ওঠা-নামা করতে থাকে। মোটরের এ অবস্থাকেই হান্টিং বা কলা-দোলন বা ফেজ সুয়িঞ্জিং বলে।

হান্টিং এর কারণ ঃ নিম্নলিখিত কারণে সিনক্রোনাস মোটরে হান্টিং দেখা দিতে পারে।

১। সিনক্রোনাস মোটরের শ্যাফট সহসা লোড হ্রাস, বৃদ্ধি বা সরিয়ে নিলে অথবা অনবরত পরিবর্তনশীল লোড দিলে।

২। সাপ্লাই ফ্রিকোয়েন্সি পরিবর্তনশীল হলে।

৪। সিনক্রোনাস মোটর অতিশয় লম্বা ট্রান্সমিশন লাইনের সাথে সংযুক্ত থাকলে।

অসুবিধা ঃ সিনক্রোনাস মোটরে হান্টিং হলে নিম্নলিখিত অসুবিধা দেখা দেয়।

১। মোটরে কারেন্ট এবং পাওয়ার গ্রহণে প্রচুর পরিবর্তন হয়।

২। মোটরে যান্ত্রিক অংশে প্রচুর চাপ পড়ে ও ক্ষয়ক্ষতি হয়। যেমন- বিয়ারিং, শ্যাফট ও পুলি ইত্যাদি ক্ষয়, ঘর্ষণ বা ভেঙ্গে যেতে পারে।

৩। মোটরের ওয়াইন্ডিং পুড়ে যেতে পারে।

৪। অধিক হান্টিং এ মোটর বন্ধ হয়ে যেতে পারে।

হান্টিং এর প্রতিকার ঃ সিনক্রোনাস মোটরে প্রধানত ড্যাম্পার ওয়াইন্ডিং বা অ্যামোরটিস্যার (Amortisseur) ব্যবহার করে হান্টিং দূর করা হয়। তাছাড়া আর যে সকল পদ্ধতি ব্যবহৃত হয় সেগুলো হল ঃ

১। গভর্ণরের সঙ্গে ওয়েল "ড্যাশপট" (Dashpot) ব্যবহার করে।

২। ভারী ফ্লাই হুইল ব্যবহার করে।

৩। ফিল্ড পোলের চারিদিকে মোটা তামার পাতের বালা ব্যবহার করে।

◆ **সিনক্রোনাস মোটর এর ব্যবহারিক ক্ষেত্রগুলো উল্লেখ কর? [DUET: 11-12]**

উত্তর ঃ সিনক্রোনাস মোটর এর ব্যবহারিক ক্ষেত্রগুলো নিম্নে দেওয়া হল

১। ট্রান্সমিশন লাইন এবং মিল কলকারখানায় পাওয়ার ফ্যাক্টর উন্নত করার জন্য সিনক্রোনাস ক্যাপাসিটর বা সিনক্রোনাস কন্ডেন্সার হিসেবে এ মোটর ব্যবহৃত হয়।

২। লোডের বিভিন্ন অবস্থায় ট্রান্সমিশন লাইনে তড়িৎ চাপ ঘাটতি হলে তা পূরণ করে তড়িৎ চাপ সমান রাখার কাজে সিনক্রোনাস রিয়্যাকটর হিসাবে ব্যবহৃত হয়।

৩। যে সমস্ত ক্ষেত্রে লোডের সব রকম অবস্থায় স্থির গতিবেগ বজায় রাখা আবশ্যক সেখানে সিনক্রোনাস মোটর ব্যবহৃত হয়।

৪। যে সমস্ত কাজে মোটরকে উভয়দিকে ঘুরানোর প্রয়োজন হয় সে সমস্ত ক্ষেত্রে সিনক্রোনাস মোটর উপযোগী।

৫। দ্বৈত ব্যবহার (Dual use) এর ক্ষেত্রে (Power factor উন্নতি এবং যান্ত্রিক লোড বহন) সিনক্রোনাস মোটর যথেষ্ট ব্যবহৃত হয়।

◆ **সিনক্রোনাস মটরের (Synchronous Motor) Starting পদ্ধতির ব্যাখ্যা ঃ**

সিনক্রোনাস মোটরের স্টার্টিং টর্ক শূন্য বিধায় এ মোটরের রোটরকে কোন না কোন উপায়ে স্টেটরে উৎপন্ন Rotating Magnetic Field এর গতির কাছাকাছি গতিতে এনে দিতে হয়। ডি.সি এক্সাইটেশন দেওয়ার ফলে রোটরে উৎপন্ন মেরুত্ব যখন স্টেটরের ঘূরন্ত চুম্বক ক্ষেত্রের মেরুত্বের মধ্যে সামঞ্জস্য আসে তখন উহাদের মধ্যে চুম্বকীয় কাপলিং হয় ও সিনক্রোনাস গতিতে ঘুরে।

Starting পদ্ধতিগুলি নিম্নে দেয় হলো ঃ

১। ডি. সি মোটর এর সাহায্যে চালু করা।

২। স্বয়ং চালু ক্ষমতা সম্পন্ন সিনক্রোনাস মোটর।

৩। সিনক্রোনাস ইন্ডাকশন মোটর হিসাবে চালু করা।

৪। "পোনি" মোটরের সাহায্যে চালু করা।

৫। এক্সাইটারের সাহায্যে চালু করা।

সিনক্রোনাস মোটরের Starting প্রক্রিয়া ঃ

বর্তমানে প্রায় সকল আধুনিক সিনক্রোনাস মোটরে ড্যাম্পার ওয়াইন্ডিং করা থাকে। ড্যাম্পার ওয়াইন্ডিং যুক্ত সিনক্রোনাস মোটর স্টার্ট দেওয়ার সময় নিম্নলিখিত প্রক্রিয়ায় কাজ করা হয়।

১। সর্ব প্রথম প্রধান ফিল্ড ওয়াইন্ডিং শর্ট সার্কিট করা হয়।

২। এরপর অটো ট্রান্সফরমার স্টার্টারের সাহায্যে স্টেটর টার্মিনালে কম ভোল্টেজ সরবরাহ দিতে হয় যাতে মোটর চলতে পারে।

৩। যখন মোটর এর স্বাভাবিক গতিতে ঘুরতে আরম্ভ করে তখন শর্ট সার্কিট ফিল্ড ওয়াইন্ডিং শর্ট অবস্থা থেকে মুক্ত করে স্বল্প মানের ডি. সি এক্সাইটেশন দেয়া হয়। এক্সাইটেশন পর্যাপ্ত হলে মেশিন সিনক্রোনিজম অবস্থায় চলে আসবে।

৪। অতঃপর স্টেটরে পূর্ণ সরবরাহ ভোল্টেজ প্রয়োগ করা হয়। এ অবস্থায় অটো স্টার্টারের প্রয়োজন হয় না।

Self Study

১। একটি সিঙ্গেল জেফ ইন্ডাকশন মোটরের ওয়াইন্ডিং সমূহের ডায়াগ্রাম আঁক।

২। একটি 3-φ ইন্ডাকশন মোটরের ষ্টার্টার-এর একটি পদ্ধতি ডায়াগ্রাম সহ ব্যাখ্যা কর।

৩। একটি 4 পোল, 3-φ ইন্ডাকশন মোটর 440 ভোল্ট সাপ্লাইয়ে চলে। 0.04 স্লিপে মোটরটির রোটর স্পীড 1440 r.m.p। যদি একটি চার পোলের সিনক্রোনাস মোটরকে একই সাপ্লাইয়ের সাথে সংযুক্ত করা হয় তবে সিনক্রোনাস মোটরের স্পীড কত হইবে?**Ans: 1500 rpm [DUET: 02-03]**

৪। ইন্ডাকশন মটরের স্লিপ এর সংজ্ঞা দাও। একটি 4- পোল, 3-φ ইন্ডকশন মটর 50 হার্জ এ চলিয়া প্রতি মিনিটে 1440 বার ঘুরে। রোটর কারেন্টের ফ্রিকুয়েন্সি বাহির কর।
Ans: f = 2 Hz [DUET: 01-02]

৫। একটি ইন্ডাকশন মোটরের স্লিপ বলতে কি বুঝ? একটি 4-Pole, 50Hz, 3-φ ইন্ডাকশন মোটর 1455 r.p.m- এ ঘুরে। মোটরের সিনক্রোনাস স্পীড ও শতকরা স্লিপ বাহির কর। **Ans: 1500 rpm, 3%**

৬। একটি 3-φ 4-Pole, 50Hz, ইন্ডাকশন মোটরের ফুল লোডে স্লিপ 3%। মোটরের সিনক্রোনাস স্পীড ও ফুল লোড স্পীড নির্ণয় কর। **Ans: 1500 rpm, 1455 rpm**

"আনাস (রা) থেকে বর্ণিত। নবী করীম (সঃ) বলেছেন, তোমরা তোমাদের মাল, জান ও মুখ (জবান) দিয়ে মুশরিকদের বিরুদ্ধে জিহাদ করো"

(আবু দাউদঃ ২৫.৪)

সিনক্রোনাস মোটর

♦ সিনক্রোনাস মোটর কি? কি কি পদ্ধতিতে সিনক্রোনাস মোটর start দেওয়া হয়?

সিনক্রোনাস মোটর ঃ সিনক্রোনাস মোটর এমন একটি মোটর যা No Load হতে Full Load পর্যন্ত একটি নির্দিষ্ট গতিতে ঘুরে, অর্থাৎ এটা সব সময় সিনক্রোনাস গতিতে $(N_s = \frac{120f}{p})$ ঘুরে। এ মোটরের ঘূর্ণনের গতিবেগ লোড পরিবর্তনের সাথে সাথে অন্যান্য মোটরের ন্যায় পরিবর্তিত হয় না, তবে এর গতিবেগ পোলের সংখ্যা বা সাপ্লাই ফ্রিকোয়েন্সির সংখ্যার পরিবর্তনের সাথে পরিবর্তিত হয়ে থাকে। এর গতিবেগ পোল সংখ্যার সাথে উল্টানুপাতিক, আর ফ্রিকোয়েন্সির সাথে সমানুপাতি।

♦ **সিনক্রোনাস মোটরের Starting পদ্ধতি ঃ**

১। DC Motor এর সাহায্যে।
২। Pony Motor এর সাহায্যে।
৩। স্বয়ং চালু ক্ষমতা সম্পন্ন সিনক্রোনাস মোটরের সাহায্যে।
৪। সিনক্রোনাস ইন্ডাকশন মোটরের সাহায্যে।
৫। Exciter এর সাহায্যে।

♦ একটি সিনক্রোনাস মোটরের পাঁচটি প্রধান অংশের নাম লিখ। **[DUET: 12-13]**

সমাধানঃ

১. স্টেটর ওয়াইন্ডিং
২. রোটর ওয়াইন্ডিং
৩. ম্যাগনেটিক ফ্রেম
৪. কার্বন ব্রাশ
৫. স্লিপ রিং

♦ সিনক্রোনাস মোটর এর বৈশিষ্ট্যগুলো লিখ?

১। উহা No Load ও Full Load অবস্থায় সর্বদা একই গতিবেগে ঘুরে।
২। উহাতে কোন Slip নেই।
৩। Alternator এবং উহার গঠনপ্রণালী একই বলে উহাকে Alternator হিসেবে চালানো যায়।
৪। উহা নিজে নিজে চালু হতে পারে না।
৫। উহার Stator ও Rotor এর Pole সংখ্যা সমান।
৬। উহা যে কোন P.f এ চালানো যায়।

(iv) রোটর ফ্রিকোয়েন্সি, যখন রোটর স্থির থাকে।

Solution:

(i) $N_S = \frac{120 \times f}{P} = \frac{120 \times 50}{4}$

$= 1500$ rpm

$P = 4$, $f = 50$ Hz, $S_1 = 0.04$, $S_2 = 0.03$, $S_3 = 1$

(ii) $S_1 = \frac{N_S - N_r}{N_S}$

$0.04 = \frac{1500 - N_r}{1500}$

$N_r = 1440$ rpm

(iii) $f_r = S_2 \times f$

$= 0.03 \times 50$

$= 1.5$ Hz

(iv) $f_r = S_3 \times f$

$= 1 \times 50 = 50$ Hz

৪। একটি 4 পোল, 3-φ ইন্ডাকশন মোটর সাপ্লাই এর সাথে যুক্ত করা হয়, যাহার সাপ্লাই ফ্রিকোয়েন্সি 50Hz, নির্ণয় কর।

(i) সিনক্রোনাস স্পিড (N_S)

(ii) রোটর স্পিড (N_r), যখন স্লিপ 0.04

(iii) রোটর ফ্রিকোয়েন্সি (f_r), যখন রোটরের গতিবেগ 600 r.p.m.

Solution:

(i) $N_S = \frac{120 \times f}{P} = \frac{120 \times 50}{4}$

$= 1500$ rpm

(ii) $S = \frac{N_S - N_r}{N_S}$

$0.04 = \frac{1500 - N_r}{1500}$

$N_r = 1440$ rpm

দেওয়া আছে

P = 4 পোল

f = 50 হার্টজ

(iii) $f_r = S_1 \times f$

$= 0.6 \times 50$

$= 30$Hz

যখন, $N_r = 600$ rpm

$S_1 = \frac{1500 - 600}{1500} = 0.6$

৫। একটি 12 Pole, 3-φ অল্টারনেটরের গতিবেগ 500 r.p.m। এটি একটি 3-φ, 8 Pole ইন্ডাকশন মোটরকে সরবরাহ দিচ্ছে। যদি মোটরের ফুল লোডে স্লিপ 0.03 হয় তবে নির্ণয় কর মোটরের full load অবস্থায় স্পিড।

[Same as DUET: 11-12]

Solution:

সাপ্লাই ফ্রিকোয়েন্সি-

$f = \frac{P \times N_S}{120}$

$f = \frac{12 \times 500}{120}$

$= 50$ Hz

$N_S = 500$ r.p.m

$P = 12$

$S = 0.03$

সিনক্রোনাস স্পিড, $N_S = \frac{120f}{p}$

$= \frac{120 \times 50}{8}$

$= 750$ rpm

(ii) $S = \frac{N_S - N_r}{N_S}$

$0.03 = \frac{750 - N_r}{750}$

$N_r = 727.5$ rpm

৬। একটি 3 ফেজ, 4 পোল, ইন্ডাকশন মোটর 4% স্লিপ এ চলে। রোটর এর স্পিড এবং ইনডিউসড কারেন্ট এর ফ্রিকোয়েন্সি নির্ণয় কর। [DUET: 07-08]

Solution:

Given that, P = 4, V = 440V, f = 50Hz, s = 4% = 0.04

Speed, $N_s = \frac{120f}{P} = \frac{120 \times 50}{4} = 1500rpm$

∴ Induced এর current frequency

$f_r = sf$,

$= 0.04 \times 50$

$= 2$Hz

৭। একটি 10-pole মেশিনের স্পীড গণনা কর, যাহা $e = 500\sin 314t$ ভোল্টেজ তরঙ্গ উৎপন্ন করে।

[DUET: 06-07]

Solution:

দেওয়া আছে,

$e = 500\sin 314t$ volt

এখানে, $\omega = 314$

$\Rightarrow 2\pi f = 314$

$\Rightarrow f = \frac{314}{2\pi} = 50Hz$


আমরা জানি, $N = \frac{120f}{P} = \frac{120 \times 50}{10} = 600rpm$

◆ স্কুইরেল কেজ ও স্লিপ রিং ইন্ডাকশন মোটরের পার্থক্য বা তুলনা করা ঃ

উত্তর ঃ নিম্নে স্কুইরেল কেজ ও স্লিপ রিং ইন্ডাকশন মোটরের পার্থক্য দেয়া হলো।

স্কুইরেল কেজ	স্লিপরিং মোটর
১। ষ্টার্টিং টর্ক কম।	১। ষ্টার্টিং টর্ক বেশী।
২। পাওয়ার ফ্যাক্টরের মান কম।	২। পাওয়ার ফ্যাক্টরের মান তুলনামূলক ভাল।
৩। ইহা অপেক্ষাকৃত মজবুত, তাই খরচ কম।	৩। তুলনমূলক খরচ বেশী।
৪। কর্মদক্ষতা বেশী।	৪। কর্মদক্ষতা কম।
৫। ইহা চালাইতে এক্সাইটার এর প্রয়োজন হয়।	৫। এক্সাইটারের প্রয়োজন হয় না।
৬। অধিক পরিমান লোড নিয়ে ষ্টার্ট করার পক্ষে এ মোটর উপযোগী নয়।	৬। এ মোটর অধিক পরিমান লোড নিয়ে ষ্টার্ট নিতে পারে।

◆ একটি তিন ফেজ ইন্ডাকশন মোটরে পাওয়ার ষ্টেজ ঃ



◆ Induction motor এর কগিং বা Magnatic locking কি ? এটি কেন সৃষ্টি হয় ?

উত্তর: অনেক সময় স্কুইরেল কেজ মোটর Start নিতে চায়না বিশেষ করে কম ভোল্টেজে এই ঘটনা দেখা দেয় একে Cogging বা Magnatic locking বলে। এটি দুর করার জন্য খাজের সংখ্যা স্টেটর খাজের চেয়ে বেশি ধরা হয়।

Solved Problems

১। একটি স্লিপ রিং ইন্ডাকশন মোটর ফুল লোড অবস্থায় 290 r.p.m এ ঘুরে যখন সাপ্লাই ফ্রিকুয়েন্সি 50Hz। মোটরের পোল সংখ্যা এবং স্লিপ নির্ণয় কর।

Solution:

যেহেতু রোটরের গতিবেগ, N_r = 290 rpm

ধরি, স্টেটরের গতিবেগ, N_S = 300 rpm

যাহা 290 r.p.m এর কাছাকাছি।

আমরা জানি, $N_S = \frac{120f}{P}$

$$\Rightarrow 300 = \frac{120 \times 50}{P}$$

$$\Rightarrow P = \frac{120 \times 50}{300}$$

$$= 20$$

∴ পোল সংখ্যা = 20

দেওয়া আছে,

রোটর স্পিড, N_r = 290 r.p.m

f = 50 Hz

স্লিপ, $S = \frac{N_S - N}{N_S}$

$$= \frac{300 - 290}{300}$$

= 0.033 (Ans.)

২। একটি 3-φ ইন্ডাকশন মোটরের স্টেটরের প্রতি ফেজের প্রতি পোলে 3টি করে স্লট আছে (অর্থাৎ স্লট সংখ্যা = 3 স্লট/পোল/ফেজ)। সাপ্লাই ফ্রিকোয়েন্সি 50Hz হলে নির্ণয় কর

১। স্টেটরে পোল সংখ্যা এবং স্টেটরে মোট স্লট সংখ্যা

২। স্টেটরের গতিবেগ (N_S)

Solution: (i) পোল সংখ্যা P = 2n = 2 × 3 = 6

স্লট সংখ্য = 3 × 6 × 3 = 54

(ii) $N_S = \frac{120 \times f}{P} = \frac{120 \times 50}{6}$

= 1000 r.p.m

৩। একটি 4 পোল, 3-φ ইন্ডাকশন মোটর কে সাপ্লাই এর সাথে যুক্ত করা হয় যাহার সাপ্লাই ফ্রিকোয়েন্সি 50Hz, নির্ণয় কর ঃ

(i) স্টেটর এর গতিবেগ (N_S)

(ii) রোটরের গতিবেগ (N_r), যখন স্লিপ 0.04

(iii) রোটর ফ্রিকোয়েন্সি (f_r), যখন স্লিপ 0.03

♦ফেজ উড বা স্লিপ রিং ইন্ডাকশন মোটর এবং ইহার সুবিধা, অসুবিধা ও ব্যবহার লিখ?

ফেজ উড ইন্ডাকশন মোটর ঃ স্কুইরেল কেজ ইন্ডাকশন মোটরের রোটরের ইন্ডাকট্যান্স বেশি এবং রেজিষ্ট্যান্স কম থাকায় এর স্টার্টিং টর্ক কম। এ স্টার্টিং টর্ক বর্ধিত করার জন্য ফেজ উড টাইপ রোটর ব্যবহার করা হয়। এ রোটরের রেজিষ্ট্যান্স অধিক পরিমাণে বাড়ানোর জন্য রোটরের তিন ফেজ ওয়াইন্ডিং (সুপার এনামেল কপার ওয়ার দ্বারা) করা হয়। স্টেটরের সম সংখ্যক পোল রোটরে থাকে। রোটরে এ তিনফেজ ওয়াইন্ডিং সাধারণত স্টার কানেকশনে থাকে।

সুবিধা ঃ

১। রোটর সার্কিটের রেজিষ্ট্যান্স ইচ্ছামত বাড়ানো যায় বলে মোটরের স্টার্টিং টর্ক খুব বেশী।

২। রোটর সার্কিটের রেজিষ্ট্যান্স প্রয়োজনমত বাড়িয়ে বা কামিয়ে এর গতিবেগ নিয়ন্ত্রণ করা যায়।

৩। অধিক পরিমাণ লোড নিয়ে স্টার্ট করার পক্ষে এ মোটর উপযোগী।

৪। রোটর রেজিষ্ট্যান্স প্রয়োজনমত বৃদ্ধি করে স্টার্টার ছাড়াই চালানো যায়।

অসুবিধা সমূহ ঃ

১। ইহা স্কুইরেল কেজ ইন্ডাকশন মোটরের তুলনায় দাম বেশী

২। অতিরিক্ত এক্সটারনাল রেজিষ্ট্যান্স হওয়ায় রোটর সার্কিটের রেজিষ্ট্যান্স বৃদ্ধি পায় ফলে মোটরে পাওয়ার লস বেশি হয়।

৩। এ মোটরের দক্ষতা/ইফিসিয়েন্সি তুলনামূলক কম।

ব্যবহার ঃ

১। ক্রেন	২। মাইন শ্যাফট
৩। পাম্প	৪। লিফট
৫। রোলিং মিলস্	৬। রেলওয়ে

♦ নো লোড অবস্থায় ইন্ডাকশন মোটরের পাওয়ার ফ্যাক্টর নিম্নমানের হওয়ার কারণ কি?

কারণ ঃ নো লোডে ইন্ডাকশন মোটর প্রধানত ম্যাগনেটাইজিং কারেন্ট উৎপন্ন করে যা এয়ার গ্যাপে প্রয়োজনীয় ফ্ল্যাক্সের সৃষ্টি করে। এ ম্যাগনেটাইজিং কারেন্টের কারণেই পাওয়ার ফ্যাক্টর নিম্নমানের হয়। যখন মোটর লোডগ্রস্থ হয় তখনও এ ম্যাগনেটাইজিং কারেন্টের পরিমান প্রায় একই থাকে এবং এ কারেন্ট আবার ফুল লোড অবস্থায় মোটরের ইনপুট কারেন্টের তুলনায় কম হয়, যার ফলে পাওয়ার ফ্যাক্টর আগের তুলনায় উন্নত হতে থাকে। এ জন্য নো-লোড অবস্থায় মোটরের পাওয়ার ফ্যাক্টর নিম্নমানের হয়।

♦স্কুইরেল কেজ মোটর অধিক লোড দিয়ে ষ্টার্ট দেওয়া সম্ভব নয় কেন?

কারণ ঃ স্কুইরেল কেজ মোটরের রোটর রেজিষ্ট্যান্স খুব কম থাকে এবং বাহির হতে অতিরিক্ত রেজিষ্ট্যান্স এতে সংযোজন করে মোটরের রোটর রেজিষ্ট্যান্স বৃদ্ধি করার কোন উপায় নেই। এর ফলে স্টার্টিং টর্ক নিম্নমানের হয়। স্টার্টিং কারেন্টও বৃদ্ধি পায় এবং পাওয়ার ফ্যাক্টরও নিম্ন হয়। এছাড়া ষ্টার্টিং এর সময় স্টার্টারের সাহায্যে লাইন ভোল্টেজ কমিয়ে মোটরের টার্মিনালে প্রয়োগ করতে হয়। রোটর এর টর্ক স্টার্টিং এর সময় সাপ্লাই ভোল্টেজের বর্গের সমানুপাতিক হয় বলে সাপ্লাই ভোল্টেজ সামান্য কমালে টর্কের মান কমে যায়। উপরোল্লিখিত কারণে অধিক লোড নিয়ে স্কুইরেল কেজ ইন্ডাকশন মোটর ষ্টার্ট নিতে পারে না।

♦মোটরের ষ্টার্টারের প্রয়োজনীয়তা উল্লেখ কর?

উত্তর ঃ যে কোন বৈদ্যুতিক মোটর চালু করার মুহূর্তে এর রোটর স্থির থাকে। ফলে ইহার ষ্টেটর লাইন হতে স্বাভাবিক কারেন্টের ৫ হতে ৭ গুন বেশী কারেন্ট প্রবাহিত হয়।

বড় বড় মোটরের ক্ষেত্রে এ কারেন্ট এত বেশী হয় যে, তা মোটরে প্রবেশ করতে দিলে সঙ্গে সঙ্গে ষ্টেটরের কয়েল পুড়ে যাবে এবং সরবরাহ লাইনের ভোল্টেজে এক বিরাট বিপর্যয় অবস্থায় সৃষ্টি হবে। সে জন্য 7.5 অশ্বশক্তির বেশি ক্ষমতা সম্পন্ন প্রতিটি মোটর চালু করার সময় উপযুক্ত ষ্টার্টারের সাহায্যে লাইন ভোল্টেজকে কমিয়ে মোটর টার্মিনালে প্রয়োগ করা হয়। ষ্টার্টিং কারেন্টকে একটি নিরাপদ সীমার মধ্যে রাখার জন্য ষ্টার্টিং এর সময় আরোপিত ভোল্টেজকে কমাতে হয় এবং ইহা ষ্টার্টারের মাধ্যমেই করা হয়।

♦ তিন ফেজ ইন্ডাকশন মোটরের লসের তালিকা ঃ

১। তামার অংশের অপচয় বা কপারলস

২। লোহার অংশের অপচয় বা কোরলস

৩। ঘর্ষণ বা হাওয়া সংঘর্ষ জনিত অপচয় বা ফ্রিকশন এন্ড উইন্ডেজ লস্।

"স্বপ্ন সেটা নয়, যেটা তুমি ঘুমিয়ে ঘুমিয়ে দেখো, স্বপ্ন হল সেটাই - যা পুনের প্রত্যাশা তোমাকে ঘুমাতে দেয় না"

(এ.পি.জে আবুল কালাম আজাদ)

$$N_s - N_r = S.\frac{120f}{p}$$

$$N_s - N_r = \frac{120}{p}.S \times f$$

$$N_s - N_r = \frac{120}{p} f_r \ldots\ldots (i)$$

এবং

$$N_s = \frac{120f}{p} \ldots\ldots\ldots (ii)$$

(i) + (ii)

$$\frac{N_s - N_r}{N_s} = \frac{f_r}{f}$$

$$S = \frac{f_r}{f}$$

$$\therefore f_r = s \times f$$

(ii) We know,

$$S = \frac{N_s - N_r}{N_s}$$

$$SN_s = N_s - N_r$$

$$N_r = N_s(1-S)$$

$$N_r = \frac{120f}{p}(1-S)$$

◆ তিন ফেজ ইন্ডাকশন মোটরের প্রকারভেদ ঃ

(১) স্কুইরেল কেজ টাইপ।

(২) ফেজ উন্ড বা স্লিপ রিং টাইপ।

(৩) ডাবল স্কুইরেল কেজ টাইপ।

◆ তিন ফেজ ইন্ডাকশন মোটর ষ্টার্টিং এর কয়েকটি পদ্ধতির নাম লিখ?

তিন ফেজ ইন্ডাকশন মোটর ষ্টার্টিং এর পদ্ধতি গুলো হচ্ছে নিম্নরূপ-

(১) ডাইরেক্ট অন লাইন ষ্টার্টার।

(২) রিয়াক্ট্যাট পদ্ধতি।

(৩) অটো ট্রান্সফরমার পদ্ধতি।

(৪) 3-ϕ ষ্টার ডেল্টা পদ্ধতি।

(৫) রোটর রেজিষ্ট্যান্স পদ্ধতি।

◆তিন ফেজ ইন্ডাকশন মোটরের বিভিন্ন অংশের নাম লিখ?

১। ষ্টেটর এবং রোটর ওয়াল্ডিং

২। শ্যাফট এবং বিয়ারিং

৩। সেট এন্ড প্লেট

৪। কুলিং ফ্যান

৫। এ্যায়ার গ্যাপ

৬। স্লিপ রিং এন্ড স্লিপ রিং ধারক

৭। ব্রাশ

◆একটি ৩-ফেজ ইন্ডাকশন মোটরের স্পিড কন্ট্রোলের পদ্ধতি গুলো লিখ। [DUET: 09-10]

উত্তর ঃ

১। স্টেটর দিক হতে নিয়ন্ত্রনঃ

ক) প্রয়োগকৃত ভোল্টেজ পরিবর্তন করে।

খ) প্রয়োগকৃত ভোল্টেজের ফ্রিকুয়েন্সী পরিবর্তন করে।

গ) স্টেটরের পোল সংখ্যা পরিবর্তন করে।

২। রোটরের দিক হতে নিয়ন্ত্রনঃ

ক) রোটর রিওস্ট্যাট নিয়ন্ত্রন করে।

খ) কেসকেড বা কনকেটেশন করে দুটি মোটর চালিয়ে।

গ) রোটর সার্কিটে ই.এম.এফ প্রয়োগ করে।

◆ স্কুইরেল কেজ ইন্ডাকশন মোটর এবং ইহার সুবিধা , অসুবিধা ও ব্যবহার লিখ?

স্কুইরেল কেজ ইন্ডাকশন মোটর ঃ এ মোটরের রোটর উন্নত মানের ল্যামিনেটেড ইস্পাত কোরের তৈরী। ইহা মোটরের শ্যাফটের সাথে প্রয়োজনীয় চাবির সাহায্যে মজবুতভাবে সংযুক্ত থাকে। এ কোরে শ্যাফটের সমান্তরাল লম্বালম্বি ভাবে খাঁজকাটা থাকে। এ খাঁজে মোটা মোটা কপারের বার স্থাপন করা হয় এবং বার সমূহের উভয় প্রান্ত কপার রিং দ্বারা শর্ট সার্কিট করা হয়। ইহা তখন দেখতে অনেকটা কাঠ বিড়ালীর খাঁচার মত দেখায়। এ জন্যই এর নাম স্কুইরেল কেজ ইন্ডাকশন মটর।

সুবিধা ঃ

(ক) এর গঠনপ্রণালী অতিশয় সহজ ও মজবুত।

(খ) এর উপাদান খরচ অন্যান্য মোটরের তুলনায় কম।

(গ) একটি মোটর দীর্ঘদিন যাবৎ কার্যক্রম অবস্থায় থাকে বলে এর মেরামত এবং রক্ষনাবেক্ষণ খরচ অনেক কম।

(ঘ) মোটরের গতিবেগ বিভিন্ন লোডে প্রায় একই থাকে।

(ঙ) এ মোটরের দক্ষতা/ইফিসিয়েন্সি উচ্চ মানের।

(চ) রানিং পারফরম্যান্স ভাল।

অসুবিধা সমূহ ঃ

(ক) চালু করার সময় এ মোটর লাইন হতে অধিক পরিমাণ কারেন্ট গ্রহণ করে।

(খ) এ মোটরের পাওয়ার ফ্যাক্টর অতিশয় নিম্নমানের থাকে।

(গ) মোটরের স্টার্টিং টর্ক অতিশয় নিম্ন।

(ঘ) এ মোটরের গতিবেগ প্রয়োজন মত নিয়ন্ত্রণ করা যায় না।

ব্যবহার ঃ

(ক) মেশিন শপে বিভিন্ন প্রকার মেশিন পরিচালনায়।

(খ) কাঠের কাজের কারখানায়।

(গ) সিমেন্টের কারখানায়।

(ঘ) বস্ত্র শিল্পের কারখানায়।

(ঙ) আটা বা ধানের মেশিনে।

Induction motor

♦ সাধারণ নীতিতে বৈদ্যুতিক পাওয়ার থেকে রূপান্তরিত যান্ত্রিক পাওয়ারকেই একটি বৈদ্যুতিক মোটরের ঘূর্ণায়মান (রোটেরিং) অংশে প্রেরণ করা হয়। ডিসি মোটরের ক্ষেত্রে বৈদ্যুতিক পাওয়ার সরাসরি আর্মেচার হয়ে ব্রাশ এবং কমুটেটরের মধ্যে দিয়ে প্রবাহিত হয় কিন্তু এসি মোটরের ক্ষেত্রে, রোটরের পাওয়ার ষ্টেটর হতে পরিবাহী হয়ে পরিবাহিত হয় না। মোটরের রোটরের পাওয়ার ষ্টেটর হতে আবেশিত উপায়ে গ্রহন করে। এ জন্য এ মোটরকে ইন্ডাকশন মোটর বলা হয়। ট্রান্সফরমারের সেকেন্ডারিতে যেমন কোন বৈদ্যুতিক সংযোগ ছাড়াই ভোল্টেজ আবিষ্ট হয় ঠিক তেমনি ইন্ডাকশন মটরের স্টেটরেও ভোল্টেজ আবিষ্ট হয়। এ জন্য একে রোটেটিং ট্রান্সফরমারও বলা হয়।

♦ ইন্ডাকশন মোটরের প্রকারভেদ ঃ

সরবরাহ পদ্ধতি অনুযায়ী ইন্ডাকশন মোটর দুই প্রকার। যথা-

(i) এক ফেজ ইন্ডাকশন মোটর

(ii) তিন ফেজ ইন্ডাকশন মোটর

♦ গঠনগত দিক দিয়ে সিঙ্গেল ফেজ ও থ্রি ফেজ ইন্ডাকশন মোটরের মধ্যে কোন পার্থক্য নেই। সিঙ্গেল ফেজ ও থ্রি ফেজ ইন্ডাকশন মোটরের মধ্যে যে সকল পার্থক্য লক্ষ্য করা যায়, তা নিম্নে দেয়া হলো-

১। সিঙ্গেল ফেজ ইন্ডাকশন মোটরের ষ্টেটরে সিঙ্গেল ফেজ সাপ্লাই দেয়া হয়।

২। মাঝে মাঝে, ষ্টার্টিং এর কাজে ব্যবহৃত ওয়ান্ডিংকে বিচ্ছিন্ন করার জন্য একটি সেন্ট্রিফিউগাল সুইচ ব্যবহৃত হয়।

♦ সিঙ্গেল ফেজ ইন্ডাকশন মোটর নিজে নিজে চালু হওয়ার উপোযোগী করণ ঃ

সিঙ্গেল ফেজ ইন্ডাকশন মোটর কে যাতে নিজে নিজে চালু হতে পারে সেজন্য একটি অতিরিক্ত ওয়ান্ডিং যুক্ত করে দুই ফেজ মোটরে পরিণত করা হয়। যাকে বলা হয় ষ্টার্টিং ওয়ান্ডিং। যখন মোটরের গতিবেগ ইহার রেটেড গতিবেগের শতকরা 70% থেকে 80% ভাগে পৌছে তখন স্বয়ংক্রিয়ভাবে ষ্টার্টিং ওয়ান্ডিংটি বিচ্ছিন্ন হয়ে যায়।

♦ 1–φ ইন্ডাকশন মোটরের ব্যবহার নিম্নরূপ ঃ

(ক) সিলিং ফ্যানে

(খ) ভ্যাকুয়াম ক্লিনারে

(গ) বাসা বাড়ির পানি তোলার পাম্প মেশিনে

(ঘ) ফুড/ড্রিনক্স ফিক্চার মেশিনে

♦ Induction Motor এ কি কি ধরনের test করা হয়?

উত্তর:

i) No-load test

ii) Block rotor test or Load test

iii) Stator resistance test

♦ কি কি উপায়ে Induction motor এর গতি নিয়ন্ত্রন করা যায়?

উত্তর:

i) Motor এর Suply Voltage কম বেশি করে

ii) Frequency পরিবর্তন করে

iii) Stator এর পোল সংখ্যা পরিবর্তন করে

iv) Rotor CKT এর Resistance পরিবর্তন করে

♦ Induction Motor এর Synchronous watt কি?

উত্তর: Induction Motor এ air gap অতিক্রম করে rotor এ যে পাওয়ার develop হয় তাকে Induction motor এর Synchronous watt বলে।

♦ **স্লিপ ঃ** মোটরের সিনক্রোনাস স্পিড (N_s) এবং রোটর স্পিডের (N_r) পার্থক্য সিনক্রোনাস স্পিডের অনুপাতে প্রকাশ করাকে স্লিপ বলা হয়। ইন্ডাকশন মোটরের স্লিপ সাধারণত 4% থেকে 8% হয়ে থাকে। একে সাধারণত শতকরা হারে প্রকাশ করা হয়।

$$\% S = \frac{N_s - N_r}{N_s} \times 100$$

♦ **সিনক্রোনাস স্পিড ঃ** ষ্টেটরে রোটেটিং ম্যাগনেটিক ফিল্ডের যে গতি তাই সিনক্রোনাস স্পিড। একে N_s দ্বারা প্রকাশ করা হয়।

$$N_s = \frac{120f}{P}$$

এখানে N_s = সিনক্রোনাস স্পিড

f = ফ্রিকোয়েন্সি

P = পোল সংখ্যা

♦ **রোটর স্পিড ঃ** রোটর যে গতিতে ঘুরে তাই রোটর স্পিড। একে N_r দ্বারা প্রকাশ করা হয়।

♦ দেখাও যে, (i) $f_r = S \times f$

(ii) $N_r = \frac{120f}{p}(1 - s)$

(i)

এখানে, f_r = রোটর ফ্রিকোয়েন্সি

f = সাপ্লাই ফ্রিকোয়েন্সি

S = স্লিপ

We know,


$N_s - N_r = S.N_s$

জন্য উহাকে Induction motor বলা হয়। (D.C Motor-এ Supply হতে Current রোটরে (Armature-এ) প্রয়োগের ফলে উহাকে Conduction motor ও বলা যায়।)

3–φ Induction motor এর Stator এ তিন ফেজ Winding থাকে। এতে Supply দিলে উহা ঘুরন্ত চুম্বক ক্ষেত্র তৈরী করে এবং সিনক্রোনাস গতিবেগে ঘুরতে থাকে। এই চুম্বক বলরেখা (Flux) Rotor Conductor-এ ভোল্টেজ আবিষ্ট করে, যাহা কারেন্ট এবং ঘূর্ণক (Torque) উৎপন্ন করে। ঘুরন্ত চুম্বক ক্ষেত্র যে দিকে ঘুরে লেঞ্জের নিয়ম (Lenz's law) অনুসারে Rotor-ও সেদিকে ঘুরতে আরম্ভ করে। তবে ঘর্ষণ ও অন্যান্য শক্তি ক্ষয়ের জন্য Rotor-এর গতিবেগ Synchronous speed এর চেয়ে কিছু কম থাকে। লোড বেশী হলে ঘূর্ণকও বেড়ে যায় এবং গতিবেগ (Speed) কমতে থাকে।

♦ঘুরন্ত চুম্বক ক্ষেত্র (Rotating magnetic field) :

Induction motor এর Stator-এ তিন ফেজ সাপ্লাই দেওয়ার পর সেখানে চুম্বক ক্ষেত্রের সৃষ্টি হয় এবং উহা Synchronous গতিতে ঘুরতে থাকে। এই ঘুরন্ত চুম্বক ক্ষেত্র চুম্বকীয় পোল (Magnetic pole) ঘুরিলে যে কাজ হয় সে রকম কাজ করে। তিনটি ফ্লাক্স দ্বারা Resultant Flux প্রতি মুহূর্তে উহার স্থান বদল করিয়া একটি নির্দিষ্ট গতিতে সর্বদা সমমানে থাকিয়া নির্দিষ্ট দিকে ঘুরিতে থাকে। তিনটি Flux 120° পর পর অবস্থান করে। প্রতিটি Wave-এর সর্বোচ্চ ফ্লাক্স φ এবং লব্ধি ফ্লাক্স φ_R (যেখানে $\varphi_R = 1.5\varphi$)।



♦ স্কুইরেল কেজ রোটর (Squirrel case rotor) :

Induction motor এর এই ধরনের Rotor-এর প্রতিখাঁজে একটি করে মোটা তামার (বা অ্যালুমিনিয়ামের) কন্ডাক্টর বসানো থাকে, আর সেই কন্ডাক্টর গুলিকে উহাদের দুই মাথায় পরস্পরের সংগে দুইটি ধাতু নির্মিত বৃত্তাকার End ring দিয়ে শর্ট (Short) করা থাকে। Conductor বেশ মোটা থাকে এবং Rotor-এর গঠন ও বেশ সরল। সে জন্য এ ধরনের Rotor মজবুত ও দীর্ঘস্থায়ী হয়। অতিরিক্ত লোডের জন্য তেমন কোন ক্ষতি হয়না এবং ব্যবহার সবচেয়ে বেশী।

♦ Induction motor এর Slip : [DUET: 09-10]

Induction motor এর Rotor সর্বদা Synchronous speed এর চেয়ে কম গতিতে ঘোরে। কারণ যদি Rotor সিনক্রোনাস গতিতে ঘোরে তবে ফ্লাক্স তার Conductor গুলিকে কর্তন করতে পারে না। ফলে Rotor সার্কিটে Current এবং ফলসরূপ Torque উৎপন্ন হবে না এবং motor টি থেমে যাবে। Motor এর Synchronous speed এবং Rotor speed এর পার্থক্যকে Synchronous speed এর অনুপাতে প্রকাশ করলে তাকে Slip বলে। উহাকে শতকরায় প্রকাশ করা হয়

$$\% \text{ Slip } (s) = \frac{N_s - N_r}{N_s} \times 100$$

এখানে-

$S = Slip$

$N_s = Synchronous\ speed$

$N_r = Rotor\ Speed$

♦ Starting of Induction motor :

1. Squirrel case motor :
   (a) Direct Starting.
   (b) Reduced voltage starting.

উহা আবার তিন প্রকার-

   (i) Primary resistance - reactance method
   (ii) Auto Transformer method.
   (iii) Star-dalta method.

2. Slip ring motor

"তিনি আল্লাহ! তিনি ছাড়া আর কোনো ইলাহ নাই। তিনি চিরঞ্জিব ও চিরস্থায়ী"

(সূরা বাকারা-২৫৫)

A.C Motor

♦ এ. সি মোটরের শ্রেণী বিভাগ

1. According to principle of operation :
   (i) Synchronous motor.
   (ii) Asynchronous motor.

Asynchronous motor কে দুই ভাগে ভাগ করা যায়।

[DUET: 06-07]

(a) Induction motor
   (ক) Squirrel case Motor
   (খ) Slipring Motor

(b) Commutator motor
   (ক) Series
   (খ) Shunt
   (গ) Compensated
   (ঘ) Repulsion.

2. According to types of current flow :
   (i) Single phase
   (ii) Poly phase.

3. According to speed.
   (i) Constant speed motor.
   (ii) Variable speed motor.
   (iii) Adjustable speed motor.

♦ Single phase (1–φ) Induction motor :

যে সকল মোটরের ষ্টেটর (Stator)- এ 1 – φ Supply দেয়া হয় এবং রোটরে (Rotor-এ) প্রয়োজনীয় বৈদ্যুতিক শক্তি ষ্টেটর হইতে Induction পদ্ধতিতে পাইয়া থাকে তাহাদেরকে Single phase Induction motor বলে। উহা 2-Phase বা 3-φ Induction motor এর মত একই পদ্ধতিতে তৈরী করা হয়, ব্যতিক্রম শুধু উহাতে Stator-এ একটিমাত্র Winding থাকে এবং Rotor-এ শর্ট সর্কিটেড স্কুইরেল কেজ Winding থাকে।

♦ 1-φ Induction motor কেন নিজে নিজে start নিতে পারে না?

অথবা, 1-φ Induction motor starting torque তৈরি করতে পারে না কেন? [DUET – 2000, 2002]

উত্তরঃ 1–φ Induction motor এর বড় দোষ উহারা নিজে নিজে Start নিতে পারে না। কারণ উহাতে 3–φ সিষ্টেমের ন্যায় Rotating magnetic field এর (ঘূরন্ত চুম্বক ক্ষেত্র) সৃষ্টি হয় না। এ জন্য এই Motor কে চালু করার জন্য বিভিন্ন পদ্ধতি অবলম্বন করা হয় যাহাতে Rotating magnetic field এর ন্যায় আচরণ করে একবার Start করিয়ে দিতে পারলে উহা নির্দিষ্ট গতিতে ঘুরিতে থাকে। Slip শূন্য বিধায় ইহা নিজে নিজে Start নিতে পারে না।

♦ Single phase (1–φ) Indication motor চালু করার বিভিন্ন পদ্ধতি লিখ?

১। মোটরের Phase কে বিভক্ত করে চালু করা (Split phase starting)।

২। Capacitor motor হিসাবে চালু করা।

৩। মোটরের Pole আংশিক আচ্ছাদিত করে চালু করা (Shaded pole motor starting)।

৪। Repulsion motor হিসাবে চালু করা (Repulsion Start Induction motor)।

♦ Capacitor start motor :

এই প্রকারের motor এ দুইটি winding থাকে। একটি main Winding বা Running winding এবং অপরটি Starting winding, যার সাথে Capacitor সিরিজে সংযোগ করা থাকে। Capacitor সংযোগের ফলে Starting Coil এর কারেন্ট (I_s) Line voltage এর চেয়ে এগিয়ে থাকে। অপরদিকে Main winding এর কারেন্ট (I_s) Line voltage এর চেয়ে পিছিয়ে থাকে এবং এই কারেন্ট দুইয়ের মধ্যে প্রায় 90^0 কোণ থাকে। এ মটরে। Phase পার্থক্য সৃষ্টির ফলে Torque তৈরী হয় এবং Motor ঘুরতে থাকে। Starting coil এর সাথে লাগানো Centrifugal switch টি স্টার্ট নেয়ার পর খুলে যায়।

♦3–φ Induction motor starting torque তৈরি করতে পারে, ব্যাখ্যা কর।

Induction motor সিঙ্গেল ফেজই হোক অথবা 3 – φ হোক এর Rotor coil (Winding) দিয়ে সরবরাহ (Supply) হতে কোন কারেন্ট প্রবাহিত হয় না। Electromagnetic Induction এর প্রভাবে Rotor coil এ তড়িৎ চাপ আবিষ্ট হয় (অনেকটা Transformer এর মত তাই Induction motor কে ঘুরন্ত Transformer বলা যায়)। রোটর সার্কিটে তড়িৎ বর্তনী সম্পূর্ণ থাকলে উক্ত তড়িৎ চাপ Rotor coil- এ কারেন্ট প্রবাহ সৃষ্টি করে। এ

ম্যাগনেটাইজিং রিয়াকটেন্স = 300Ω, যখন ট্রান্সফরমারটি 0.8 ল্যাগিং পাওয়ার ফ্যাক্টরে 10Amp. প্রদান করে বাহির কর (i) প্রাইমারী কারেন্ট (ii) সেকেন্ডারী টার্মিনাল ভোল্টেজ।

Ans : (i) 20.67A (ii) 386.3 V

৬। 10 KVA, 2000/400v এর Single phase ট্রান্সফরমার এর শর্ট সার্কিট টেস্ট থেকে ডাটা পাওয়া যায় 60V, 4A, 100w. যদি লো ভোল্টেজ সাইড 400v-এ 0.8 ল্যাগিং পাওয়ার ফ্যাক্টরে ফুল লোড কারেন্ট সাপ্লাই করে তবে High voltage সাইডে প্রয়োগকৃত ভোল্টেজ কত? Ans : 2065 V

৮। একটি 230/230 v, 3KVA ট্রান্সফরমার নিম্নলিখিত ডাটা দেওয়া আছে।

O.C Test : 230V, 2Amp, 100w

S.C Test : 15v, 13Amp, 120w

0.8 পাওয়ার ফ্যাক্টর ল্যাগিং এ ফুল লোডের রেগুলেশন এবং ইফিসিয়েন্সী বাহির কর?

Ans : 6.3 %, 91.6%

৯। 10KVA, 500/250v সিংগেল ফেজ ট্রান্সফরমার এর সর্বোচ্চ ইফিসিয়েন্সী 94% যখন ইউনিট পাওয়ার ফ্যাক্টরের 90% লোড সংযুক্ত করা হয়। 0.8 পাওয়ার ফ্যাক্টরের ফুল লোডের জন্য ইফিসিয়েন্সী বাহির কর?

Ans : 92.6%

১০। 100KVA ট্রান্সফরমার এর ফুল লোড লস 3Kw, কপার এবং আয়রন লস সমান। ট্রান্সফরমারটি ফুল লোডে 3 ঘন্টা, হাফ লোডে 4 ঘন্টা চলে। ট্রান্সফরমারের সারাদিনের দক্ষতা বাহির কর?

Ans : 92.26%

১১। একটি 220/440 ভোল্ট ট্রান্সফরমারের প্রাইমারীতে রেজিষ্ট্যান্স 0.15 ওহম ও রিয়্যাক্ট্যান্স 0.3 ওহম এবং সেকেন্ডারীতে অনুরূপ মান যথাক্রমে 0.75 ওহম ও 1.5। যদি 0.8 পাওয়ার ফ্যাক্টর ল্যাগিং এ সরবরাহিত কারেন্ট 10 অ্যাম্পিয়ার হয়, তবে সেকেন্ডারী টার্মিনাল ভোল্টেজ বাহির কর।

Ans: 413 V [DUET: 2000-01, 01-02]

১২। একটি 25 KVA ট্রান্সফরমারের প্রাইমারীতে 500 টার্ন ও সেকেন্ডারীতে 50 টার্ন আছে। প্রাইমারীতে 50 হার্জ এর 3000 ভোল্টেজের সাপ্লাই দেওয়া আছে। ফুল লোড প্রাইমারী ও সেকেন্ডারী কারেন্ট, সেকেন্ডারী ই, এম, এফ কোরে ফ্লাক্সের সর্বোচ্চ মান নির্ণয় কর।

Ans: $I_1 = 8.33A, I_2 = 83.33A,$
$\varphi_m = 27$ mωb.

১৩। একটি সিঙ্গেল ফেজ ট্রান্সফরমারের প্রাইমারী 400 টার্ন ও সেকেন্ডারীতে 1000 টার্ন আছে। কোরের ক্রস-সেকশন ক্ষেত্রফল 60 বর্গ সেঃ মিঃ। প্রাইমারীতে 50 মেগা হার্জ এবং 480 ভোল্টেজ সাপাই দেওয়া হইলে (ক) সেকেন্ডারীতে কত ভোল্টেজ তৈরী হইবে। (খ) কোর ফ্লাক্সের সর্বোচ্চ ঘনত্ব নির্ণয় কর। Ans:

ক) $E_s = 1200V$

খ) $B_m = 9 \times 10^{-11}$ ωb/cm^2

১৪। একটি 4400/220 ভোল্ট ওয়ান ফেইজ ট্রান্সফরামেরর $R_1 = 3.45$ ওহম $R_2 = 0.009$ ওহম $X_1 = 5.2$ ওহম এবং $X_2 = 0.015$ ওহম হইলে প্রাইমারী ও সেকেন্ডারী সাপেক্ষে ইহার ইকুইভেলেন্ট ইম্পিডেন্স বাহির কর। (97-98)

উত্তর ঃ $Z_{01} = 13.23\Omega$, $Z_{02} = 0.033\Omega$

"আনাস (রা) থেকে বর্ণিত। নবী করীম (স:) বলেছেন, তোমরা তোমাদের মাল, জান ও মুখ (জবান) দিয়ে মুশরিকদের বিরুদ্ধে জিহাদ করো"

(আবু দাউদ: ২৫.৪)

২০। একটি সিঙ্গেল ফেজ ট্রান্সফরমারের $z_1 = 1.4 + j\,5.2\ \Omega$ এবং $z_2 = 0.0117 + j\,0.0466\ \Omega$। ইনপুট ভোল্টেজ 6600 V, টার্ন রেশিও 10/1 এবং লোডে 0.8 ল্যাগিং পাওয়ার ফ্যাক্টরে 300 A সরবরাহ হইলে ইহার সেকেন্ডারী টারমিনাল ভোল্টেজ এবং কিলোওয়াট আউটপুট বের কর। [DUET: 05-06]

Solution:

$$K = \frac{N_2}{N_1} = \frac{1}{10} = \frac{1}{a}$$

$$\therefore\ a = 10,\ E_s = \frac{6600}{10} = 660\ V$$

$$R_{02} = R_2 + \frac{R_1}{a_2} = 0.0117 + \frac{1.4}{10^2}$$

$$= 0.0257\ \Omega$$

$$X_{02} = X_2 + \frac{X_1}{a^2} = 0.0465 + \frac{5.2}{10^2}$$

$$= 0.0985\ \Omega$$

Secondary voltage drop

$$= I_2 (R_{02}\cos\theta + X_{02}\sin\theta)$$

$$= 300\,(0.0257 \times 0.8 + 0.0985 \times 0.6)$$

$$= 23.898\ \text{Volts}$$

Terminal Voltage $= 660 - 23.89$

$$= 636.10\ V\ \ \text{(Ans.)}$$

$$E_s = \frac{KVA \times 1000}{300}$$

$$\Rightarrow KVA = 198$$

$$KW = KVA \times \cos\theta = 198 \times 0.8$$

$$= 158.4\ KW\ \ \text{(Ans.)}$$

অতিরিক্ত প্রশ্ন ঃ

১) অন্যান্য সকল বৈদ্যুতিক মেশিনের তুলনায় transformer এর efficiency বেশি কেন ব্যাখ্যা কর।

২) Flux linkage ও Leakage flux বলতে কি বুঝ?

৩) পাওয়ার ট্রান্সফরমার কাকে বলে?

৪) Transformer এর সারাদিনের দক্ষতা বা All day efficiency কাকে বলে?

৫। একটি কোর টাইপ ট্রান্সফরমার ও একটি শেল টাইপ ট্রান্সফরমারের গাঠনিক ডায়াগ্রাম সমূহ আঁক ও লেবেল কর।

Self Study

১। একটি 25KVA, 1-φ ট্রান্সফরমার যার 250 টার্ন প্রাইমারীতে এবং 40 টার্ন সেকেন্ডারীতে দেওয়া আছে। প্রাইমারীতে 1500Volt এবং 50Hz সাপ্লাই দেওয়া হলে বাহির কর।

(i) ফুল লোডে প্রাইমারী এবং সেকেন্ডারী কারেন্ট।

(ii) সেকেন্ডারী ই.এম.এফ।

(iii) কোরে Maximum Flux.

Ans : (i) 240 V (ii) 16.67 Amp (iii) 0.027 ωb

২। একটি 1-φ ট্রান্সফরমার যার প্রাইমারীতে 1000 টার্ন এবং সেকেন্ডারীতে 200 টার্ন আছে। নো লোড কারেন্ট 3Amp, পাওয়ার ফ্যাক্টর 0.2 ল্যাগিং। বাহির কর প্রাইমারী কারেন্ট এবং পাওয়ার ফ্যাক্টর যখন সেকেন্ডারী কারেন্ট 280Amp, 0.80 ল্যাগিং পাওয়ার ফ্যাক্টরে থাকে।

Ans : 58.3 Amp, 0.778 ল্যাগিং

৩। একটি 1-φ ট্রান্সফরমার যার রেশিও 440v/110v ,যাহা নো লোড কারেন্ট 0.2 ল্যাগিং পাওয়ার ফ্যাক্টারে 5Amp গ্রহণ করে। যদি সেকেন্ডারী 0.8 ল্যাগিং পাওয়ার ফ্যাক্টরে 120Amp দেয় তবে ট্রান্সফরমারের প্রাইমারী কারেন্ট কত?

Ans : 34.45 Amp.

৪। 200/400 v, 50Hz সিংগেল ফেজ ট্রান্সফরমার এর সমতুল্য সার্কিট তৈরী কর নিম্ন লিখিত ডাটা থেকে-

O.C Test : 200v, 0.7A, 70w (On low voltage side)

S.C Test : 15V, 10A, 85W (On High voltage side)

সেকেন্ডারীতে ভোল্টেজ বাহির কর যখন 0.8 ল্যাগিং পাওয়ার ফ্যাক্টরে 5Kw প্রদান করে, প্রাইমারীতে ভোল্টেজ ছিল 200v।

Ans : $R_{01} = 0.21\ \Omega$, $X_{01} = 0.31\ \Omega$

$R_0 = 571.4\ \Omega$, $X_0 = 330\ \Omega$

$V_2 = 377.8\ V$

৫। 200/400v স্টেপ আপ ট্রান্সফরমারে সমতুল্য সার্কিটের প্যারামিটার সমুহ লো ভোল্টেজ সাইড এর সাপেক্ষে সমতুল্য রেজিস্ট্যান্স = 0.15Ω, সমতুল্য রিয়াকটেন্স = 0.37Ω, কোর লস কম্পোনেন্ট রেজিস্ট্যান্স = 600Ω,

১৮। 450/120 v, 50Hz, 10KVA ট্রান্সফরমারের ওপেন এবং শর্ট সার্কিট টেষ্ট এর ডাটা নিম্নে দেওয়া হল।

O.C Test : $V_1 = 120v, I_1 = 4.2A,$

$W_1 = 80w$ [From L.V side]

S.C Test : $V_2 = 9.65$ V, $I_2 = 22.2A,$

$W_2 = 120w$ [From H.V.Side]

বের কর : (i) সমতুল্য সার্কিট (ii) ইফিসিয়েন্সী এবং 80% ল্যাগিং পাওয়ার ফ্যাক্টরে লোডের ভোল্টেজ রেগুলেশন (iii) 80% ল্যাগিং পাওয়ার ফ্যাক্টরে হাফ লোড এর ইফিসিয়েন্সী।

Solution:

দেওয়া আছে,

(O.C test হতে) W_1=80w, V_1=120v, I_1=4.2A

(S.C test হতে) V_2=9.65v, I_2=22.2A, W_2=120w

(i) Open circuit test হতে,

$W_1 = V_1 I_{0(2)} \cos\theta_0$ [$I_{0(2)} = I_1$ = Secondary side current at no load]

$$\therefore 0_0 = \cos^{-1}\frac{W_1}{V_1 I_{0(2)}}$$

$$= \cos^{-1}\frac{80}{120\times4.2} = 80.85^0 \text{ (lag)}$$

$\therefore I_{0(2)} = 4.2\angle -80.85 = 0.667158 - j4.14667$ A

$\therefore I_{w(2)} = 0.667158$ Amp

$\therefore I_{\mu(2)} = 4.14667$ Amp

$$\therefore R_{0(2)} = \frac{V_1}{I_w} = \frac{120}{0.667158} = 179.87\Omega$$

$$X_{0(2)} = \frac{V_1}{I_\mu} = \frac{120}{4.14667} = 28.94\Omega$$

$$\therefore R_0 = R_{0(2)}\times a^2 = 179.87\left(\frac{450}{120}\right)^2 = 2530\Omega$$

$$X_0 = X_{0(2)}\times a^2 = 28.94\left(\frac{450}{120}\right)^2 = 407\Omega$$

Short circuit test হতে,


$$R_{01} = \frac{W_2}{I_2^2} = \frac{120}{22.2^2} = 0.243\Omega$$

$$Z_{01} = \frac{V_2}{I_2} = \frac{9.65}{22.2} = 0.434\Omega$$

$$X_{01} = \sqrt{Z_{01}^2 - R_{01}^2}$$

$$= \sqrt{0.434^2 - 0.243^2}$$

$$= 0.36\Omega$$



(ii) $\therefore$ % দক্ষতা $= \frac{\text{Output}}{\text{Output + losses}} \times 100$

$$= \frac{10\times0.8\times10^3}{10\times0.8\times10^3\times80+120}\times100$$

[80% lagging power factor তাই $\cos\theta$=0.8]

= 97.56%

$$\% \text{ Voltage Regulation} = \frac{V_{NL}-V_{FL}}{V_{FL}}\times100$$

$$= \frac{\text{Drop}}{V_{FL}}\times100$$

$$= \frac{I_P(R_{01}\cos\theta + X_{01}\sin\theta)}{V_{FL}}\times100$$

$$= \frac{22.22(0.243\times0.8+0.36\times0.6)\times100}{450}$$

= 2.04%

(iii) $\frac{1}{2}$ লোডে $P_0 = \frac{1}{2}\times VA_{rated}\times\cos\theta$

$$= \frac{1}{2}\times0.8\times10000$$

$$= 4000\text{Watt}$$

$\frac{1}{2}$ লোডে Copper loss $= (\frac{1}{2})^2\times120 = 30$ Watt

$$\therefore \%\eta = \frac{P_0}{P_0+\text{loss}}\times100$$

$$= \frac{4000}{4000+30+80}\times100 = 97.32\%$$

১৯। নিম্নে প্রদত্ত প্যারামিটার সম্পন্ন 10KVA, 500/250V, 50Hz একটি ট্রান্সফরমারকে প্রাইমারীর সাপেক্ষে একটি সিম্পল ইকুইভ্যালেন্ট সার্কিটে প্রকাশ কর:

Resistance: primary 0.4Ω, secondary 0.15Ω, magnetizing circuit, R_0=1500Ω

Reactance: primary 0.2Ω, secondary 0.5Ω, magnetizing circuit, X_0=750Ω

[DUET: 11-12]

Solution:

We know,

$$a = \frac{E_P}{E_S}$$

$$\Rightarrow a = \frac{500}{250} = 2$$

$$R_e' = R_P + R_S a^2$$

$$= 0.4 + 0.15\times2^2$$


$$= 1\Omega$$

$$X_e' = X_P + X_S a^2$$

$$= 0.2 + 0.5\times2^2$$

$$= 2.2\Omega$$

Given Data,
P=10KVA
f=50Hz
R_P= 0.4Ω
R_S= 0.15Ω
X_P= 0.2Ω
X_S= 0.5Ω
R_0= 1500Ω
X_0= 750Ω



$$= 0.75 + \frac{0.2}{(0.5)^2}$$
$$= 1.55\ \Omega$$
$$X_{02} = X_2 + \frac{X_1}{a^2}$$
$$= 1.8 + \frac{0.5}{(0.5)^2}$$
$$= 3.8\ \Omega$$

V_{drop} *in* Secondary
$= I_2(R_{02}\cos\theta + X_{02}\sin\theta)$
$= 8(1.55 \times 0.8 + 3.8 \times 0.6)$
$= 28.16\ Volt$

Terminal Voltage,
$V_T = 460 - 28.16$
$= 431.84$ Volt Ans.

১৫। 400 প্রাইমারী এবং 1000 সেকেন্ডারী টার্ণ বিশিষ্ট একটি সিঙ্গেল ফেজ ট্রান্সফরমারের কোরের ক্রস সেকশন এরিয়া $60cm^2$। যদি প্রাইমারী 520V, 50Hz মানের একটি সাপ্লাই এর সাথে সংযুক্ত হয় তাহলে (i) ফ্লাক্স ডেনসিটির সর্বোচ্চ মান (ii) সেকেন্ডারী ওয়াইন্ডিং এ আবিষ্ট ভোল্টেজ এর মান নির্ণয় কর। [DUET: 06-07]

Solution:
(i) আমরা জানি,
$E = 4.44 f N_1 (B_m \times A)$ volt
$\Rightarrow B_m = \frac{520}{4.44 \times 50 \times 400 \times 60} = 9.76 \times 10^{-5}\ wb/cm^2$
(ii) আমরা জানি,
$E = 4.44 f N_2 (B_m \times A)$ volt
$E_2 = 4.44 \times 50 \times 1000 \times 9.76 \times 10^{-5} \times 60 = 1300 volt$

১৬। একটি 2200/250 Volt ট্রান্সফরমার নো-লোড অবস্থায় 0.3 Lagging পাওয়ার ফ্যাক্টরে 0.5 Amp. কারেন্ট গ্রহণ করে। ঐ অবস্থায় I_w ও I_μ কত হবে?

Solution:
দেওয়া আছে,
V_1=2200 Volt
V_2=250 Volt
$\text{Cos}\theta_0 = 0.3$ (Lagging)
I_o=0.5 Amp.
I_w=? I_μ=?
$I_\mu = I_o \text{Sin}\theta_0$
$= 0.5\ \text{Sin}\{\text{Cos}^{-1}(0.3)\}$
$= 0.4769$ Amp (Ans.)
$I_w = I_o \text{Cos}\theta_0$
$= 0.5 \times 0.3$
$= 0.15$ Amp (Ans.)

১৭। একটি 10 KVA, 2300/230Volt ট্রান্সফরমারের শর্ট সার্কিট টেষ্ট হতে নিচের ডাটাগুলো পাওয়া গেলঃ
V_{sc}= 137 Volt
P_{sc}=192 Watt
I_{sc}=4.34 Amp
বের কর ঃ ক. R_{01}, X_{01}, Z_{01} খ. R_{02}, X_{02}, Z_{02}

Solution:
ক. $R_{01} = \frac{P_{sc}}{I_{sc}^2} = \frac{192}{4.34^2} = 10.1935\Omega$ (Ans)

$Z_{01} = \frac{V_{sc}}{I_{sc}} = \frac{137}{4.34} = 31.56\Omega$ (Ans)

$X_{01} = \sqrt{Z_{01}^2 - R_{01}^2}$
$= \sqrt{31.56^2 - 10.15^2}$
$= 29.8757\Omega$ (Ans)

খ. $Z_{02} = \frac{1}{a^2} \times Z_{01}$ $\quad a = \frac{2300}{230} = 10$
$= \frac{31.56}{10^2}$
$= 0.3156\Omega$ (Ans)

$R_{02} = \frac{1}{a^2} \times R_{01} = \frac{10.1935}{10^2}$
$= 0.102\Omega$ (Ans)

$X_{02} = \sqrt{Z_{02}^2 - R_{02}^2}$
$= \sqrt{0.315^2 - 0.102^2} = 0.2988\Omega$ (Ans)

$= \frac{306.12}{2} = 153.06$ w

12 ঘন্টায় কপার লস

$= (\frac{4}{15})^2 \times 153.06 \times 12$

$= 130.61$ Wh

6 ঘন্টায় কপার লস

$= (\frac{12/0.8}{15})^2 \times 153.06 \times 6$

$= 918.36$ Wh

বাকী 6 ঘন্টায় কপার লস = 0

24 ঘন্টার কপার লস

$= 130.61 + 918.36 = 1049$ Wh.

24 ঘন্টায় কোর লস = 153.06 ×24 = 3673.44Wh

24 ঘন্টায় আউটপুট = (4×0.5×12) + (12×6) Kwh

= 96 Kwh

= 96000 Wh

24 ঘন্টার দক্ষতা

$$\eta_{\text{all day}} = \frac{\text{24ঘন্টার O/P} \times 100}{\text{24 ঘন্টার O/P + 24 ঘন্টার লস}}$$

$$= \frac{96000 \times 100}{96000+1049+3673.44}$$

$= 95.31\ \%$ Ans.

১২। একটি auto transformer এর primary voltage 110V এবং secondary 90V এ 4KW load এ unity power factor একক সরবরাহ করে। বের কর ক) Transformed power খ) Conducted power

Solution:

এখানে, $a = \frac{110}{90} = 1.22$

i)Transformed power,

$$P_{TR} = 4000(1 - \frac{1}{1.22}) = 721.31watt$$

ii) Conducted power,

$$P_C = (4000 - 721.31) = 3278.69watt$$

১৩। একটি ট্রান্সফরমারের একক পাওয়ার ফ্যাক্টরে 25KVA থেকে সর্বোচ্চ দক্ষতা 98% দেখা যায়। এর লোড সিডিউল নিম্নরুপ

ক) 2.5KW লোড 0.6 lagging 10 ঘন্টার জন্য

খ) 11KW লোড 0.88 lagging 8 ঘন্টার জন্য

গ) 17KW লোড 0.95 lagging 6 ঘন্টার জন্য তাহলে উক্ত ট্রান্সফরমারের সারাদিনের দক্ষতা বের কর।

Solution:

Output = $25 \times 1 = 25KW$

Input = $\frac{25}{0.98} = 25.51KW$

Loss = $25.51 - 25 = .51KW = 510watt$

সর্বোচ্চ দক্ষতায় কোর লস = কপার লস

$\therefore$ কোর লস = $255W$

এবং কপার লস = $255W$

24 ঘন্টার Output energy

$= (2.5 \times 10) + (11 \times 8) + (17 \times 6)$

$= 25 + 88 + 102 = 215KWh$

24 ঘন্টার Cu Loss=

$$\left\{\left(\frac{2.5}{0.6 \times 25}\right)^2 \times 255 \times 10\right\} + \left\{\left(\frac{11}{0.88 \times 25}\right)^2 \times 255 \times 8\right\}$$

$$+ \left\{\left(\frac{17}{0.95 \times 25}\right)^2 \times 255 \times 6\right\}$$

$= 708 + 510 + 783.9 = 1364KWh$

24 ঘন্টার Core Loss= 24×255

$= 6.12KWh$

24 ঘন্টার input = $215 + 1.364 + 6.12$

$= 222.48KWh$

সারাদিনের দক্ষতা = $\frac{215}{222.48} \times 100$

$= 96.64\ \%$

১৪। একটি 230/460 V ট্রান্সফরমার এর প্রাইমারিতে resistance 0.2 Ω, Reactance 0.51 Ω এবং সেকেন্ডারিতে অনুরুপ মান যথাক্রমে 0.75 Ω এবং 1.8 Ω। যদি 0.8 Lagging pf এ সরবরাহ কারেন্ট 8 A হয় তবে সেকেন্ডারি টার্মিনাল ভোল্টেজ বাহির কর। [DUET 09-10]

Solution:

we know,

$a = \frac{230}{460} = 0.5$

$R_{02} = R_2 + \frac{R_1}{a^2}$

দেওয়া আছে,

$R_1 = 0.2\ \Omega$

$R_2 = 0.75\ \Omega$

$X_1 = 0.5\ \Omega$

$X_2 = 1.8\ \Omega$

$\text{p.f} = \cos\theta = 0.8$

$I_2 = 8\ Amp$

$V_T = ?$

Solution:

$Z_{01} = \frac{86}{10.5} = 8.19\ \Omega$

$R_{01} = \frac{360}{10.5^2} = 3.26\Omega$

$X_{01} = \sqrt{8.19^2 - 3.26^2} = 7.5\Omega$

F.L প্রাইমারী কারেন্ট, $I_1 = 20000/2200 = 9.09A$

প্রাইমারী সাপেক্ষে ভোল্টেজ ড্রপ

$= I_1(R_{01}\text{Cos}\theta + X_{01}\text{Sin}\theta)$

$= 9.09 \times (3.26 \times 0.8 + 7.5 \times 0.6)$

$= 64.6V$

$\%\ \text{regulation} = \frac{64.6}{2200} \times 100 = 2.9\ \%$

শর্ট সার্কিট $p.f = \frac{R_{01}}{Z_{01}} = \frac{3.26}{8.19} = 0.4\ (\text{Lag})$

৯। একটি 11000/230V, 150KVA, 1 –φ, 50Hz ট্রান্সফরমার কোর লস 1.4Kw এবং ফুললোড কপার লস 1.6Kw নির্নয় কর। (i) ইউনিটি p.f এ সর্বোচ্চ দক্ষতায় KVA এবং সর্বোচ্চ দক্ষতা (ii) হাফ লোডে 0.8 Lagging p.f এ দক্ষতা।

[Same as DUET: 04-05]

Solution:

(i) $\text{KVA}_{max} = \text{KVA}_{rated} \times \sqrt{\frac{\text{Core loss}}{\text{F.L Cu loss}}}$

$= 150 \times \sqrt{\frac{1.4}{1.6}}$

$= 140.31\ \text{KVA}$ (Ans.)

সর্বোচ্চ দক্ষতায় মোট লস = 1.4 + 1.4 = 2.8 Kw.

সর্বোচ্চ দক্ষতায় আউটপুট = 140.31×1=140.31 Kw.

$\eta_{max} = \frac{\text{আউটপুট}}{\text{আউটপুট + লস}} \times 100$

$= \frac{140.31}{140.31 + 2.8} \times 100$

$= 98.04\%$ (Ans.)

(ii) হাফলোডে কপার লস $= 1.6 \times (\frac{1}{2})^2 = 0.4$ Kw.

হাফ লোড 0.8 $p.f$এ আউটপুট $= \frac{150}{2} \times 0.8 = 60$ Kw

দক্ষতা, $\eta = \frac{60 \times 100}{60 + 0.4 + 1.4} = 97.1\ \%$

১০। একটি 20KVA, 440/220V, 1–φ, 50Hz ট্রান্সফরমারের কোর লস 324w, হাফ লোডে কপার লস 100w, বের কর (i) ফুল লোড 0.8 (lag) p.f এ দক্ষতা

(ii) সর্বোচ্চ দক্ষতার জন্য শতকরা লোড

Solution:

H.L এ Cu loss $= (\frac{1}{2})^2 \times$F.L Cu loss

$100 = \frac{1}{4} \times$ F.L Cu loss

F.L Cu loss = 400 w.

(i) 0.8 $p.f$ এ ফুল লোড দক্ষতা

$= \frac{\text{আউটপুট} \times 100}{\text{আউটপুট + মোট লস}}$

$= \frac{20000 \times 0.8 \times 100}{(20000 \times 0.8) + 400 + 324}$

$= 95.67\ \%$

(ii) $\text{KVA}_{max} = \text{KVA}_{rated} \times \sqrt{\frac{\text{Core loss}}{\text{F.L Cu loss}}}$

$\frac{\text{KVA}_{max}}{\text{KVA}_{rated}} = \sqrt{\frac{324}{400}} \times 100$

$= 90\ \%$

∴ সর্বোচ্চ দক্ষতায় শতকরা লোড 90 % (উত্তর)

১১। একটি 15KVA ট্রান্সফরমারের ইউনিটি $p.f$ এ সর্বোচ্চ দক্ষতা 98%। ট্রান্সফরমারে নিম্নলিখিত লোডগুলি চালালে সারাদিনের দক্ষতা বের কর।

12 ঘন্টা- 0.5(lag) p.f এ 4KVA

6 ঘন্টা- 0.8 (lag) p.f এ 12Kw

6 ঘন্টা- নো লোড।

Solution:

98% দক্ষতায় ইনপুট $= \frac{15000 \times 1}{98} \times 100$

$= 15306.12$ W

মোট লস = 15306.12 – 15000

= 306.12w

∴ কোর লস = ফুল লোড কপার লস

0.035Ω এবং লিকেজ রিয়াকটেন্স 0.012Ω। বের কর সমতুল্য রেজিস্ট্যান্স, রিয়াকটেন্স এবং ইম্পিডেন্স

(i) হাই ভোল্টেজ সাইডের সাপেক্ষে (ii) লো ভোল্টেজ সাইডের সাপেক্ষে

Solution:

$$K = \frac{120}{2400} = \frac{1}{20}$$

$R_1 = 0.1\Omega, X_1 = 0.22\Omega$

$R_2 = 0.035\Omega, X_2 = 0.012\Omega$

(i) হাই ভোল্টেজ সাইডের সাপেক্ষে

$R_{01} = R_1 + R_2' = R_1 + R_2/K^2$

$= 0.1 + 0.035 \times 20^2$

$= 14.1\Omega$ (Ans.)

$X_{01} = X_1 + X'_2$

$= X_1 + X_2/k^2$

$= 0.22 + 0.012 \times (20)^2$

$= 5.02\Omega$ (Ans.)

$Z_{01} = \sqrt{X_{01}^2 + R_{01}^2}$

$= \sqrt{5.02^2 + 14.1^2}$

$= 14.97\ \Omega$ (Ans.)

(ii) লো ভোল্টেজ সাইডের সাপেক্ষে :

$R_{02} = R_2 + R_1'$

$= R_2 + R_1 k^2$

$= 0.035 + \frac{0.1}{20^2} = 0.03525\Omega$

$X_{02} = X_2 + X_1 k^2$

$= 0.012 + 0.22/20^2$

$= 0.01255\Omega$

$Z_{02} = \sqrt{R_{02}^2 + X_{02}^2}$

$= \sqrt{0.03525^2 + 0.01255^2}$

$= 0.0374\Omega$

অথবা $Z_{02} = Z_{01}k^2$

$= \frac{14.97}{20^2} = 0.0374\Omega$

৭। একটি 1000 KVA, 110/220 V, 50 Hz, 1-φ ট্রান্সফরমারের 0.8 লিডিং P.f হাফলোডে দক্ষতা 98.5 % এবং ফুললোড ইউনিটি P.f এ দক্ষতা 98.8 % নির্ণয় কর

(i) কোর লস (ii) ফুল লোড কপার লস (iii) সর্বোচ্চ দক্ষতা?

Solution:

O/P at F.L Unity P.f = 1000 ×1 = 1000 Kw

F.L. I/P = 1000/0.988 = 1012.146 Kw.

F.L. losses = 1012.146 - 1000 = 12.146 Kw

মনে করি, ফুললোড কপার লস = x

এবং কোর লস = y

$\therefore x + y = 12.146$ Kw.....(i)

আবার, হাফলোড 0.8 p.f এ আউটপুট

$= \frac{1000}{2} \times 0.8 = 400$ Kw.

ইনপুট = 400/0.985 = 406.091 Kw

হাফলোডে মোট লস = 406.091 – 400

= 6.091 Kw.

$\therefore (\frac{1}{2})^2 x + y = 6.091$ Kw .....(ii)

(i) এবং (ii) সমাধান করে,

x = 8.073 Kw **(Ans.)**

y = 4.073 Kw **(Ans.)**

$KVA_{max} = KVA_{rated} \times \sqrt{\frac{\text{F.L Core loss}}{\text{F.L Cu loss}}}$

$= 1000 \times \sqrt{\frac{4.073}{8.073}}$

= 710.3 KVA

সর্বোচ্চ দক্ষতার জন্য মোট লস

= 4.073 + 4.073 [∵ w_c = Cu loss]

= 8.146 Kw.

O/P = 710.3 × 1 = 710.3 Kw.

% দক্ষতা $= \frac{O/P \times 100}{O/P + \text{losses}}$

$= \frac{710.3 \times 100}{710.3 + 8.146}$

= 98.87 %

৮। একটি 20KVA, 2200/220V, 50Hz ট্রান্সফরমার টেষ্ট করে নিম্ন লিখিত তথ্য পাওয়া গেছে।

O.C test : 220 V,4.2A,148 W (L.V side)

S.C test : 86 V,10.5A,360W (H.V side)

ফুল লোডে 0.8 ল্যাগিং p.f এ রেগুলেশন ও S.C test এ p.f নির্ণয় কর

$$I_2 = \frac{I_1}{k} = \frac{8.33}{\frac{1}{10}}$$

$= 83.3A$ (Ans.)

We know,

$$\frac{E_2}{E_1} = \frac{N_2}{N_1}$$

$$\Rightarrow E_2 = \frac{50}{500} \times 3000$$

$= 300\ V$ (Ans.)

আবার,

$E_1 = 4.44 f N_1 \varphi_m$

$\Rightarrow 3000 = 4.44 \times 50 \times 500 \times \varphi_m$

$\Rightarrow \varphi_m = 27\ m\omega b$ (Ans.)

৩। একটি 300 KVA, 11000/550 V, 50Hz ডেল্টা- ষ্টার কোর টাইপ ট্রান্সফরমারের ফ্লাক্স 0.05ωb বের কর।

(i) হাই ভোল্টেজ সাইড ও লো-ভোল্টেজ সাইডে প্রতি ফেজে প্যাচ।

(ii) প্রতি প্যাচে ই.এম.এফ।

(iii) হাই ভোল্টেজ সাইড ও লো-ভোল্টেজ সাইডে ফেজ কারেন্ট।

Solution:

আমরা জানি, $E = 4.44 f N \varphi_m$

(i) প্রাইমারী সাইডে,

$11000 = 4.44 \times 50 \times N_1 \times 0.05$ [Δএ $V_P = V_2$]

$$N_1 = \frac{11000}{4.44 \times 50 \times 0.05} = 990.99$$

সেকেন্ডারী সাইডে,

$550/\sqrt{3} = 4.44 \times 50 \times N_2 \times 0.05$

$N_2 = 28.6$ Turns (Ans.) [Y এ $V_P = \frac{V_2}{\sqrt{3}}$]

(ii) ই.এম.এফ প্রতি প্যাচে

$$= \frac{11000}{991} = 11.1 \text{ volt} \quad \text{(Ans.)}$$

(iii) হাই ভোল্টেজ সাইডে ফেজ কারেন্ট


মনে করি,

$\varphi_1 = \varphi$

$\therefore \varphi_2 = (1 - 0.55)\varphi$

$= 0.45\varphi$

দেওয়া আছে,
$V = 230$ V
$N_1 = 800$ r.p.m
$I_1 = 100$A
$I_2 = 25$A
$R = 0.25\Omega$

Now,

$E_{b1} = V - I_1R$

$= 230 - (100 \times 0.25)$

$= 205$ V

$E_{b2} = V - I_2R$

$= 230 - 25 \times 0.25$

$= 223.75$ V

সিরিজ মটরের জন্য

$$\Rightarrow \frac{E_{b1}}{E_{b2}} = \frac{\varphi_1 \times N_1}{\varphi_2 \times N_2}$$

$$\Rightarrow \frac{205}{223.75} = \frac{\varphi \times 800}{0.45\varphi \times N_2}$$

$\Rightarrow N_2 = 1940$ r.p.m. **(Ans.)**

৮। একটি 4- পোল 250 V ডিসি শান্ট মটরে 480টি পরিবাহী ল্যাপ সংযোগ দেওয়া আছে। প্রতি পোলে ফ্লাক্স 20 mωb এবং মটরটি সাপ্লাই হইতে 25A কারেন্ট নেয়। আর্মেচার ও ফিল্ড রেজিস্ট্যান্স যথাক্রমে 0.1 এবং 125Ω। ঘূর্নন (Stray) জনিত লস 810 watt হলে বের কর (a) গ্রোস টর্ক (b) ব্যবহৃত টর্ক (c) দক্ষতা

Solution:

আমরা জানি,

$$I_{sh} = \frac{V}{R_{sh}} = \frac{250}{125} = 2A$$

$I_a = 25\text{-}2 = 23$A

আবার, আমরা জানি,

$$E_b = \frac{\varphi ZNP}{60A}$$

$\Rightarrow E_b = V - I_aR_a$

দেওয়া আছে,
$P = A = 4, V = 250$ V
$Z = 480, I = 25$ A
$R_a = 0.1\ \Omega, R_{sh} = 125\ \Omega$
Stray loss $= 810$ watt
$\varphi = 0.02$ ωb

$I_{sh} = \frac{V}{R_{sh}} = \frac{250}{100} = 2.5A$

$I_a = I_L + I_{sh} = 100 + 2.5 = 102.5A$

$Eg = 250 + (102.5 \times 0.06) = 256.15V$


আর্মেচারে উৎপন্ন পাওয়ার

$= EgI_a$

$= 256.16 \times 102.5$

$= 26.255$ Kw.

(b) মটর হিসাবে :



$I_{sh} = \frac{250}{100} = 2.5A$

$I_a = 100 - 2.5 = 97.5A$

$E_b = V - I_aR_a$

$= 250 - (97.5 \times 0.06)$

$= 244.15v$

আর্মেচারে উৎপন্ন পাওয়ার

$= E_bI_a$

$= 244.15 \times 97.5$

$= 23.8$Kw (Ans.)

৩। একটি 250 V 4-পোল ওয়েভ ওয়াইন্ডিং বিশিষ্ট ডিসি সিরিজ মটর এর 782 টি পরিবাহী আছে। আর্মেচার ও ফিল্ড রেজিস্ট্যান্স একত্রে 0.75 Ω, প্রতি পোলে ফ্লাক্স 25 mωb। যদি মটরটি 40 A কারেন্ট নেয় তবে স্পীড ও আর্মেচারে উৎপন্ন টর্ক বাহির কর?

Solution:

দেওয়া আছে,

$V = 250$ V

$P = 4$

$A = 2$

$\varphi = 0.025$ wb

$I_a = 40$ A

$R_a = 0.75\ \Omega$

$N = ?$

$T_a = ?$

$Z = 782$

আমরা জানি,

$E_b = V - I_aR_a$

$\frac{\varphi ZNP}{60A} = V - I_aR_a$

$\Rightarrow \frac{0.025 \times 782 \times N \times 4}{60 \times 2} = 250 - (40 \times 0.75)$

$\therefore N = 337.6$rpm (Ans.)

আবার, $T_a = 0.159\varphi ZI_a\frac{P}{A}$

$= 0.159 \times 0.025 \times 782 \times 40 \times \frac{4}{2}$

$= 248.7$ N-m. (Ans.)

৪। একটি 220 V ডিসি শান্ট মটর 500 rpm এ 50A আর্মেচার কারেন্ট গ্রহণ করে। যদি টর্ক দ্বিগুন হয়ে যায় তবে স্পীড কত? $R_a = 0.2\Omega$ [DUET: 05-06, 12-13]

Solution:

শান্ট মটরের জন্য, আমরা জানি

$\frac{T_{a1}}{T_{a2}} = \frac{I_{a1}}{I_{a2}}$

$\frac{1}{2} = \frac{50}{I_{a2}}$

$I_{a2} = 100A$

দেওয়া আছে,
$V = 220$ v
$N = 500$ rpm
$I_{a1} = 50$ A
$N_2 = ?$
$R_a = 0.2\ \Omega$

$E_{b1} = V - I_{a1}R_a$

$= 220 - (50 \times 0.2)$

$= 210$ v

$E_{b2} = V - I_{a2}R_a$

$= 220 - (100 \times 0.2) = 200$ v

আবার, আমরা জানি,

$\frac{E_{b1}}{E_{b2}} = \frac{N_1}{N_2}$

$N_2 = \frac{200}{210} \times 500 = 476$ r.p.m (Ans.)

৫। একটি 4- পোল 220 V শান্ট মটর এর ল্যাপ সংযোগে 540 পরিবাহী আছে। ইহা 800 rpm এ 32 A গ্রহণ করে 5595 W আউটপুট দেয়। যদি ফিল্ড রেজিস্ট্যান্স 220 Ω, আর্মেচার রেজিস্ট্যান্স 0.09 Ω হয় তবে ফ্লাক্স ও শ্যাফট টর্ক নির্ণয় কর।

দেওয়া আছে,
$P = A = 4$
$V = 220$ V
$N = 800$ rpm
$P_o = 5595\ \Omega$
$R_{sh} = 220\ \Omega$
$R_a = 0.09\ \Omega$
$Z = 540, I = 32A$
$\varphi = ?$ $T_{sh} = ?$

Solution:

$I_{sh} = \frac{V}{R_{sh}} = \frac{220}{220} = 1A$

$I_a = I - I_{sh} = 32 - 1 = 31A$


আমরা জানি,

$E_b = V - I_aR_a$

$\Rightarrow \frac{\varphi \times ZNP}{60A} = V - I_aR_a$

উপরোক্ত ফরমুলা হইতে ইহা বলা যায় যে, সেল্ফ ইনডাকশনের সহগ তথা রিয়্যাকট্যান্স ভোল্টেজ আর্মেচার কয়েলের টার্নে সংখ্যার বর্গের সরাসরি সমানুপাতিক।

- **Back emf এর গুরুত্ব লিখ অথবা Back emf মোটরের গভর্নর হিসাবে কাজ করে বুঝিয়ে লিখ? অথবা Back emf মোটরের self regulator হিসাবে কাজ করে।**



মোটরের সমতুল্য সার্কিট fig(1) হতে আমরা দেখতে পাই যে E_b একটি ব্যাটারির মত কাজ করে যা সরবরাহ ভোল্টেজ v এর বিপরীত পোলারিটি।

আমরা লিখতে পারি,

$$I_a=\frac{V-E_b}{R_a}$$

আবার, $E_b=\frac{\varphi ZNP}{60A}$

$\triangleright$ $E_b \propto \varphi$

অর্থাৎ speed বাড়লে E_b বাড়ে ফলে armature current (I_b) কমে এবং Speed কমলে E_bকমে ফলে armature current বাড়ে যার ফলে torque বাড়ে।এ থেকে বোঝা যায় যে, back emf মোটরের গভর্নর হিসাবে কাজ করে মোটরকে self regulate করতে সাহায্য করে।

- **Condition of maximum power for DC motor or prove that, $E_b=\frac{V}{2}$**

Sol^n: The gross mechanical power develop by a motor is

$$P_m=VI_a - I_a^2R_a$$

Differtiating both side with respect to Ia and equating the result to zero we get,

$$\frac{dP_m}{dI_a}= V-2I_aR_a$$

Conditionally, $\frac{dP_m}{dI_a}=0$

$V-2I_aR_a=0$ | If we neglated I_{sh}

$I_aR_a=\frac{V}{2}$

We know,

$V=E_b+ I_aR_a$

$V=E_b+\frac{V}{2}$

$E_b=\frac{V}{2}$

Solved Problems

১। একটি 440 v শান্ট মটর এর আর্মেচার ও ফিল্ড রেজিস্ট্যান্স যথাক্রমে 0.8Ω এবং 200Ω। উহার ব্যাক ই,এম.এফ নির্ণয় কর যখন মটরটি আউটপুটে 85% দক্ষতায় 7.46Kw সরবরাহ করে। [DUET: 06-07]

Solution:

মটরে ইনপুট = $\frac{7460}{0.85}$ = 8776.5 w

ইনপুট কারেন্ট = $\frac{8776.5}{440}$ = 19.95A

এখন, $I_a = I-I_{sh}$

$=19.95-\frac{440}{200}$

$= 17.75$ A

আমরা জানি,

$E_b=V-I_aR_a$

$\Rightarrow E_b = 440-(17.75\times0.8)$

$= 425.8$ V (Ans.)

দেওয়া আছে,

$V = 440$ V

$R_a = 0.8\ \Omega$

$R_{sh} = 200\ \Omega$

$P = 7460$ w

$\eta_1 = 0.85$


৩। একটি 25 Kw, 250 V ডিসি শান্ট মেশিন এর $R_a= 0.06\Omega$ এবং $R_{sh}=100\Omega$, আর্মেচারে উৎপন্ন শক্তি নির্ণয় কর যখন

(a) মেশিনটি জেনারেটর হিসাবে 25 Kw সরবরাহ করে।

(b) মেশিনটি মটর হিসাবে 25 Kw ইনপুট নেয়।

Solution:

(a) জেনারেটর হিসাবে ঃ



দেওয়া আছে,

$R_a = 0.06\ \Omega$

$R_{sh} = 100\ \Omega$

$V = 250$ V

$\therefore I_L = \frac{P}{V} = \frac{25\times10^3}{250}$

$=100$A

হয়। আবার Shunt current পরিবর্তন করা হয় Shunt field rheostat এর দ্বারা। Interpole use না করলে এই পদ্ধতির দ্বারা স্পীড দ্বিগুন করা যায়। কিন্তু interpole ব্যবহার করে এর দ্বারা ছয়গুণ পর্যন্ত speed বাড়ানো সম্ভব।

Armature / Rheostatic control method :

যখন মোটরের স্পীড নো-লোড speed এর চেয়ে কম দরকার হয় তখন এই পদ্ধতি ব্যবহার করা হয়। যেহেতু supply voltage constant তাই armature এর আড়াআড়িতে ভোল্টেজ কমানো যায় আর্মেচার সার্কিটের সাথে একটা সিরিজ রেজিস্টর ব্যবহার করে। এই সিরিজ রেজিস্টরকে controller resistor বলা হয়। Controller resistor এর মান বাড়ালে আর্মেচার এর আড়াআড়িতে voltage কমে যায়। ফলে আর্মেচার এর স্পীডও কমে যায়। উল্লেখ্য যে এই পদ্ধতিতে শুধু স্পীড কমানোই সম্ভব।

◆ সকল জেনারেটরই এ.সি উৎপন্ন করে। এ.সি কে ডি.সি করতে হলে কি করতে হবে।

উত্তর : যদি এ.সি কে আউটপুটে আনতে হয় তবে আর্মেচার কয়েলের সাথে স্লিপ রিং সংযোগ করতে হবে এবং যদি এ.সি কে ডি.সি হিসেবে আউটপুটে আনতে হয় তবে আর্মেচার কয়েলের সাথে কম্যুটেটর সংযোগ করতে হবে।

◆ কি অবস্থায় জেনারেটর মোটর হিসেবে চলে?

উত্তর : কোন জেনারেটরের ফিল্ডকে অতিরিক্ত পরিমাণে দুর্বল করে এর উৎপন্ন ভোল্টেজকে বাসবার ভোল্টেজের নিচে নামিয়ে আনলে তখন তা জেনারেটরের পরিবর্তে মোটর হিসেবে চলতে থাকবে।

◆ডি.সি মোটরের লস সমূহের নাম লিখ এবং কোথায় কোন লস হয় উল্লেখ কর।

উত্তর :

	লসের নাম	অবস্থান
১	কপার লস	আর্মেচার, সিরিজ ও শান্ট ফিল্ড ওয়াইন্ডিং
২	কোর লস	স্টেটর ও রোটরে
৩	ফ্রিকশন লস	বিয়ারিং ও কম্যুটেটরে
৪	এয়ার গ্যাপ লস	রোটেটিং আর্মেচারে

◆ ডিসি সিরিজ মোটরের স্পীড কন্ট্রোল পদ্ধতি :-

(ক) ফ্লাক্স কন্ট্রোল পদ্ধতি।

(খ) ফিল্ড ডাইভার্টার পদ্ধতি।

(গ) আর্মেচার ডাইভার্টার পদ্ধতি।

(ঘ) প্যারালাল ফিল্ড কয়েল পদ্ধতি।

(ঙ) Variable Resistance in Series পদ্ধতি।

৫. সিরিজ মোটরের ব্যবহার :-

(ক) For Traction work

(খ) ইলেকট্রিক লোকোমোটিভস-এ কাজ করে। (ইলেকট্রিক ট্রেনে)

(গ) র‍্যাপিড ট্রানজিট সিস্টেমে।

(ঘ) ট্রলিকার-এ

(ঙ) ক্রেনস এবং hoists-এ

(চ) কনভেয়ার-এ

৬. শান্ট মোটরের ব্যবহার :

(ক) সেন্ট্রি-ফিউগাল পাম্পে।

(খ) মেশিনারী যন্ত্রপাতীতে।

(গ) ব্লোয়ার ও ফ্যান এ।

(ঘ)Reciprocating পাম্পে।

◆একটি ডিসি মোটরের ফিল্ড কারেন্ট হঠাৎ কমে গেলে কি ঘটবে? [DUET: 09-10]

উত্তর : DC motor এর ফিল্ড কারেন্ট I_f বৃদ্ধির সাথে সাথে চুম্বক ফ্লাক্স φ বৃদ্ধি পেতে থাকে। DC shunt motor এর ক্ষেত্রে I_f constant তাই φ ও constant এজন্য magnetic saturation এর পরে I_f বৃদ্ধি পেলেও φ constant থাকে।

কিন্তু Dc series motor এর ক্ষেত্রে I_f লোডের সাথে পরিবর্তনশীল। তাই field current (I_f) হঠাৎ কমে গেলে তা series motor এর ন্যায় আচরন করে। এক্ষেত্রে;

(i) ম্যাগনেটিক সেচুরেশনের পূর্বে-

$T_a \propto \varphi I_a \quad | \quad N \propto \frac{\varepsilon_b}{\varphi}$

$Ta \propto I^2_a$

(ii) ম্যাগনেটিক সেচুরেশনের পরে-

$T_a \propto I_a \quad | \quad N \propto E_b$

◆কমিউটেশন এর রিয়্যাকট্যান্স ভোল্টেজ বলতে কি বুঝ? [DUET: 05-06]

উত্তর :

কমিউটেশন রিয়্যাকট্যান্স ভোল্টেজ $= \frac{2LI}{T_c}$

যেখানে, L = ইনডাকট্যান্স, হেনরিতে

I = কারেন্ট, এ্যামপিয়ারে

T_c = কম্যুটেশনের সময়

$L = 8mn^2 (l_c + 0.11_a) \times 10^{-6}$ H

রিয়্যাকট্যান্স ভোল্টেজ

$= \frac{16m N^2 (l_c + 0.11_a) \times 1 \times 10^{-6}}{T_c}$

অথবা $\frac{E_{b1}}{E_{b2}} = \frac{I_{a1}}{I_{a2}} \times \frac{N_1}{N_2}$

এবং $T_a \propto I_a^2$ অথবা $\frac{T_{a1}}{T_{a2}} = \frac{I_{a1}^2}{I_{a2}^2}$

◆ **শান্ট মটরের জন্য ঃ** যে কোন লোডে ফ্লাক্স কন্সট্যান্ট

$$\therefore \frac{E_{b1}}{E_{b2}} = \frac{N_1}{N_2}$$

যদি কোন কারনে ফ্লাক্স পরিবর্তন হয় তবে

$\frac{E_{b1}}{E_{b2}} = \frac{\varphi_1 N_1}{\varphi_2 N_2}$ সম্পর্ক ব্যবহার করতে হবে।

এবং $\frac{T_{a1}}{T_{a2}} = \frac{I_{a1}}{I_{a2}}$

◆ **ডিসি মটরের জন্য ষ্টার্টারের প্রয়োজনীয়তা ঃ**

মটর চালুর মুহূর্তে ডিসি মটরে কোন কাউন্টার ই,এম,এফ থাকে না। তাই সুইচ চালু করিলে পুরো লাইন ভোল্টেজ আর্মেচারের আড়াআড়িতে কাজ করে। আর্মেচার রেজিস্ট্যান্স খুব কম হওয়ায় আর্মেচারের মধ্যে দিয়ে খুব বেশি কারেন্ট প্রবাহিত হয়। এই অতিরিক্ত কারেন্টের ফলে ব্রাশ,কম্যুটেটর এবং কয়েল পুড়ে যেতে পারে অথবা কমুটেটরে স্পার্কিং হতে পারে। এই সমস্যা দুর করে মটরকে নিরাপদে চালু করার জন্য আর্মেচারের সাথে সিরিজে ষ্টার্টার ব্যবহার করা প্রয়োজন হয়। মটর চালু হওয়ার সময় আর্মেচার কারেন্টকে স্টার্টার এর মাধ্যমে নিরাপদ মানে কমিয়ে আনা হয়। যখন মটরটি পুরোপুরি ভাবে চালু হয়ে যায়, তখন স্টার্টার কে সরিয়ে নেওয়া হয়।

◆ **জেনারেটর এবং মটরের পার্থক্য ঃ**

জেনারেটর যান্ত্রিক শক্তিকে বিদ্যুৎ শক্তিতে রূপান্তর করে কিন্তু মটর বিদ্যুৎ শক্তিকে যান্ত্রিক শক্তিতে রূপান্তর করে।

জেনারেটরকে ঘুরানোর জন্য প্রাইম মুভার ব্যবহার করা হয়। কিন্তু মটরে বিদ্যুৎ সরবরাহ দিলে নিজেই ঘুরে। জেনারেটর ফ্লেমিং এর ডানহস্ত নিয়ম অনুসারে কাজ করে। মটরকে স্টার্ট দেওয়ার সময় স্টার্টার এর প্রয়োজন পরে। কিন্তু জেনারেটরের জন্য তা প্রয়োজন নেই।

◆ **ম্যাগনেটিক সেচুরেশন ঃ**

সাধারন ভাবে আমরা দেখেছি যে ফিল্ড কয়েলে কারেন্ট প্রবাহ বৃদ্ধি পেলে সমানুপাতিক হারে কোরে উৎপন্ন চুম্বক ফ্লাক্সও (বলরেখা) বৃদ্ধি পায়। এভাবে ফিল্ড কয়েলে কারেন্ট প্রবাহের পরিমান আস্তে আস্তে বৃদ্ধি করলে এক সময় দেখা যাবে কারেন্ট বৃদ্ধি পাওয়ার পরও চুম্বক বলরেখা আর বৃদ্ধি পাচ্ছে না। ফিল্ড সার্কিটের এই অবস্থাকে ম্যাগনেটিক সেচুরেশন বলা হয়। ইহা চুম্বক পদার্থের একটা বৈশিষ্ট্য (Properties)। এতএব আমরা লিখতে পারি

১) ম্যাগনেটিক সেচুরেশনের পূর্বে $\varphi \propto I_f$

২। ম্যাগনেটিক সেচুরেশনের পরে φ = Constant

শান্ট মটরের ক্ষেত্রে I_f কনস্ট্যান্ট, সুতরাং φ ও কনস্ট্যান্ট কিন্তু সিরিজ মটরের ক্ষেত্রে লোডের সাথে ফিল্ড কারেন্ট I_f পরিবর্তন হয়। সুতরাং সিরিজ মটরে জন্য আমরা লিখতে পারি

১। ম্যাগনেটিক সেচুরেশনের পূর্বে ঃ

$$T_a \propto \varphi I_a \quad \Big| \quad N \propto \frac{E_b}{\varphi}$$

$$T_a \propto I_a^2$$

২। ম্যাগনেটিক সেচুরেশনের পরে ঃ

$$T_a \propto I_a \quad \Big| \quad N \propto E$$

◆ **Field Diverter কি? এর কাজ কি?**

উত্তর ঃ সিরিজ ওয়াইন্ডিং এর প্যারালালে যে variable resistor ব্যবহার করা হয় তাকে Field Diverter বলে। Field Diverter এর মান পরিবর্তন করে এর মধ্যে দিয়ে যেকোন পরিমান current flow করানো যায়। এর ফলে ফ্লাক্স এর মান পরিবর্তন করে মোটরের Speed control করা যায়।


◆ **Armature Diverter কি?**

উত্তর ঃ আর্মেচারের আড়াআড়িতে যে রেজিস্টর ব্যবহার করে সিরিজ মোটরের speed কমানো হয় তাকে Armature Diverter বলে। কোন নির্দিষ্ট পরিমাণ torque এর জন্য যদি Diverter এর দ্বারা আর্মেচার কারেন্ট কমানো হয় তবে flux বাড়বে$(T_a \propto \varphi \cdot I_a)$।

ফলে $N \propto \frac{1}{\varphi}$ সূত্রানুসারে Speed কমতে থাকবে। অর্থাৎ Armature Diverter ব্যবহার করে Series motor এর speed control করা হয়।

◆ **DC motor এর speed control এর যেকোন একটি পদ্ধতি চিত্রসহ বর্ণনা কর।**

উত্তর ঃ Variation of Flux / Flux control method ঃ



আমরা জানি, যে $N \propto \frac{1}{\varphi}$ অর্থাৎ ফ্লাক্সের পরিমান কমিয়ে স্পীড কমানো সম্ভব এ কারণে একে ফ্লাক্স বা ফিল্ড কন্ট্রোল পদ্ধতি বলা হয়। ডিসি মোটরের ফ্লাক্স Shunt current (I_{sh}) পরিবর্তনের মাধ্যমে করা

◆ ডিসি মটরের স্পীড কন্ট্রোল (Speed Control of DC Motor): [DUET: 05-06]

আমরা জানি,

$$E_b = \frac{\varphi ZNP}{A}$$

$$N = \frac{A}{ZP} \times \frac{E_b}{\varphi}$$

$$N \propto \frac{E_b}{\varphi}$$

$$N \propto \frac{V - I_a R_a}{\varphi} \quad [\text{যেহেতু } \frac{A}{ZP} \text{ কনস্ট্যান্ট}]$$

উপরের সমীকরন থেকে দেখা যায় যে, তিনটি উপাদান পরিবর্তন করে স্পীড কে নিয়ন্ত্রন করা যায়।

১। প্রয়োগকৃত ভোল্টেজ পরিবর্তন করিয়া।

২। আর্মেচার কারেন্ট তথা রেজিস্ট্যান্স পরিবর্তন করিয়া।

৩। ফ্লাক্স পরিবর্তন করিয়া।

◆ নিম্নলিখিত পদ্ধতিতে ডিসি মটরের স্পীডকে নিয়ন্ত্রন করা হয়ঃ

১। ভোল্টেজ কন্ট্রোল পদ্ধতি।

২। ফ্লাক্স কন্ট্রোল পদ্ধতি।

৩। রিওষ্ট্যাট বা আর্মেচার কন্ট্রোল পদ্ধতি।

৪। ওয়ার্ড লিওনার্ড পদ্ধতি।

৫। সিরিজ প্যারালাল পদ্ধতি।

৬। মাল্টিপল পদ্ধতি।

◆ ডিসি মটরের বৈশিষ্ট্য রেখা ঃ


ডিসি মটরের তিন ধরনের বৈশিষ্ট্য রেখা আছে।

১। টর্ক এবং আর্মেচার কারেন্ট (T_a/I_a) বৈশিষ্ট্য রেখা।

২। স্পিড এবং আর্মেচার কারেন্ট (N/I_a) বৈশিষ্ট্য রেখা।

৩। স্পিড ও টর্ক (N/T_a) বৈশিষ্ট রেখা।


◆ সিরিজ মটরের জন্য ঃ



$T_a \propto \varphi I_a$ $\quad N \propto \frac{E_b}{\varphi}$ $\quad T_a = 9.55 \frac{E_b I_a}{N}$


$T_a \propto I_a^2$ $\quad N \propto \frac{1}{I_a}$ $\quad T_a \propto \frac{1}{N}$

◆ শান্ট মটরের জন্য ঃ




$T_a \propto I_a \varphi$

$T_a \propto I_a$



$$N \propto \frac{E_b}{\varphi}$$

N কারেন্টের উপর নির্ভর করে না।



N কারেন্টের উপর নির্ভর করে না

◆ ডিসি মটরের বিভিন্ন ধরনের সম্পর্ক (Relation)

আমরা জানি, $E_b = \frac{\varphi ZNP}{60A}$

একটি নির্দিষ্ট মটরের জন্য কন্ডাকটর, পোল, প্যারালাল পথ কন্সট্যান্ট

সুতরাং $E_b \propto \varphi N$

এতএব $\frac{E_{b1}}{E_{b2}} = \frac{\varphi_1 N_1}{\varphi_2 N_2}$

আবার, $T_a = 0.159 \varphi Z I_a \frac{P}{A}$

$T_a \propto \varphi I_a$

◆ সিরিজ মটরের জন্য ঃ

$\varphi \propto I_a$

$\therefore \frac{E_{b1}}{E_{b2}} = \frac{\varphi_1}{\varphi_2} \times \frac{N_1}{N_2}$

$$= \frac{60}{2\pi} \times \frac{E_b I_a}{N}$$

$$\boxed{T_a = 9.55 \frac{E_b I_a}{N}}$$

ইহাকে আর্মেচারের উৎপন্ন টর্ক বলে।

◆ **শ্যাফট টর্ক (Shaft Torque) :** মটরের শ্যাফটে যে টর্ক পাওয়া যায় তাকে শ্যাফট টর্ক বলে।

$$T_{shaft} = 9.55 \times \frac{\text{Shaft Power}}{N}$$

$$= 9.55 \times \frac{\text{Motor Output}}{N}$$


$$= 9.55 \times \frac{\text{Input-Total losses}}{N}$$

$$= 9.55 \times \frac{Break\ Power}{N}$$

$$HP = \frac{\text{Power in watt}}{746} HP$$


পাওয়ার স্টেজ (Power Stage)

ডিসি জেনারেটরের যে ধরনের লস হয় ঠিক একই ধরনের লস ডিসি মটরেও পাওয়া যায়। তবে পাওয়ার স্টেজটা একটু উল্টা। নিম্নে ডিসি মটরের পাওয়ার স্টেজ দেখানো হলো




বিভিন্ন ধরনের মটরের সমতুল্য সার্কিট এবং এদের ভোল্টেজ সমীকরন :

◆ **সেপারেটলি এক্সাইটেড মটর :**




$$\boxed{E_b = V_t - I_a R_a}$$

◆ **শান্ট মটর :**




$$\boxed{\begin{aligned} E_b &= V_t - I_a R_a \\ &= I_{sh} R_{sh} - I_a R_a \end{aligned}}$$

◆ **সিরিজ মটর :**




$$\boxed{E_b = V_t - I_a (R_a + R_{se})}$$

◆ **শর্ট শান্ট মটর :**




$$\boxed{\begin{aligned} E_b &= V_t - I_a R_a - I_L R_{se} \\ E_b &= I_{sh} R_{sh} - I_a R_a \end{aligned}}$$

◆ **লং শান্ট মটর :**



$$\boxed{\begin{aligned} E_b &= V_t - I_a R_a - I_a R_{se} \\ &= I_{sh} R_{sh} - I_a (R_a + R_{se}) \end{aligned}}$$


ডিসি মটর (D.C. Motor)



◆ **সংজ্ঞা (Definition)** : ডিসি মটর এমন একটি ইলেকট্রিক্যাল মেশিন যার সাহায্যে বিদ্যুৎ শক্তিকে যান্ত্রিক শক্তিতে রূপান্তর করা হয়। ডিসি মটর এবং ডিসি জেনারেটর এর গঠন একই রকম। অর্থাৎ যদি ডিসি মেশিনের আর্মেচারকে প্রাইম মুভার এর সাহায্যে ঘুরানো হয় তবে মেশিন টি জেনারেটর হিসাবে কাজ করবে আর যদি আর্মেচার পরিবাহীতে ডিসি সাপ্লাই দেওয়া হয় তবে মেশিনটি মটর হিসাবে কাজ করবে। ডিসি মটরের অপর নাম ফ্রি-ওয়ে মটর।

◆ **মূলনীতি (Principle)** : যদি চুম্বক ক্ষেত্রের মধ্যে কোন পরিবাহী কারেন্ট বহন করে। তবে ঐ পরিবাহীতে একটি লব্ধি বল তৈরী হয় যার মান F = BIL এবং যার দিক ফ্লেমিং এর বাম-হস্ত নিয়ম থেকে পাওয়া যায়। এই বলের প্রভাবে মটর ঘুরিতে শুরু করে।

◆ **কার্যপ্রণালী (Working Procedure)** :



মনেকরি, S পোলের অধীনের পরিবাহী গুলোতে কারেন্ট ভিতরে (ক্রস) যাচ্ছে এবং N পোলের অধীনের পরিবাহী গুলোতে কারেন্ট বাহিরে (ডট) আসছে। ফলে প্রতিটি পরিবাহীতে একটি লব্ধি বল উৎপন্ন হয়। ফ্লেমিং এর বাম হস্ত নিয়ম প্রয়োগ করে এই বলের দিক পাওয়া যায় যাহা চিত্রে ছোট তীর চিহ্ন দ্বারা দেখানো হয়েছে। যেহেতু আর্মেচারের উপর পরিবাহী গুলো বসানো থাকে। ফলে পরিবাহীর উপর উৎপন্ন বলের প্রভাবে আর্মেচার সহ পরিবাহী গুলো ঘুরিতে শুরু করিবে (ঘড়ির কাঁটার দিকে)। যাহা বড় তীর চিহ্ন দ্বারা দেখানো হল।


◆ **ব্যাক ই.এম.এফ বা কাউন্টার ই.এম.এফ** : যখন মটরের আর্মেচার চুম্বক ক্ষেত্রের মধ্যে ঘুরতে থাকে তখন আর্মেচার পরিবাহী চুম্বক ক্ষেত্রের বলরেখাকে কর্তন করে ফলে পরিবহীতে একটি ভোল্টেজ উৎপন্ন হয়। যার দিক ফ্লেমিং এর ডান হস্ত নিয়ম অনুসারে পাওয়া যায়। এই উৎপন্ন ভোল্টেজের অভিমুখ সাপ্লাই ভোল্টেজের বিপরীত তাই এই ভোল্টেজকে ব্যাক ই.এম.এফ বা কাউন্টার ই.এম.এফ বলে। যার মান জেনারেটরে উৎপন্ন ভোল্টেজের সমান

অর্থাৎ $E_b = \frac{\varphi ZNP}{60A}$

এবং $E_b = V - IaRa$

যেখানে, Ra = আর্মেচার রেজিস্ট্যান্স

ডিসি মটরের টর্ক : যখন পরিবাহীর ভিতর দিয়া কারেন্ট প্রবাহিত হয় তখন পরিবাহী ঘুরিতে শুরু করে। পরিবাহীর ঐ ঘূর্নন প্রবণতাকে টর্ক বলে। এই উৎপন্ন টর্কের মান, বল এবং ঘূর্নন কেন্দ্রের লম্ব দুরত্ব এর গুনফলের সমান।



অর্থাৎ টর্ক, $T_a = F \times r$ (N-m)

যেখানে,

F = বল

r = ঘূর্নন কেন্দ্র হতে বলের লম্ব দুরত্ব

প্রতি ঘূর্ননের জন্য কাজ = $F \times 2\pi r$ (Jule)

উৎপন্ন পাওয়ার = $F \times 2\pi rN$ [যেখানেN-rps এ]

$= (F \times r) \times 2\pi N$

$= T_a \times 2\pi N$

আবার, আমরা জানি, আর্মেচারে উৎপন্ন ক্ষমতা = $E_b I_a$

$\therefore T_a \times 2\pi N = E_b I_a$

$$\boxed{T_a = \frac{E_b I_a}{2\pi N}}$$

আবার, আমরা জানি, $E_b = \frac{\varphi ZNP}{A}$ [যখন N-rps এ]

$$\therefore T_a = \frac{\varphi Z I_a P}{2\pi A} = \frac{1}{2\pi} \varphi Z I_a \left(\frac{P}{A}\right)$$

$$\boxed{T_a = 0.159 \varphi Z I_a \frac{P}{A}}$$

যদি N rpm এ দেওয়া থাকে তবে,

$$\text{টর্ক } T_a = \frac{E_b I_a}{2\pi \times \frac{N}{60}}$$

১০। একটি Shunt Generator 250V এ 195A সরবরাহ করে। আর্মেচার এবং Shunt field এর Resistance যথাক্রমে 0.02Ω এবং 50Ω আয়রন এবং friction loss একত্রে 950 watt.বাহির কর।

(i) Generator e.m.f

(ii) Cupper loss

(iii) O/P of Prime mover

(iv) Commercial, Mechanical & electrical efficiency.

Ans : (i) 254 V (ii) 2050 watt
(iii) 51.75Kw
(iv) 94.2% , 98.16% , 95.95%.

১১। একটি 8-Pole lap winding যুক্ত Generator এ 120 টি Slot আছে। প্রতি Slot এ 4টি পরিবাহী আছে। প্রতি Pole এ flux 0.05ωb এবং প্রতি পরিবাহীতে 250A তড়িৎ প্রবাহিত হয়। খোলা লাইনে 240v এর জন্য গতিবেগ কত? Full load এ 220v drop হইলে মেশিনের আউটপুট কত?
Ans : 600 rpm, 440 Kw.

১২। 110v এর একটি DC Compound Generator এর Armature, Series এবং Shunt field এর রোধ যথাক্রমে 0.06Ω, 0.04Ω এবং 25Ω লোডে 200টি 55w, 110v এর বাতি থাকলে। (a) long Shunt (b) Short Shunt এর জন্য Total e.m.f এবং Armature Current বের কর।

Ans : (a) 120.4 V, 104.4 Amp
(b) 120.3 V, 104.6 Amp

১৩। একটি 100Kw ,400v শান্ট জেনারেটর হইতে লোড সরাইলে ভোল্টেজ বেড়ে 440v হয়। ফুল লোড কারেন্ট ও ভোল্টেজ রেগুলেশন বাহির কর।

[HINT : Eg = 440v, V = 400v

রেগুলেশন $= \frac{Eg-V}{V} \times 100\%$] Ans: 250A;10%.

১৪। একটি Separately excited Generator যখন প্রতিমিনিটে 1200 পাক ঘুরে তখন 125 volt, 200A Current সরবরাহ করে। যদি লোড সার্কিটের Resistance এবং field Current অপরিবর্তীত থাকে, তবে প্রতি মিনিটে 1000 পাক ঘুরিবার সময় কত কারেন্ট দিবে? (Armature Resistance 0.04Ω, Brush voltage drop 2 volt)
Ans : 166.2A.

১৫। একটি 20kw, 440V short shunt compound DC Generator এ ফুল লোডে দক্ষতা 87% : যদি Armature Resistance এবং ইন্টারনাল রোধ 0.4 Ω, সিরিজ ও শান্ট ফিল্ড রোধ 0.25 Ω এবং 240 Ω। সামাকি বিয়ারিং ফ্রিকশন ও windage কোর লস নির্নয় কর। উত্তর: (725 kw)

"হে নবী বলে দাও, তিনি আল্লাহ এক। আল্লাহ সবকিছু থেকে মুখাপেক্ষী হীন। সবকিছুই তাঁর মুখাপেক্ষী। না তাঁর কোনো সন্তান আছে আর না তিনি কারো সন্তান। তাঁর সমতুল্য কেউ নেই"
(সূরা ইখলাস)

$Z = 2T$

$T = \frac{Z}{2} = \frac{800}{2} = 400$

8 টি turn আছে 1 টি coil এ

400 " " $= \frac{400}{8} = 50$ টি coil (Ans.)

Self Study

১। একটি 4-pole বিশিষ্ট Shunt generator এর Armature lap winding যুক্ত। উহার Field এবং Armature resistance যথাক্রমে 50Ω এবং 0.1Ω। Generator টি যদি 60 টি বাতিতে বিদ্যুৎ সরবরাহ করে প্রতি বাতি 100v, 40w হয় তবে।

(i) Armature current

(ii) প্রতি Parallel Path এর Current.

(iii) প্রতি ব্রাশে 1v drop হইলে Armature এ উৎপন্ন তড়িৎ চাপ কত হইবে?

Ans : (i) 26 A (ii) 6.5 A (iii) 104.6 V.

২। একটি সিরিজ জেনারেটর এর ফিল্ড এবং আর্মেচার রেজিস্ট্যান্স একত্রে 1Ω। যদি উহা 250v এ 8Kw সরবরাহ করে তবে।

(i) আর্মেচারের উৎপন্ন তড়িৎ চাপ।

(ii) জেনারেটরের মোট তড়িৎ চাপ।

(iii) যদি Full lood এ চলিবার সময় উহার কর্মক্ষমতা শতকরা 90 ভাগ হয় তবে Prime mover এর H.P কত হওয়া প্রয়োজন।

Ans : (i) 282 V (ii) 9.024 Kw (iii) 11.92 H.P

৩। একটি ডিসি সিরিজ জেনারেটর 220v,150A Current সরবরাহ করে। এই কারেন্ট ফিল্ড কয়েল দিয়া প্রবাহিত হইবার সময় চুম্বক ক্ষেত্রের আর্মেচার কারেন্ট শতকরা 20 ভাগ বেশি হয়। যদি আর্মেচারকে কমাইয়া প্রয়োজন অনুযায়ী রাখিতে হয় তবে মেশিনে কত ওহমের রোধ বিশিষ্ট ডাইভারটার ব্যবহার করিতে হইবে?

(ফিল্ড কয়েলের রোধ 0.06Ω) Ans : 0.3Ω

৪। একটি Short Shunt Compound Generator 110v, 100A সরবরাহ করে। যদি Shunt field Resistance 50Ω, Series fied Resistance 0.015Ω এবং Armature resistance 0.02Ω হয় এবং প্রতি ব্রাশে 1V drop ধরে সার্কিট তড়িৎ চাপ বের কর।

Ans : 115.54V

৫। একটি 250v long shunt compound Generator পুরোলোড সহ চলার সময় 100Kw সরবরাহ করে। R_{sh} =55Ω, R_{se} = 0.03Ω এবং R_a = 0.05Ω হলে আর্মেচার কারেন্ট এবং Induced e.m.f কত বের কর। ব্রাশ ঘাটতি 2V. Ans. 404.5 A, 284.5 V.

৬। একটি Shunt Generator 100V এ 100A সরবরাহ করার সময় 1200rpm এ ঘুরে। R_a=0.032Ω, R_{sh} = 50Ω ঐ মেশিন যদি 100v সরবরাহ লাইন হতে 102A Current নিয়ে Motor হিসাবে চলতে আরম্ভ করে তবে গতিবেগ কত হইবে?

Ans: 1124.88 r.p.m.

৭। একটি Short Shunt compound Generator বাহিরের বর্তনীতে 110v এ 100A সরবরাহ করে। R_a = 0.05Ω, R_{sh} = 57Ω, R_{se} = 0.04Ω। যদি mechanical loss 852 Watt হয় তবে (i) Eg (ii) Armature cu loss (iii) Series field cu loss (iv) Shunt field cu loss (v) Overall efficiency.

Ans: (i) 119.1 V (ii) 520.2Watt
(iii) 400W (iv) 228 W (v) 84.7%

৮। একটি 230v, 800A compound জেনারেটরের I_{sh} = 12A, R_a = 0.007Ω, R_{se} = 0.002Ω উহার stray power loss 5500 watt। উহা long Shunt এ যুক্ত থাকলে efficiency কত?

Ans : 92.83%

৯। একটি 4-Pole lap winding এর DC Generator এর প্রতি পোলে flux 7×10^6 Lines Armature এ 220 টি turn আছে যাদের প্রতিটির রোধ 0.004Ω Armature Current 50A এবং গতিবেগ 900rpm হইলে terminal voltage কত? [1 Lines = 10^{-8} wb] Ans : 459.25 V.

$= \frac{13931.5}{14920} \times 100$

$= 93.37\%$ (Ans)

গ) Commercial Efficiency,

$(\eta_c) = \frac{Output}{Input} \times 100$

$= \frac{12500}{14920} \times 100$

$= 83.78\%$ (Ans)

১৬। একটি 4 Pole DC Shunt Generator এর শান্ট ফিল্ড রেজিস্ট্যান্স 100Ω ,আর্মেচার রেজিস্ট্যান্স 1Ω, আর্মেচারে 378 টি Wave Connected Conductor আছে। প্রতি পোলে 0.02 ωb flux আছে। conductor 1000 rpm এ ঘুরিলে এবং লোডে 10Ω resistance থাকলে লোড কর্তৃক গৃহীত পাওয়ার বের কর।

Solution:

$E_g = \frac{\varphi ZNP}{60A}$

$= \frac{0.02 \times 378 \times 1000 \times 4}{60 \times 2}$

$= 252\ Volt$

$I_A = I_L + I_{sh}$

$= \frac{V_l}{R_l} + \frac{V_T}{R_{sh}}$ $[V_T = V_L = V]$

Now,

$E_g = V_T + \left(\frac{V}{10} + \frac{V}{100}\right) \times 1$

$\Rightarrow 252 = V_T + \left(\frac{V}{10} + \frac{V}{100}\right) \times 1$

$\Rightarrow V = 227.02\ Volt$

লোড কর্তৃক গৃহীত পাওয়ার,

$P = \frac{V^2}{R}$

$= \frac{227.02^2}{10}$

$= 5154.13\ Watt\ (Ans)$

১৭। একটি Seperately Excited DC Generator এর Terminal Voltage 250 V, শতকরা হিসাবে Voltage এর পরিবর্তন বের কর। যখন Output 250 KW হতে 150 KW হয় । আর্মেচার রোধ 0.012 Ω এবং Brush Drop 2 V।

Solution:

$I_{A1} = \frac{250 \times 1000}{250}$

$= 1000$ Amp

$I_{A2} = \frac{150 \times 1000}{250}$

$= 600$ Amp

$E_{g1} = V_T + I_A R_A + V_b$

$= 250 + 1000 \times 0.012 + 2$

$= 264\ Volt$

$E_{g2} = V_T + I_A R_A + V_b$

$= 250 + 600 \times 0.012 + 2$

$= 259\ Volt$

We know,

শতকরা Voltage এর পরিবর্তন হবে,

$= \frac{E_{g1} - E_{g2}}{E_{g1}} \times 100$

$= \frac{264 - 259}{264} \times 100$

$= 1.83\%$ $(Ans.)$

১৮। একটি 4 pole মেশিন 900rpm এ ঘুরিলে 240V উৎপাদন করে। টার্মিনাল voltage 220V হলে, মেশিনটি জেনারেটর না মোটর বের কর:

i) armature current, I_a = ?

ii) armature coil সংখ্যা = ? যখন,

$\varphi = 10 m\omega b$, Turn/coil=8, armature wave connected. And $R_a = 0.2\Omega$

Solution:

যেহেতু উৎপাদিত voltage অপেক্ষা terminal voltage কম সুতরাং মেশিনটি জেনারেটর ।

We know ,

$E_g = V_T + I_A R_A$

$\Rightarrow 240 = 220 + I_A \times 0.2$

$\Rightarrow I_A = 100$ amp (Ans)

$\varphi = 10\ m\omega b$

$= \frac{10}{1000}\ \omega b$

Again,

$E_g = \frac{\varphi ZNP}{60A}$

$\Rightarrow 240 = \frac{10 \times Z \times 900 \times 4}{60 \times 2 \times 1000}$

$\Rightarrow Z = 800$

We know ,

$$I_{sh} = \frac{V}{R_{sh}} = \frac{600}{75} = 8\ A$$

$$\therefore I_a = I_L + I_{sh}$$
$$= 500+8$$
$$= 508A$$

ডাইভারটার রেজিস্ট্যান্স সিরিজ ফিল্ডের সাথে প্যারালালে লাগনো হয়। সুতরাং তাদের সম্মিলিত রেজিস্ট্যান্স

$$= \frac{0.012\times0.036}{0.012+0.036}$$
$$= 0.009\Omega$$

টোটাল আর্মেচার সার্কিট রেজিস্ট্যান্স

$$= 0.03+0.011+0.009$$
$$= 0.05\Omega$$

আর্মেচার সার্কিটে ভোল্টেজ ড্রপ

$$= I_aR_a$$
$$= 508 \times 0.05$$
$$= 25.4\ v.$$


$$Eg = V + drop$$
$$= 600 + 25.4$$
$$= 625.4\ volt \quad \textbf{(Ans.)}$$

উৎপন্ন পাওয়ার

$$= I_aEg = 508 \times 625.4$$
$$= 317.7\times10^3$$
$$= 317.7\ Kw \quad \textbf{(Ans.)}$$

১৪। এক জোড়া পরিবাহীর সাহায্যে একটি শান্ট জেনারেটর বাহিরের সার্কিটে 110v,5.5Kw পাওয়ার সরবরাহ করে। যদি পরিবাহী দ্বয়ের সমবেত রোধ 0.042Ω, আর্মেচার রোধ 0.1Ω, shunt field resistance 40Ω হয়। তবে জেনারেটরের ভোল্টেজ এবং আর্মেচারে উৎপন্ন ভোল্টেজ কত হবে বের কর।

Solution:



$$I_L = \frac{P}{V} = \frac{5.5\times10^3}{110} = 50\ A$$

$$V_T = V + I_LR_{se}$$
$$= 110 + (50 \times 0.042)$$
$$= 112.1\ volt \quad \textbf{(Ans.)}$$

দেওয়া আছে,
$R_e = 0.042\Omega$
$R_a = 0.1\Omega$
$R_{sh} = 40\Omega$
$V = 110V$

$$I_{sh} = \frac{V_T}{R_{sh}} = \frac{112.1}{40} = 2.8\ A$$

$$I_a = I_L+I_{sh}$$
$$= 50+2.8$$
$$= 52.8\ A$$

$$Eg = V_T+I_aR_a$$
$$= 112.1+(52.8 \times 0.1)$$
$$= 117.38\ V \quad \textbf{(Ans.)}$$

১৫। 20 HP ক্ষমতা সম্পন্ন একটি প্রাইম মুভার দ্বারা একটি শান্ট জেনারেটর ঘুরিয়ে 250 volt , 50 Amp লোডে বিদ্যুৎ সরবরাহ করা হয়েছে। আর্মেচার ও শান্ট ফিল্ডের রোধ যথাক্রমে 0.06Ω এবং 50Ω হলে জেনারেটরের -

ক) বৈদ্যুতিক কর্ম দক্ষতা ,

খ) যান্ত্রিক কর্ম দক্ষতা ও

গ) বানিজ্যিক কর্ম দক্ষতা নির্নয় কর।

Solution:

$$I_a = I_L + I_{sh} \qquad I_{Sh} = \frac{250}{50} = 5\ A$$
$$= 50 + 5$$
$$= 55\ Amp$$

$$\text{input} = 20 \times 746 = 14920\ Watt$$

$$\text{Output} = 250 \times 50 = 12500\ Watt$$

$$\text{Armature Drop} = I_a \times R_a = 55 \times 0.6$$
$$= 3.3\ V$$

$$\text{Armature induced Voltage, } E_g = V_T + I_aR_a$$
$$= 250 + 3.3$$
$$= 253.3\ V$$

$$\text{Armature এ উৎপন্ন Power} = E_gI_a$$
$$= 253.3 \times 55$$
$$= 13.931\ KW$$

ক) Electrical Efficiency,

$$(\eta_e) = \frac{Output}{E_gI_A} \times 100$$
$$= \frac{12500}{13931.5} \times 100$$
$$= 89.7\%\ (Ans)$$

খ) Mechanical Efficiency,


$$(\eta_m) = \frac{E_gI_A}{Input} \times 100$$

$$= \frac{200\times20}{(214\times24)+364}$$

$$= 72.73\% \quad \textbf{(Ans.)}$$

11| GKwU 4– ‡ cvj j¨vc DÛ †জনারেটর 1500 rpm এ ঘুরে। আর্মেচারে 90 টি স্লট এবং প্রতি স্লটে 6 টি কন্ডাকটর আছে। প্রতি পোলে ফ্লাক্স 60 mωb. যদি প্রতি কন্ডাকটরে কারেন্ট 100A হয় তবে উৎপন্ন ভোল্টেজ ও পাওয়ার নির্ণয় কর।

Solution:



4 টি প্যারালাল পথ

প্যারালাল পথে কন্ডাকটরগুলো সিরিজে লাগানো থাকে।

আমরা জানি,

$$Eg = \frac{\varphi ZN}{60}\times\left(\frac{P}{A}\right)$$

$$= \frac{0.06\times90\times6\times1500}{60}$$

$$= 810 \text{ volt} \quad \textbf{(Ans.)}$$

দেওয়া আছে,

$P = 4 = A$

$N = 1500$ rpm

$Z = 90\times6$

$\varphi = 60\times10^{-3}$

$= 0.06$ ωb

$I_a = 4\times100 = 400A$

উৎপন্ন পাওয়ার,

$P_a = I_aEg$

$= 400 \times 810$

$= 324000w$

$= 324$ Kw **(Ans.)**

১২। একটি 8- পোল ল্যাপ উন্ড ডিসি জেনারেটর এর 240 টি প্যাঁচ আছে। আর্মেচারের প্রতিটি পরিবাহী 125A কারেন্ট বহন করে এবং প্রতি পোলে ফ্লাক্স 0.05 ωb. যদি টার্মিনালে নোলোড ও ফুল লোড ভোল্টেজ যথাক্রমে 240 v এবং 220 v হয় তবে স্পিড? আর্মেচার রেজিস্ট্যান্স ও রেটেড আউটপুট পাওয়ার বের কর।

Solution:

আমরা জানি,

$$E_g = \frac{\varphi ZN}{60}\times\left(\frac{P}{A}\right)$$

Given,

$P = 8$

$A = 8$

$Z = 240 \times 2$

$E_g = 240\,V$

$V = 220\,V$

$I_a = 125 \times 8$

$= 1000\,A$

$N = 600\,rpm$

$$\Rightarrow 240 = \frac{0.05\times240\times2\times N}{60}$$

$\Rightarrow N = 600$ r.p.m

আবার,

আমরা জানি,

$Eg = V+I_aR_a$

$240 = 220 + (1000\times R_a)$

$R_a = 0.02\Omega$ **(Ans.)**

রেটেড আউটপুট পাওয়ার,

$= I_aV$

$= 1000\times220$

$= 220$ Kw **(Ans.)**

বিঃ দ্র ঃ নো লোড অবস্থায় আর্মেচারে কোন ড্রপ নেই। তাই নো লোডে

$Eg = V+I_aR_a$

$= V+0$

$= V$

১৩। একটি 300 Kw, 600 v লং শান্ট কম্পাউন্ড জেনারেটর এর নিম্নোক্ত তথ্য সমূহ দেওয়া আছে ঃ

শান্ট ফিল্ড রেজিস্ট্যান্স = 75Ω

আর্মেচার রেজিস্ট্যান্স = 0.03Ω


কমুটেটিং ফিল্ড ওয়াইন্ডিং রেজিস্ট্যান্স = 0.011Ω

সিরিজ ফিল্ড রেজিস্ট্যান্স = 0.036Ω

ডাইভারটার রেজিস্ট্যান্স = 0.012Ω

এই অবস্থায় মেশিনটি যখন ফুল লোডে চলে তখন আর্মেচারে উৎপাদিত ভোল্টেজ এবং পাওয়ার নির্ণয় কর।

Solution:



আউটপুট পাওয়ার = 300×10^3 watt

লোড কারেন্ট,

$$I_L = \frac{P}{V} = \frac{300\times10^3}{600} = 500A$$

$$= \frac{0.07\times220\times2\times900}{60} - (50\times0.055)$$

$$= 459.25 \text{ volt} \quad \textbf{(Ans.)}$$

৮। একটি সেপারেটলি এক্সাইটেড জেনারেটর 1200rpm এ 125V,200A সাপ্লাই দেয়। যদি 1000rpm এ ফিল্ড কারেন্ট 20% কমে যায়। তবে আর্মেচার কারেন্ট কত? (R_a= 0.04Ω)

Solution:

দেওয়া আছে-

$I_{f1} = I_f$

$If_2 = (1 - 0.2)\, I_f$

$= 0.8I_f$

$$R_L = \frac{V_1}{I_1} = \frac{125}{200} = 0.625\Omega$$

$V_2 = R_L \times I_2$

$R_a = 0.04\Omega$

আমরা জানি,

$$Eg_1 = V_1 + I_1 Ra$$
$$= 125 + 200\times0.04$$
$$= 133v$$

আবার,

$$\frac{Eg_1}{Eg_2} = \frac{N_1\varphi_1}{N_2\varphi_2}$$

যেহেতু $\varphi \propto I_f$

$$\therefore \frac{Eg_1}{Eg_2} = \frac{N_1 I_{f1}}{N_2 I_{f2}}$$

$$Eg_2 = \frac{1000\times0.8I_f}{1200\times I_f} \times 133$$

$$= 88.67 \text{ volt}$$

আবার, আমরা জানি,

$$Eg_2 = V_2 + I_2 R_a$$

$$\Rightarrow 88.67 = (0.625 \times I_2) + (I_2 \times 0.04)$$

$$\Rightarrow I_2 = 133.33A \quad \text{(Ans.)}$$

৯। একটি শান্ট জেনারেটর 220 Volt এ 196A কারেন্ট সরবরাহ করে। স্ট্রে লস 720W, ফিল্ড রেজিস্ট্যান্স 55Ω, যদি ফুল লোডে দক্ষতা 88% হয়, তবে আর্মেচার রেজিস্ট্যান্স বাহির কর। আবার যদি জেনারেটরটি সর্বোচ্চ দক্ষতায় চালানো হয় তবে লোড কারেন্ট কত?

Solution:

আউট পুট = VI_{L1}

$= 220 \times 196$

$= 43120$ w

ইনপুট = $\frac{\text{আউটপুট}}{\text{দক্ষতা}}$

$$= \frac{43120}{0.88}$$

$= 49000$ watt

মোট লস = 49000 – 43120

= 5880 watt

আমরা জানি,

মোট লস = মোট কপার লস+স্ট্রে লস

$\Rightarrow 5880 = I_a^2 R_a + I_{sh}^2 R_{sh} + 720$

$\Rightarrow 5880 = 200^2 R_a + (4^2\times55) + 720$

$\Rightarrow Ra = 0.107\Omega$ **(Ans.)**

Constant loss = $I_{sh}^2 R_{sh}$ + Stray loss

$= (4^2\times55) + 720$

= 1600 Watt

সর্বোচ্চ দক্ষতার জন্য আমরা জানি,

$I^2_{L1} Ra$ = Constant loss =1600

$I_{L1} = \sqrt{1600/0.107} = 122.3A$ **(Ans.)**

১০। একটি 4 - পোল শান্ট জেনারেটর 10Ω লোডে 20A কারেন্ট দেয়। যদি আর্মেচার ও ফিল্ড রেজিস্ট্যান্স যথাক্রমে 0.5Ω ও 50Ω হয় এবং আয়রন ও ফ্রিকশন লস 364w হয় তবে উৎপন্ন ভোল্টেজ এবং দক্ষতা বের কর। (প্রতি ব্রাশে ড্রপ =1v)

Solution:

দেওয়া আছে,

$V_B = 1 + 1 = 2$ volt

$V = I_L R_L = 20\times10 = 200V$

$$I_{sh} = \frac{V}{R_{sh}} = \frac{200}{50} = 4A$$

$I_a = I_L + I_{sh} = 20 + 4 = 24A$

$Eg = V + I_a R_a + V_B$

$= 200 + (24 \times 0.5) + 2$

$= 214$ volt (Ans.)

দেওয়া আছে,

$R_L = 10\Omega$

$I_L = 20A$

$R_a = 0.5\Omega$

$R_{sh} = 50\Omega$

$w_s = 364$ Watt

দক্ষতা $\eta = \frac{\text{আউটপুট}}{\text{ইনপুট}} \times 100$

Solution:

Shunt current, $I_{sh} = \frac{230}{50} = 4.6A$

Armature current, $I_a = 450 + 4.6 = 454.6A$


$E_g = V_T + I_aR_a$

$= 230 + 454.6 \times 0.03$

$= 243.63V$ (Ans.)

৫। একটি 500v লং শান্ট জেনারেটর লোডে 50A কারেন্ট সরবরাহ করে। যদি আর্মেচার, সিরিজ ফিল্ড, শান্ট ফিল্ড রেজিস্ট্যান্স যথাক্রমে 0.05Ω, 0.03Ω, 250Ω হয় এবং প্রতি ব্রাশে 1v ড্রপ হয় তবে আর্মেচারে উৎপন্ন ভোল্টেজ এবং কারেন্ট নির্ণয় কর।[DUET: 04-05]

Solution:



আমরা জানি,

$I_{sh} = \frac{V_T}{R_{sh}} = \frac{500}{250} = 2A$

$I_a = I_L + I_{sh} = 50 + 2$

$= 52A$ (Ans.)

আবার, আমরা জানি,

$Eg = V_T + I_a(R_a + R_{se}) + V_B$

$= 500 + 52 \times (0.05 + 0.03) + 2$

$= 506.16$ volt (Ans.)

দেওয়া আছে,

$V_T = 500v$

$I_L = 50A$

$R_a = 0.05\Omega$

$R_{se} = 0.03\Omega$

$R_{sh} = 250\Omega$

$V_B = 1 + 1 = 2V$

৬। একটি সেপারেটলি এক্সাইটেড জেনারেটর 1000rpm এ 200A ও 125V সাপ্লাই দেয়। যখন জেনারেটরটি 800 rpm এ ঘুরানো হয় তখন লোড কারেন্ট কত? দেওয়া আছে, R_a=0.04Ω, ব্রাশে ভোল্টেজ ড্রপ =2V.

Solution:

$R_L = \frac{V_{T1}}{I_1} = \frac{125}{200} = 0.625\Omega$

$V_{T2} = R_LI_2$

$Eg_1 = V_{T1} + I_1R_a + V_B$

$= 125 + (200 \times 0.04) + 2$

$= 135V$

দেওয়া আছে,

$I_1 = 200A$

$I_2 = ?$

$N_1 = 1000rpm$

$N_2 = 800rpm$

$R_a = 0.04\Omega$

$V_{T1} = 125v$

$V_B = 2v$

আমরা জানি,

$\frac{Eg_1}{Eg_2} = \frac{N_1}{N_2}$

$\therefore Eg_2 = \frac{800}{1000} \times 135 = 108$ volt

আবার,


$Eg_2 = V_{T2} + I_2R_a + V_B$

$108 = 0.625\ I_2 + 0.04I_2 + 2$

$I_2 = 159.4A$

৭। একটি 4-pole ল্যাপ ওয়াইন্ডিং ডিসি শান্ট জেনারেটর এর ব্যবহৃত ফ্লাক্স 0.07wb। আর্মেচারে 220টি টার্ন আছে এবং প্রতি টার্নে রেজিস্ট্যান্স 0.004Ω। 900rpm-এ ঘুরালে আর্মেচার কারেন্ট 50A হয়। টার্মিনাল ভোল্টেজ বের কর।

Solution:



দেওয়া আছে,

$P = A = 4$

$\varphi = 0.07$ ωb

$Z = 220 \times 2$

$N = 900$ r.p.m

$I_a = 50$ A

Total resistance = 220 x 0.004 = 0.88 Ω

প্রতি প্যারালাল পথের রেজিস্ট্যান্স

$= \frac{0.88}{4}$

$= 0.22\Omega$

Short cut,

$R_a = \frac{turn \times Resistance\ /turn}{Parallel\ path \times pole}$

মোট আর্মেচার রেজিস্ট্যান্স

$R_a = \frac{0.22}{4} = 0.055\Omega$

আমরা জানি,

$V_T = Eg - I_aR_a$

$\Rightarrow V_T = \frac{\varphi ZNP}{60A} - IaR_a$

১। কি কি কারনে কম্যুটেটরে অগ্নি স্পুলিংগ দেখা দেয় ? এটি উন্নয়নের উপায় কি ?

উত্তর: দুটি করনে মম্যুটেটরে অগ্নি স্ফুলিংগ দেখা দেয়।
ক) আর্মেচার রিয়্যাকশনের জন্য চৌম্বক বলরেখা বেঁকে গিয়ে।
খ) কম্যুটেশন এর সময় আর্মেচার কয়েলে রিয়াকট্যান্স ভোল্টেজ উৎপন্ন হয়।
উপায়: ব্রাশ এর অবস্থান পরিবর্তন করে।
ইন্টার পোল ব্যবহার করে।

২। Air gap বলতে কি বুঝ ?

উত্তর: পোল স্যু ও আর্মেচারের মাঝে যে সামান্য ফাঁক থাকে বলে Air gap ।

৩। Inter Pole এর কাজ কি?

উত্তর: Inter Pole গুলো প্রধান পোল এর তুলনায় চিকন এবং মেইন পোল গুলোর মাঝখানে বসানো হয়। Inter Pole Flux আর্মেচার রিয়্যাকশনের কারনে আর্মেচার ফিল্ড পোলের চৌম্বক বলরেখা আড়াআড়ি ভাবে উৎপন্ন চৌম্বক বলরেখাকে বিনষ্ট করে। যার ফলে ফিল্ড পোলের চৌম্বক বলরেখাও বিকৃত হয় না। অর্থাৎ এই পোল ব্যবহার করলে লোডের যে কোন অবস্থাতেই ব্রাশকে জ্যামিতিক ভাবে নিরপেক্ষ আস্থায় রাখা হয়।

Solved Problems

১। একটি ডিসি জেনারেটর 230V, 200A কারেন্ট সরবরাহ করতে পারে, যদি জেনারেটর এর কার্যক্ষমতা 86% হয়, তবে জেনারেটরকে ঘুরাতে কত অশ্বশক্তির মোটর প্রয়োজন হবে। [DUET:11-12]

Solution:
জেনারেটরের কার্যক্ষমতা = Overall বা বানিজ্যিক কর্মদক্ষতা

We know, $\eta = \frac{C}{A} = \frac{Output}{Input}$

$\Rightarrow \frac{86}{100} = \frac{230\times200}{Input}$


$\Rightarrow$ Input = 53488.37 Watt

$\Rightarrow$ Input = $\frac{53488.37}{746}$ HP

$\Rightarrow$ Input = 71.7 HP (Ans.)

২। 4 Pole Wave winding বিশিষ্ট একটি Generator এ 30টি coil আছে, প্রতিটি কয়েলে 4টি পাক আছে। প্রত্যেক কয়েলের রোধ 0.012Ω ,আর্মেচার কারেন্টের মান 40A এবং আর্মেচার 1300 rpm এ ঘুরালে প্রান্তিক voltage কত হবে। pole এর কার্যকরী ফ্লাক্স 50mωb।

Solution:



Given,
P = 4
A = 2
coil = 30টি
R_{coil} = 0.012Ω,
I_a = 40A,
N=1300rpm,
V_T = ?,
$\phi = 50\times10^{-3}$ ωb
Z = 2T = 2×(30×4) = 240
1টি কয়েলের রোধ = 0.012Ω
∴30টি কয়েলের রোধ = 30×0.012
= 0.36Ω
∴প্রতি Parallel পথে রোধ = $\frac{0.36}{2}$ = 0.18Ω

$R_a = 0.18 \parallel 0.18 = 0.09\Omega$

$E_g = \frac{\phi ZNP}{60A}$

$= \frac{50\times10^{-3}\times2\times30\times4\times1300\times4}{60\times2}$

= 520V

$E_g = V_T + I_aR_a$

$\Rightarrow V_T = 520 - 40\times0.09$

= 516.4V (Ans.)

৩। একটি 4-পোল, ল্যাপ উন্ড জেনারেটর এর 56 টি কয়েল আছে, যার প্রত্যেকটি কয়েলে টার্ন এর সংখ্যা 6। জেনারেটরটি 1150rpm এ ঘুরানোর সময় 265V তৈরী করলে প্রতি পোল এর ফ্লাক্স কত হবে? [DUET: 05-06]

Solution:
We Know,

$E_g = \frac{\phi ZPN}{60A}$

$\Rightarrow 265 = \frac{\phi\times672\times4\times1150}{60\times4}$

$\therefore \phi = 0.02$ ωb (Ans.)

দেওয়া আছে,
P = 4, A = 4
Z = 2 × 6 × 56 = 672
N = 1150 r.p.m
E_g = 265 volt, Q = ?

৪। 230V এবং 450A একটি শান্ট জেনারেটরের শান্ট এবং আর্মেচার রেজিস্ট্যান্স যথাক্রমে 50Ω এবং 0.03Ω হলে, জেনারেটরের উৎপন্ন e.m.f এর পরিমাণ নির্ণয় কর। [DUET: 07-08]

পরিবাহীর সাহায্যে একটি একহারা ওয়াভিং করা সম্ভব। ৫। মেশিনে যতগুলি পোল থাকে ততগুলি ব্রাশের প্রয়োজন হয়। ৬। অপেক্ষাকৃত কম ভোল্টেজে বেশি কারেন্ট উৎপন্ন করে।	করা যায় না। ৫। ব্রাশ সংখ্যা পোলের সমান ও হতে পারে। আবার দুইটি ব্রাশ ও হতে পারে। ৬। অপেক্ষাকৃত বেশি ভোল্টেজে কম কারেন্ট উৎপন্ন করে।

◆ বিভিন্ন ধরনের পিচ ঃ

১। **পোল পিচ ঃ** প্রতি পোলে পরিবাহীর সংখ্যাকে পোল পিচ বলে।
$Y_p = Z / P$

২। **ফ্রন্ট পিচ ঃ** আর্মেচারের যে দিকে কম্যুটেটর থাকে সেই দিকে একটি কয়েল যতগুলি কন্ডাক্টরকে অন্তর্ভুক্ত করে তাকে ফ্রন্ট পিচ বলে। ইহাকে Y_F দ্বারা প্রকাশ করা হয়।


৩। **ব্যাক পিচ ঃ** কম্যুটেটরের বিপরীত দিকে আর্মেচারের একটি কয়েল যতগুলি কন্ডাক্টরকে অন্তর্ভুক্ত করে তাকে ব্যাক পিচ বলা হয়। ইহার প্রতীক Y_B

৪। **কয়েল পিচ ঃ** পাশাপাশি অবস্থিত দুইটি কয়েলের ব্যবধানকে কয়েল পিচ বলা হয়।
ল্যাপ ওয়াভিং এর ক্ষেত্রে $Y = (Y_B - Y_F)$
ওয়েভ ওয়াইন্ডিং এর ক্ষেত্রে $Y = (Y_B + Y_F)$

৫। **কম্যুটেটর পিচ ঃ** কম্যুটেটরের দুইটি সেগমেন্টের মধ্যবর্তী দূরত্বকে কম্যুটেটর পিচ বলা হয়। প্রতীক Y_c

◆ রেসিডুয়াল ম্যাগনেটিজম কি ? কিভাবে ইহা নষ্ট হয় এবং হারানো ম্যাগনেটিজম কিভাবে ফিরিয়ে আনা যায় ?

উত্তরঃ



রেসিডুয়াল ম্যাগনেটিজমঃ

রেসিডুয়াল ম্যাগনেটিজম মানে অবশিষ্ট চুম্বকত্ব যাহা না থাকলে জেনারেটরে আদৌ ভোল্টেজ উৎপন্ন হয় না।

নষ্ট হওয়ার কারনঃ

মেশিন অনেকদিন অব্যবহৃত থাকলে বা ঝাঁকুনি লাগলে বা ফিল্ড কারেন্ট উল্টা দিকে প্রবাহিত হলে রেসিডুয়াল ম্যাগনেটিজম নষ্ট হয়।

ফিরিয়ে আনার উপায়ঃ

বাহির হতে ডিসি সাপ্লাই দিয়ে হারিয়ে যাওয়া রেসিডুয়াল ম্যাগনেটিজম ফিরিয়ে আনা যায়।

◆ ডিসি জেনারেটরে ভোল্টেজ উৎপন্ন হওয়ার শর্ত ঃ

১। ফিল্ডে অবশেষ চুম্বকত্ব থাকতে হবে।
২। ফিল্ড কয়েলের কানেকশন সঠিক হতে হবে।
৩। শান্ট ফিল্ড রেজিস্ট্যান্স ক্রিটিক্যাল রেজিস্ট্যান্স এর চাইতে কম হতে হবে।
৪। ব্রাশ এবং কম্যুটেটর সঠিক জায়গায় মজবুত ভাবে আটকানো থাকতে হবে।
৫। আর্মেচারকে সঠিক দিকে ঘুরাতে হবে।

◆ আর্মেচার রিয়াকশন ঃ

আর্মেচারে উৎপন্ন কারেন্ট আর্মেচারের পরিবাহীর মধ্যে দিয়ে প্রবাহিত হওয়ার সময় পরিবাহীর চারপাশে একটা চুম্বক ক্ষেত্র তৈরী হয়। প্রধান পোলের চুম্বক ক্ষেত্রের উপর এই চুম্বক ক্ষেত্রের (আর্মেচার কারেন্ট জনিত চুম্বক ক্ষেত্র) প্রভাবকেই আর্মেচার রিয়াকশন বলে। আর্মেচার রিয়াকশনের কারনে জেনারেটরের টার্মিনাল ভোল্টেজ কমে যায় এবং ব্রাশে স্পার্ক হয়।

নিম্নলিখিত উপায়ে আর্মেচার রিয়াকশন কমানো যায়ঃ

১। কমপেনসেটিং ওয়াভিং ব্যবহার করে।
২। ইন্টার পোল ব্যবহার করে।
৩। এয়ার গ্যাপের দৈর্ঘ্য বাড়াইয়া।
৪। ব্রাশের অবস্থান পরিবর্তন করিয়া।

◆ ডিসি জেনারেটরের প্যারাল্যাল অপারেশনের শর্তাবলী লিখ।

উত্তর ঃ ডিসি জেনারেটরের প্যারাল্যাল অপারেশনের শর্তাবলী নিম্নরুপ

ক) প্রত্যেক জেনারেটরের টার্মিনাল ভোল্টেজ অবশ্যই সমান হবে।
খ) প্রত্যেক জেনারেটরের পোলারিটি অবশ্যই একই হতে হবে।
গ) প্রত্যেক জেনারেটরের বৈশিষ্ট্য একই হতে হবে।

◆ Shunt Generator এর ব্যবহার লিখ।

উত্তরঃ-

১) AC Generator এর Excitation সরবরাহ কাজে।
২) AC Generator হতে Load এর দূরত্ব যেখানে কম সেখানে
৩) Storage battery চার্জ করার কাজে।

◆ Generator এর প্যারালাল অপারেশনের সুবিধা লিখ।

উত্তরঃ-

১) সর্বোচ্চ মানের দক্ষতা পাওয়া যায়।
২) গ্রাহকের সার্বক্ষনিক সাপ্লাই নিশ্চিত করা যায়।
৩) মেরামত ও ওভার হোলিং এর সুবিধা
৪) ভবিষ্যৎ এ লোড এর সম্প্রসারন সুবিধা।

পাওয়ার স্টেজ (Power Stage)

ইফিসিয়েন্সি :

জেনারেটরের ইফিসিয়েন্সি = বানিজ্যিক ইফিসিয়েন্সি = *Over all Efficiency*,

$$\eta_c = \frac{C}{A} = \frac{\text{লোড পাওয়ার}}{\text{যান্ত্রিক ইনপুট পাওয়ার}}$$


ম্যাকানিক্যাল ইফিসিয়েন্সি,

$$\eta_m = \frac{B}{A} = \frac{E_g I_a}{\text{যান্ত্রিক ইনপুট পাওয়ার/প্রাইম মুভারের আউটপুট}}$$

ইলেকট্রিক্যাল ইফিসিয়েন্সি .

$$\eta_e = \frac{C}{B} = \frac{VI}{EgI_a} = \frac{Load\ Power}{Armature\ \ Power}$$

সাধারনত জেনারেটরের ইফিসিয়েন্সি বলতে বানিজ্যিক ইফিসিয়েন্সিকে বুঝানো হয়।



জেনারেটরের সর্বোচ্চ দক্ষতার শর্ত :

$$\text{দক্ষতা, } \eta = \frac{\text{আউটপুট}}{\text{ইনপুট}}$$

জেনারেটরের আউট পুট = VI Watt

জেনারেটরের ইনপুট = আউটপুট + লস সমূহ।

$$= VI_L + I_a^2R_a + W_c$$

$$= VI_L + (I_L + I_{sh})^2R_a + w_c$$

$$= VI_L + I_L^{\ 2}R_a + W_c \quad [\because I_{sh} = Negligible]$$

$$\eta = \frac{VI_L}{VI_L + I_L^{\ 2}R_a + W_c} = \frac{1}{1 + \frac{I_L \times R_a}{V} + \frac{W_C}{VI_L}}$$

সর্বোচ্চ দক্ষতার জন্য

$$\frac{d}{dI_L}\left(1 + \frac{I_L R_a}{V} + \frac{W_c}{VI_a}\right) = 0$$

$$\Rightarrow 0 + \frac{R_a}{V} - \frac{W_c}{VI_L^{\ 2}} = 0$$

$$\therefore I_L^2R_a = W_c$$

ভেরিয়েবল লস = কনস্ট্যান্ট লস

ইহাই সর্বোচ্চ দক্ষতার শর্ত


♦ আর্মেচার ওয়াইন্ডিং :

নকশা অনুযায়ী আর্মেচার কন্ডাকটরকে আর্মেচারের খাঁজের মধ্যে বসানোকে আর্মেচার ওয়াইন্ডিং বলে। ইহা দুই প্রকার

১। ল্যাপ ওয়াইন্ডিং


২। ওয়েভ ওয়াইন্ডিং

১। ল্যাপ ওয়াইন্ডিং : পরিবাহীর যে সংযোগ আর্মেচারের পশ্চাৎ দিকে আগাইয়া যায় কিন্তু সম্মুখ দিকে পিছাইয়া আসে তাকে ল্যাপ ওয়াইন্ডিং বলে।



ব্যবহার : কম ভোল্টেজে অধিক কারেন্ট উৎপন্ন করার ক্ষেত্রে ল্যাপ ওয়াইন্ডিং ব্যবহার করা হয়।

২। ওয়েভ ওয়াইন্ডিং : পরিবাহীর যে ওয়াইন্ডিং (সংযোগ) আর্মেচারের পশ্চাৎ ও সম্মুখ উভয় দিকে ক্রমাগত অগ্রসর হইতে থাকে তাকে ওয়েভ ওয়াইন্ডিং বলে।



ব্যবহার : যেখানে কম কারেন্টে বেশি ভোল্টেজ উৎপন্ন করা প্রয়োজন সেখানে ওয়েভ ওয়াইন্ডিং ব্যবহার করা হয়।

♦ ল্যাপ এবং ওয়েভ ওয়াইন্ডিং এর পার্থক্য :

ল্যাপ ওয়াইন্ডিং	ওয়েভ ওয়াইন্ডিং
১। পরিবাহীর যে সংযোগ পশ্চাৎ দিকে আগাইয়া যায় এবং সম্মুখ দিকে পিছাইয়া আসে তাকে ল্যাপ ওয়াইন্ডিং বলে।	১।পরিবাহীর যে সংযোগ আর্মেচারের পশ্চাৎ ও সম্মুখ উভয় দিকেই অগ্রসর হয় তাকে ওয়েভ ওয়াইন্ডিং বলে।
২। ব্যাক পিচ ও ফ্রন্ট পিচ সমান হতে পারে না।	২। ব্যাক পিচ ও ফ্রন্ট পিচ সমান হতে পারে।
৩। প্যারালাল পথের সংখ্যা পোলের সংখ্যার সমান।	৩। প্যারালাল পথের সংখ্যা দুই।
৪। যে কোন সংখ্যক জোড়া	৪। যে কোন জোড় সংখ্যক পরিবাহীর সাহায্যে এই ওয়াইন্ডিং

২। সেপারেটলি এক্সাইটেড (Separately excited) জেনারেটর।

সেলফ এক্সাইটেড জেনারেটরকে তিন ভাগে ভাগ করা যায়ঃ

১। শান্ট (Shunt)জেনারেটর।

২। সিরিজ (Series)জেনারেটর।


৩। কম্পাউন্ড (Compound)জেনারেটর।

কম্পাউন্ড জেনারেটরকে আবার তিন ভাগে ভাগ করা যায়ঃ

১। শর্ট শান্ট (Short Shunt) কম্পাউন্ড জেনারেটর।


২। লং শান্ট (Long Shunt) কম্পাউন্ড জেনারেটর।

♦ সেপারেটলি এক্সাইড জেনারেটর ঃ



$E_g = V_T + I_a R_a$

♦ শান্ট জেনারেটর ঃ




$E_g = V_T + I_a R_a$

$= I_{sh} R_{sh} + I_a R_a$

$I_a = I_L + I_{sh}$


♦সিরিজ জেনারেটরঃ



$E_g = V_T + I_a (R_a + R_{se})$

$I_a = I_L$

♦শর্ট শান্ট জেনারেটরঃ




$E_g = V_T + I_a R_a + I_L R_{se}$

$= I_{sh} R_{sh} + I_a R_a$

$I_a = I_{sh} + I_L$

♦লং শান্ট জেনারেটরঃ



$E_g = V_T + I_a R_a + I_a R_{se}$

$= I_{sh} R_{sh} + I_a(R_a + R_{se})$

♦ ডিসি জেনারেটর এর লস সমূহ (Losses of DC Generator)

A. কপার লস।

(i) আর্মেচার কপার লস ($I_a^2R_a$)

(ii) শান্ট ফিল্ড কপার লস ($I_{sh}^2R_{sh}$)

(iii) সিরিজ ফিল্ড কপার লস ($I_a^2R_{se}$)

(iv) ব্রাশ কন্টাক্ট রেজিস্ট্যান্স কপার লস ($I_a^2R_b$)

B. ম্যাগনেটিক লস বা কোর লস (কোরে হয়ে থাকে)

(i) হিসটেরেসিস লস।

(ii) এডি কারেন্ট লস

C. মেকানিক্যাল লস

(i) ব্রাশ এবং বিয়ারিং এ ঘর্ষন জনিত লস

(ii) উইন্ডেজ লস

♦ **স্ট্রে (Stray) লস** : Magnetic loss এবং Mechanical loss কে একত্রে Stray loss বলে।

Stray loss = Magnetic loss + Mechanical loss

♦ **ভেরিয়েবল লস ঃ** আর্মেচার কপার লস অথবা আর্মেচার কপার লস ও সিরিজ ফিল্ড কপার লসকে একত্রে ভেরিয়েবল লস বলা হয়।

Variable loss = $I_a^2R_a$

Variable loss = $I_a^2(R_a + R_{se})$


♦ **কনস্ট্যান্ট লস (Constant loss)** : Shunt field Copper loss এবং Stray loss কে একত্রে Constant loss বলে।

Constant loss = $I_{sh}^2R_{sh}$ + Stray loss

Total losses = Variable loss + Constant loss

$= I_a^2(R_a + R_{se}) + (I_{sh}^2R_{sh} + Stray\ loss)$

অবস্থায় কয়েলে সর্বোচ্চ পরিমান emf উৎপন্ন হয়। এই ভাবে ৫নং অবস্থানে কয়েলে শূন্য ৭নং অবস্থানে ঋণাত্মক সর্বোচ্চ emf উৎপন্ন হয়। উৎপন্ন ভোল্টেজের প্রতিটি তাৎক্ষনিক মানকে যদি গ্রাফে দেখানো হয় তবে ভোল্টেজের একটি সাইনোসয়ডাল ওয়েভ পাওয়া যাবে যাহা নিচের চিত্রে দেখানো হয়েছে



◆ ডিসি জেনারেটরের বিভিন্ন অংশ (Parts of Dc Generator) [DUET: 05-06]

১। ইয়োক বা ফ্রেম (Yoke or Frame)
২। পোল কোর এবং পোল সু (Pole core and pole Shoe)
৩। পোল কয়েল বা ফিল্ড কয়েল (Pole coil or Field coil)
৪। আর্মেচার কোর (Armature core)
৫। আর্মেচার ওয়াইন্ডিং (Armature Winding)
৬। কম্যুটেটর (Commutator)
৭। ব্রাশ এবং বিয়ারিং (Brush & Bearing)

◆ কম্যুটেটর এবং ব্রাশ (Commutator & Brush) [DUET: 05-06]

কম্যুটেটর ঃ রেকটিফায়ারের মত কম্যুটেটর এসিকে ডিসিতে রূপান্তর করে অর্থাৎ আর্মেচারের কন্ডাকটরে উৎপন্ন অল্টারনেটিং কারেন্টকে এক মুখী কারেন্টে রূপান্তর করে বাহিরের বর্তনীতে সরবরাহ করে। শক্ত তামার পাত বা বার (Sagment) পরপর সাজাইয়া বেলুনাকারে কম্যুটেটর তৈরী করা হয়। পরস্পর দুইটি সেগমেন্ট মাইকা শীটের ইন্সুলেশন দ্বারা পৃথক থাকে। আর্মেচারের প্রতিটি কন্ডাকটরকে আলাদা আলাদা সেগমেন্টে ঝালাই করে কম্যুটেটরটি শক্ত ভাবে শ্যাফটের সাথে আটকানো হয়। ঘুরন্ত অবস্থায় আর্মেচারে উৎপন্ন কারেন্ট কম্যুটেটরের সেগমেন্ট এবং ব্রাশের মাধ্যমে বাহিরের বর্তনীতে যায়।

ব্রাশ (Brush) ঃ ঘুরন্ত কম্যুটেটর হতে আর্মেচারে উৎপন্ন কারেন্ট সংগ্রহ করে বাহিরের বর্তনীতে সরবরাহ করাই ব্রাশের প্রধান কাজ। ব্রাশ হিসাবে কার্বন অথবা গ্রাফাইটের আয়তাকার বার ব্যবহার করা হয়। বেশির ভাগ ক্ষেত্রেই গ্রাফাইটের তুলনায় কার্বন ব্রাশ ব্যবহার করা হয়, যদিও কার্বন একটি অধাতু এবং এর রেজিস্ট্যান্স তামার তুলনায় অনেক বেশি কিন্তু কিছু অতিরিক্ত সুবিধার জন্য কার্বনকেই ব্রাশ হিসাবে ব্যবহার করা হয়।

◆ ব্রাশ হিসাবে কার্বনের সুবিধা ঃ

১। কম্যুটেটরের সহিত ঘর্ষনের ফলে কার্বনের ক্ষয় কম হয়।
২। কার্বনের টেম্পারেচার কো ইফিসিয়েন্ট নেগেটিভ অর্থাৎ তাপমাত্রা বেড়ে গেলে রেজিস্ট্যান্স কমে যায়।
৩। ব্রাশ গ্রাফাইটের হলে প্রতি ব্রাশে 0.5 volt drop হবে।

◆ ডিসি জেনারেটরের ই,এম,এফ সমীকরন : (EMF equation of DC Generator)

ধরি,
φ = প্রতি পোলে ফ্লাক্স
Z = আর্মেচারের পরিবাহীর সংখ্যা
P = পোলের সংখ্যা
N = প্রতি মিনিটে আর্মেচারের ঘুর্নন
A = আর্মেচারের প্যারালাল পথের সংখ্যা
Eg = আর্মেচারের প্রতি প্যারালাল পথে উৎপন্ন ভোল্টেজ

ফ্যারাডের ইলেকট্রো ম্যাগনেটিক ইন্ডাকশন সূত্রানুসারে আমরা জানি,
উৎপন্ন ই,এম,এফ = রেট অফ চেন্জ অফ ফ্লাক্স

অর্থাৎ, প্রতি পরিবাহীতে উৎপন্ন ই,এম,এফ = $\frac{d\varphi}{dt}$ volt.

এখন, প্রতি ঘুর্ননে ফ্লাক্সের পরিবর্তন, $d\varphi = \varphi P$

এবং প্রতি ঘুর্ননের জন্য সময় = $\frac{1}{N}$ মিনিট = $\frac{1}{N} \times 60$ sec.

সুতরাং প্রতি ঘুর্ননের জন্য প্রতিটি পরিবাহীতে উৎপন্ন

$$E.M.F = \frac{\varphi P}{60/N} \text{ volt}$$

ফ্লাক্সের পরিবর্তনের হার

অর্থাৎ প্রতি পরিবাহীতে উৎপন্ন, $E.M.F = \frac{\varphi PN}{60}$ volt

আবার, প্রতিটি প্যারালাল পথে পরিবাহীর সংখ্যা = $\frac{Z}{A}$

সুতরাং জেনারেটর এর আর্মেচারে উৎপন্ন ভোল্টেজ

$$Eg = \frac{\varphi ZN}{60} \times \left(\frac{P}{A}\right)$$

যেখানে, Lap Winding এর জন্য A=P

এবং Wave Winding এর জন্য A=2

◆ ডিসি জেনারেটর এর প্রকার ভেদ (Types of DC Generator) : [DUET: 09-10]

ডিসি জেনারেটরকে প্রধানত দুই ভাগ করা হয়েছে ঃ
১। সেলফ এক্সাইটেড (Self excited) জেনারেটর।

DC MACHINES

Preliminary Knowledge

ফ্লেমিং এর ডান/দক্ষিন হস্ত (Right hand rule) ও বাম হস্ত বিধি (Left hand rule) লিখ।

উত্তর ঃ ডান/দক্ষিন হস্ত (Right hand rule) ঃ দক্ষিন/ডান হস্তের বৃদ্ধাঙ্গুলি, তর্জনী এবং মধ্যমাকে পরস্পর সমকোণে রেখে বিস্তৃত করলে যদি তর্জনী চৌম্বক বলরেখা, বৃদ্ধাঙ্গুলি পরিবাহীর গতির অভিমুখ নির্দেশ করে, তাহলে মধ্যমা পরিবাহীতে প্রবাহিত কারেন্টের দিক নির্দেশ করবে।

বাম হস্ত বিধি (Left hand rule) ঃ বাম হস্তের তর্জনী, মধ্যমা এবং বৃদ্ধাঙ্গুলিকে পরস্পর সমকোণে স্থাপন করলে যদি তর্জনী চৌম্বকক্ষেত্র ও মধ্যমা বিদ্যুৎ প্রবাহের দিক নির্দেশ করে তাহলে বৃদ্ধাঙ্গুলি পরিবাহীর গতির অভিমুখ নির্দেশ করবে।

♦ লেনৃজের সূত্রটি লিখ।

